hands belonging to the said defendant, or debts, as the case may be, describing them] and that the said be and hereby prohibited and restrained, until the further order of this Court, from making payment of the said [*money, &c.*], or any part thereof, to any person whomsoever.

GIVEN under my hand and the seal of the Court, this day of 18 .

L. S.

Judge.

No. 163.

ATTACHMENT BEFORE JUDGMENT.

PROHIBITORY ORDER, WHERE THE PROPERTY CONSISTS OF SHARES IN A PUBLIC COMPANY, &c.

Section 487 of the Code of Civil Procedure.

IN THE COURT OF AT

Civil Regular No. *of* 18 .

A. B., of

against

C. D., of

To *defendant* and

to

Manager of *Company.*

IT is ordered that , the defendant, be and hereby prohibited and restrained, until the further order of the Court, from making any transfer of shares being in the aforesaid Company, or from receiving payment of any dividends thereof, and you , Manager of the said Company, are hereby prohibited and restrained from permitting any such transfer, or making any such payment.

GIVEN under my hand and the seal of the Court, this day of 18

L. S.

Judge.

No. 164.

NOTICE OF APPLICATION FOR INJUNCTION.

Section 497 of the Code of Civil Procedure.

IN THE COURT OF AT

Civil Regular No. *of* 18 .

A. B., of

against

C. D., of

TAKE notice that I, *A. B.*, intend to apply at the sitting of the Court at aforesaid, on the day of for an injunction to restrain *C. D.* from further prosecuting a suit which he has commenced against me in to recover damages for the breach of the contract for the specific performance of which this suit was commenced [*or* to restrain him from receiving and giving discharges for any of the debts due to the partnership in the matter of the partnership between us for the winding up of which the suit was commenced, *or* from digging the turf from the land which was agreed to be sold by him to me by the agreement, the specific performance of which this suit is commenced to enforce, *or as the case may be*].

Dated this day of 18 .

A. B.

To *C. D.*

[*N. B.—Where the injunction is to be applied for against a party, whose name and address does not appear upon any proceeding already filed in the suit, it must be stated in full to enable the proper officer to serve the notice*].

বারণ করিবার আজ্ঞা হইল ও এতৎক্রমে তাঁহাকে নিষেধ ও বারণ করা গেল, এবং এই আদালতের অন্য আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত উক্ত শ্রী অমুকের প্রতি সেই [ধর্ম্মাদি] কি তাহার কোন অংশ কোন ব্যক্তিকেই দিবার নিষেধ ও বারণ করিতে আজ্ঞা হইল ও এতৎক্রমে নিষেধ ও বারণ করা গেল।

আমার স্বাক্ষর ও এই আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

জজ।

---

১৬৩ নম্বর।

ডিক্রী হওয়ার পূর্ব্বে ক্রোক।

প্রকাশ্য কোম্পানির শ্যার লইয়া সম্পত্তি হইলে, নিষেধ সূচক আজ্ঞা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৮৭ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুক সালের দেওয়ানী জাবেতামত নং মোকদ্দমা।

অমুক স্থানবাসি শ্রীঅমুক বাদী।
অমুক স্থানবাসি শ্রীঅমুক প্রতিবাদী।

প্রতিবাদী শ্রীঅমুক ও
অমুক কোম্পানির কার্য্যাধ্যক্ষ শ্রীঅমুক সমীপেষু।

উক্ত অমুক কোম্পানিতে প্রতিবাদি শ্রীঅমুকের যে অমুক২ শ্যার আছে, এই আদালতের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তাঁহার প্রতি উক্ত শ্যার হস্তান্তর করিতে কিম্বা উক্ত শ্যারের ডিবিডেণ্ড গ্রহণ করিতে নিষেধ ও বারণ করিবার আজ্ঞা হইল এবং এতৎক্রমে তাঁহাকে নিষেধ ও বারণ করা গেল, ও উক্ত কোম্পানির কার্য্যাধ্যক্ষ তোমার প্রতি ঐ শ্যার হস্তান্তর করিবার ও ঐ ডিবিডেণ্ড দিবার অনুমতি দিতে নিষেধ ও বারণ করা গেল।

আমার স্বাক্ষর ও এই আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

জজ।

১৬৪নম্বর।

নিষেধসূচক আজ্ঞা পাইবার প্রার্থনার নোটিস।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৯৭ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুক স্থানবাসি শ্রীআনন্দ বাদী।
অমুক স্থানবাসি শ্রীচন্দ্র প্রতিবাদী।

শ্রীচন্দ্র যে চুক্তিমত কার্য্য সাধন করাইবার জন্যে এই মোকদ্দমা উপস্থিত করিলেন, সেই চুক্তি তদ্ভিন্ন হাজিপুরণের টাকা আদায় করিবার জন্যে অমুক আদালতে আমার নামে যে মোকদ্দমা উপস্থিত করিয়াছেন অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে উক্ত আদালতের অধিবেশন হইলে তাঁহার প্রতি সেই মোকদ্দমা আর চালাইতে নিষেধ করা যায়, [কিম্বা আমাদের মধ্যে যে অংশিত্ব কার্য্য নিষ্পত্তি করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেল, তাঁহাকে সেই অংশিত্ব সম্পর্কীয় কার্য্যের কোন ঋণ গ্রহণ করিতে কি তাহার মুক্তিপত্র দিতে, কিম্বা, যে নিয়মপত্রানুযায়ি কার্য্য সম্পাদন করাইবার নিমিত্ত এই মোকদ্দমা উপস্থিত করা গেল তদনুসারে তিনি আমার নিকট যে ভূমি বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন তাহার দামের চাপড়া তুলিয়া লইতে তাঁহাকে বারণ করা যায়] আমি শ্রী আনন্দ এই মর্ম্মের প্রার্থনা করিতে কল্পনা করিলাম ইহার নোটিস দেওয়া গেল।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে।

শ্রীআনন্দ।

শ্রীচন্দ্র সমীপেষু।

[দ্রষ্টব্য কথা।—মোকদ্দমায় উপস্থিত করা কোন দরখাস্তির মধ্যে যাঁহার নাম ও ধামাদি লেখা যায় নাই এমত ব্যক্তির নামে সেই নিষেধ আজ্ঞা দিবার প্রার্থনা হইলে, উপযুক্ত কার্য্যকারক যেন নোটিস জারী করিতে পারেন এই কারণে তাঁহার সম্পূর্ণ নামাদি লিখিতে হইবে।]

No. 165.

Bond to be given by Receiver.

Section 501 of the Code of Civil Procedure.

In the Court of AT

Civil Regular No. *of* 18 .

A. B., of

against

C. D., of

Know all men by these presents, that we, *A. B.* of, &c., and *C. D.* of, &c., and *E. F.* of, &c., are jointly and severally bound to *G. H.*, Registrar of the Court of in rupees, to be paid to the said *G. H.* or his attorney, executors, administrators, or assigns. For which payment to be made we bind overselves, and each of us, in the whole, our, and each of our heirs, executors, and administrators, jointly and severally, by these presents.

Dated this day of one thousand eight hundred and

And whereas a plaint has been filed in this Court by *A. B.* against *C. D.* for the purpose of (*here insert object of suit*).

And whereas the said *A. B.* has been appointed, by order of the above-mentioned Court to receive the rents and profits of the immoveable property, and to get in the outstanding moveable property of *C. D.*, the testator in the said plaint named.

Now the condition of this obligation is such, that if the above-bounden *A. B.* shall duly account for all and every the sum and sums of money which he shall so receive on account of the rents and profits of the immoveable property, and in respect of the moveable property of the said *C. D.* [*or* as may be] at such periods as the said Court shall appoint, and shall duly pay the balances which shall from time to time be certified to be due from him as the said Court hath directed or shall hereafter direct, then this obligation shall be void, otherwise shall remain in full force.

A. B. (L. S.)

C. D. (L. S.)

Signed and delivered by the above-bounden in the presence of

Note.—*If deposit of money be made, the memorandum thereof should follow the terms of the condition of the bond.*

FORM No. 166.

Order of Reference to Arbitration under agreement of parties.

Section 507 of the Code of Civil Procedure.

In the Court of AT

Civil Regular No. *of* 18.

A. B., of

against

C. D., of

To

Whereas the above-mentioned plaintiff and defendant have agreed to refer the matters in difference between them in the above suit to your arbitration and award, you are hereby appointed accordingly to determine all the said matters in difference between the parties, and with power, by consent of the parties, to determine which party shall pay the costs of this reference.

You are required to deliver your award in writing to this Court on or before the day of 18 , or such other day as this Court may further fix.

Process to compel the attendance before you of any witnesses, or for the production of any documents which you may desire to examine or inspect, will be issued by this Court on our application, and you are empowered to administer to such witnesses oath or affirmation.

A sum of rupees, being your fee in the above suit, is herewith forwarded.

Given under my hand and the seal of the Court, this day of 18.

L. S.

Judge.

১৬৫ নম্বর।

গ্রাহকের বিরুদ্ধপত্র।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫০১ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

দেওয়ানী আবেদামত নং মোকদ্দমা।

অমুক স্থানবাসি শ্রীআনন্দ বাদী।
অমুক স্থানবাসি শ্রীচন্দ্র প্রতিবাদী।

এই পত্রদ্বারা সকলেই অবগত হউন যে অমুক স্থানবাসি শ্রী আনন্দ ও অমুক স্থানবাসি শ্রীচন্দ্র ও অমুক স্থানবাসি শ্রীঈশান আমরা অমুক আদালতের রেজিষ্ট্রার শ্রীগণকে, কিম্বা তাঁহার উপিদিগকে কি উহলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকদিগকে, কি দ্রব্যনিরূপণাধিকারিদিগকে কি আইনমতদিগকে একত্র ও স্বতন্ত্র এত টাকা দিতে বদ্ধ হইলাম। আর সেই টাকা দেওনার্থে আমরা এই পত্রদ্বারা আপনাদিগকে সাকল্যে ও আপনাদের প্রত্যেক জনকে ও প্রত্যেকজনের উত্তরাধিকারিদিগকে ও উহলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকদিগকে ও দ্রব্যনিরূপণাধিকারিদিগকে একত্র ও স্বতন্ত্ররূপে বদ্ধ করিলাম।

আঠার শত অমুক সালের অমুক মাসের অমুক তারিখ।

আরো শ্রীআনন্দ এই আদালতে অমুক অভিপ্রায়ে (এই স্থলে মোকদ্দমার অভিপ্রায় ব্যক্ত করিতে হইবে) শ্রীচন্দ্রের নামে আবেদনপত্র উপস্থিত করিয়াছেন,

আরো পূর্ব্বোক্ত আদালতের আজ্ঞাক্রমে উক্ত আবেদনপত্রের উল্লিখিত শ্রীচন্দ্রের স্থাবর সম্পত্তির খাজানা ও উপস্বত্ব আদায় করণার্থে ও তাঁহার প্রাপ্য অস্থাবর সম্পত্তি আদায় করণার্থে উক্ত শ্রীআনন্দকে নিযুক্ত করা গিয়াছে।

এইক্ষণে এই বিরুদ্ধপত্রের নিয়ম এই যে, উক্ত প্রকারে বদ্ধ শ্রীআনন্দ উক্ত শ্রীচন্দ্রের স্থাবর সম্পত্তির খাজানা ও উপস্বত্ব বলিয়া ও তাঁহার অস্থাবর সম্পত্তির নিমিত্ত যত টাকা কিম্বা বিষয় বিশেষে যাহা প্রাপ্ত হয়, উক্ত আবেদনপত্রের নিরূপিত সময়ে২ সেই সকল টাকার উপযুক্ত হিসাব দিলে ও সময়ে২ তাঁহার স্থানে পাওনা বলিয়া যত টাকার সর্টিফিকট দেওয়া যায় আদালত যে আদেশ করিয়াছেন কি পশ্চাৎ করিবেন তদনুসারে সেই টাকা উপযুক্তমতে দিলে, এই বিরুদ্ধপত্র ব্যর্থ হইবে নতুবা সম্পূর্ণরূপে প্রবল থাকিবে।

শ্রীআনন্দ (মোহর।)
শ্রীচন্দ্র (মোহর।)

অমুকের সাক্ষাৎ পূর্ব্বোক্তরূপ বদ্ধ ব্যক্তিদের দ্বারা স্বাক্ষর করিয়া দেওয়া গেল।

মন্তব্য।—টাকা আমানৎ হইয়া থাকিলে, উক্ত বিরুদ্ধপত্রের বিষয়সূচক কথার পরে ঐ আমানতী টাকার স্মারকলিপি লিখিতে হইবে।

---

১৬৬ নম্বর।

উভয় পক্ষের সম্মতিক্রমে সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫০৭ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুক সালের দেওয়ানী আবেদামত নং মোকদ্দমা।

অমুক স্থানবাসি শ্রীঅমুক বাদী।
অমুক স্থানবাসি শ্রীঅমুক প্রতিবাদী।

শ্রীঅমুক সমীপেষু।

উক্ত মোকদ্দমার পূর্ব্বোক্ত বাদী ও প্রতিবাদী যে বিষয় লইয়া বিবাদ করিতেছেন তাহা একবাক্য হইয়া তোমার বিবেচনায় ও মীমাংসায় নিষ্পত্তি অর্পণ করিতে স্থির করিয়াছেন, তদনুসারে উক্ত উভয় পক্ষের বিবাদীয় সকল বিষয় নির্ণয় করণার্থে তোমাকে নিযুক্ত করা গেল ও সালীসীতে অর্পণ করণের খরচ যে পক্ষের দিতে হইবে উভয় পক্ষের সম্মতিক্রমে ইহা নির্ণয় করিবার ক্ষমতা তোমাকে দেওয়া গেল।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বা তৎপূর্ব্বে কিম্বা এই আদালত অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে তোমার মীমাংসা লিখিত হইয়া এই আদালতে অর্পণ করিতে তোমার প্রতি আদেশ হইল।

কোন সাক্ষিদের সাক্ষ্য লওয়ার কি দলীল দেখিবার প্রয়োজন হইলে, এই আদালতে প্রার্থনা করিলে ঐ সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার কিম্বা দলীল আনাইবার পরওয়ানা এই আদালতহইতে দেওয়া যাইবে, ও তুমি ঐ সাক্ষিদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে ক্ষমতাপন্ন আছ।

উক্ত মোকদ্দমার তোমার এত টাকা ফী ইহার সঙ্গে পাঠান যাইতেছে।

আমার স্বাক্ষর ও আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

জজ।

No. 167.

Order of Reference to Arbitration by Court, with consent.

Section 507 of the Code of Civil Procedure.

In the Court of at

Civil Regular No. *of* 18 .

A. B., of

against

C. D., of

Upon reading a petition of the plaintiff, filed this day, and on the consent of for the defendant, and upon hearing for the plaintiff and for the defendant, it is ordered, by and with the consent of all the parties, that all matters in difference in this suit, including all dealings and transactions between all parties, be referred to the final determination of , who is to make his award in writing and submit the same to this Court, together with all proceedings, depositions, and exhibits in this suit, within one month from the date hereof. And it is ordered further, by and with the like consent, that the said arbitrator is to be at liberty to examine the parties and their witnesses upon oath or affirmation, which he is empowered to administer, and that the said arbitrator shall have all such powers or authorities as are vested in arbitrators under the Code of Civil Procedure, including therein power to call for all books of account that he may consider necessary. And it is further ordered, by and with the like consent, that the costs of this suit, together with the costs of reference to arbitration, up to and including the award of the said arbitrator, and the enforcement thereof, do abide the result of the finding of the said arbitrator And it is further ordered, by and with the like consent, that the said arbitrator be at liberty to appoint a competent accountant to assist him in the investigation of the several matters referred to him as aforesaid, and that the remuneration of such accountant and other charges attending thereto be in the discretion of the said arbitrator.

Given under my hand and the seal of the Court, this day of 18 .

L. S.

Judge.

No. 168.

Summons in Summary Suit on Negotiable Instrument.

Section 534 of the Code of Civil Procedure.

No. OF SUIT.

In the High Court of at

Plaintiff.

Defendant.

To [*Here enter the defendant's name, description, and address*].

Whereas [*here enter the plaintiff's name, description, and address*] has instituted a suit in this Court against you under Chapter XLII of the Code of Civil Procedure for rupees principal and interest [*or* rupees balance of principal and interest] due to him as the Payee [*or* Indorsee] of a Bill of Exchange [*or* Hundi *or* Promissory Note] of which a copy is hereto annexed, you are hereby summoned to obtain leave from the Court within seven days from the service hereof, inclusive of the day of such service, to appear and defend the suit, and within such time to cause an appearance to be entered for you. In default whereof the plaintiff will be entitled at any time after the expiration of such seven days to obtain a decree for any sum not exceeding the sum of rupees [*here state the sum claimed*] and the sum of rupees for costs.

Leave to appear may be obtained on an application to the Court supported by affidavit or declaration showing that there is a defence to the suit on the merits, or that it is reasonable that you should be allowed to appear in the suit.

[*Here copy the Bill of Exchange, Hundi or Promissory Note, and all endorsements upon it.*]

No. 169.

Memorandum of Appeal.

Section 549 of the Code of Civil Procedure.

Memorandum of Appeal.

(*Name, &c., as in Register.*) Plaintiff—Appellant.

(*Name, &c., as in Register.*) Defendant—Respondent.

[*Name of Appellant*], Plaintiff [*or* Defendant] above-named appeals to the High Court at [*or* District Court at , as the case may be] against the decree of in the above suit, dated the day of , for the following reasons namely, [*here state the grounds of objection.*]

১৬৭ নম্বর।

উভয় পক্ষের সম্মতিক্রমে আদালত কর্ত্তৃক সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫০৭ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুক সালের দেওয়ানী জাবেতামত নং মোকদ্দমা।

অমুক স্থানবাসি শ্রীঅমুক বাদী।

অমুক স্থানবাসি শ্রীঅমুক প্রতিবাদী।

বাদী অদ্য যে দরখাস্ত দাখিল করিয়াছেন তাহা পাঠ করণানন্তর প্রতিবাদীর পক্ষে শ্রীঅমুকের সম্মতিক্রমে, এবং বাদির পক্ষে শ্রীঅমুকের ও প্রতিবাদীর পক্ষে শ্রীঅমুকেরা কথ শুনিয়া উভয় পক্ষের অন্তর্গত সকল ব্যক্তির সম্মতিক্রমে ও সম্মতি সহিত, উভয় পক্ষের অন্তর্গত সকল ব্যক্তির কার্য্যব্যাপার ও দেনাদেনা সহিত এই মোকদ্দমার বিবাদীয় সকল বিষয় শ্রীঅমুকের চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিবার আজ্ঞা হইল। তিনি আপন মীমাংসা লিখিয়া এই পত্রের তারিখ অবধি এক মাসের মধ্যে মোকদ্দমা সংক্রান্ত সকল রবকারি ও সাক্ষ্য ও দস্তাবেজ সহিত আদালতে অর্পণ করিবেন। আরো পূর্ব্বোক্ত ব্যক্তিদের সম্মতিক্রমে ও সম্মতি সহিত এই আজ্ঞাও হইল যে, উক্ত সালিস শপথ বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে ক্ষমতাপন্ন হইয়া শপথ বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে উভয় পক্ষের ও তাঁহাদের সাক্ষিদের সাক্ষ্য লইতে পারিবেন, এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে সালিসদের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইল, উক্ত সালিসের সেই সকল শক্তি ও ক্ষমতা থাকিবে, তন্মধ্যে কোন হিসাব খাতা আনান আবশ্যক জ্ঞান করিলে তাহাও তাঁহার আনাইবার ক্ষমতা আছে। আরো উক্ত ব্যক্তিদের সম্মতিক্রমে এই আজ্ঞাও হইল, যে এই মোকদ্দমার খরচ, এবং উক্ত সালিসের মীমাংসা বা করণ পর্য্যন্ত ঐ মীমাংসাসুদ্ধ, সালীসীতে অর্পণ করিবার সমস্ত খরচ, ঐ সালীসের নির্ণয়ানুসারে নির্দ্ধারিত হইয়া তদনুসারে প্রদত্ত করা যাইবে। উক্ত ব্যক্তিদের সম্মতিক্রমে আরো এই আজ্ঞা হইল যে, পূর্ব্বোক্তমতে অর্পিত বিষয়ের অনুসন্ধান নওযকার্য্যে উক্ত সালিস আপনার সাহায্য করিবার জন্যে উপযুক্ত হিসাবি নিযুক্ত করিতে পারিবেন। ও সেই হিসাবির পারিশ্রমিক ও তৎসংক্রান্ত অন্যান্য খরচ উক্ত সালিসের বিবেচনামতে স্থির করা যাইবে।

আমার স্বাক্ষর ও এই আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর

জজ।

---

১৬৮ নম্বর।

যে বিদর্শনপত্রের ক্রয় বিক্রয় হইতে পারে তদ্বিষয়ক সরাসরী মোকদ্দমার সমন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫৩৪ ধারা।

মোকদ্দমার নম্বর।

অমুক স্থানের অমুক হাই কোর্টে। বাদী।

প্রতিবাদী।

শ্রীঅমুক [এই স্থানে প্রতিবাদির নাম ও বর্ণনা ও ঠিকানা লিখিতে হইবে] সমীপেষু।

শ্রীঅমুক [বাদির নাম ও বর্ণনা ও ঠিকানা এই স্থানে লিখিতে হইবে] বিল অফ এক্সচেঞ্জের (কি হুণ্ডীর কি প্রমিসরি নোটের) টাকা প্রাপণীয় [কিম্বা পৃষ্ঠলিপিক্রমে টাকা প্রাপণীয়] বলিয়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪২ অধ্যায়মতে এই আদালতে তোমার নামে আসল ও সুদ এত টাকা [কিম্বা আসলের বাকী ও সুদ এত টাকা] পাইবার মোকদ্দমা উপস্থিত করিয়াছেন। ঐ হুণ্ডী [প্রভৃতির] সকল নিম্নভাগে দেওয়া যাইতেছে। অতএব এই সমন পাইবার দিন ধরিয়া সেই দিনাবধি সাত দিনের মধ্যে তোমার উপস্থিত হইয়া সেই মোকদ্দমার উত্তর দিবার জন্যে ও সেই সময়ের মধ্যে স্বয়ং কি উকীলের দ্বারা উপস্থিত হইবার জন্যে এই আদালতের অনুমতি প্রার্থনা করিতে তোমাকে এতৎক্রমে আহ্বান করা গেল। ইহাতে ত্রুটি হইলে, ঐ সাত দিন গত হইলে পর কোন সময়ে বাদির এত টাকার [যত টাকা দাওয়া করেন তাহা লিখিতে হইবে] অধিক ও খরচ বলিয়া এত টাকা পাইবার অধিকার থাকিবে।

আদালতে প্রার্থনা করিয়া, দোষ গুণ বিবেচনায় মোকদ্দমার উত্তর দেওয়া যাইতে পারিবে কিম্বা মোকদ্দমায় তোমাকে উপস্থিত হইবার অনুমতি দেওয়া যুক্তিসিদ্ধ, এই মর্ম্মের আফিডেবিট কি নির্দ্দেশবাক্য ঐ প্রার্থনাপত্রের পোষকতায় অর্পণ করিলে, তুমি উপস্থিত হইবার অনুমতি পাইতে পারিবা।

[বিল অফ এক্সচেঞ্জের কি হুণ্ডীর কি প্রমিসরি নোটের ও তাহার পৃষ্ঠলিখিত সকল কথার নকল এই স্থানে লিখিতে হইবে।]

---

১৬৯ নম্বর।

আপীলের দর্খাস্তকপত্র।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫৪৯ ধারা।

আপীলের দর্খাস্তকপত্র।

[রেজিষ্টরের লিখনমতে নাম প্রভৃতি] বাদী—আপেলাণ্ট।

[রেজিষ্টরের লিখনমতে নাম প্রভৃতি] প্রতিবাদী—রিস্পাণ্ডেণ্ট।

পূর্ব্বোক্তমতে অমুক আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের যে ডিক্রী হইয়াছিল, তাহার উপর উক্ত [আপেলাণ্টের নাম] বাদী [কি প্রতিবাদী] নিম্নলিখিত হেতুতে অমুক স্থানের হাইকোর্টে [কিম্বা অমুক জিলার আদালতে] আপীল করিতেছেন। [আপত্তির হেতু সকল এই স্থানে লিখিতে হইবে।]

No. 170.

REGISTER OF APPEALS.

Section 563 of the Code of Civil Procedure.

COURT (OR HIGH COURT) AT

REGISTER OF APPEALS FROM DECREES in the year 18 .

Date of Memorandum.	No. of appeal.	APPELLANT.			RESPONDENT.			DECREE APPEALED FROM.				APPEARANCE.			JUDGMENT.		
		Name.	Description.	Place of abode.	Name.	Description.	Place of abode.	Of what Court.	No. of Original Suit.	Particulars.	Amount or value.	Day for parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed, or altered.	For what, or Amount.

১৭০ নম্বর।

আপীলের রেজিষ্টর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫৬৩ ধারা।

অমুক স্থানের আদালত (কি, হাই কোর্ট।)

অমুক সালের ডিক্রীর উপর আপীলের রেজষ্টরি।

দর্খাস্ত পরের তারিখ	আপীলের নম্বর	আপেলাণ্ট			রিস্পাণ্ডেণ্ট			যে ডিক্রীর উপর আপীল হইল।				উপস্থিত হওয়ার কথা			নিষ্পত্তি।		
		নাম	বর্ণনা	বাসস্থান	নাম	বর্ণনা	বা সস্থান	যে আদালতের	আসল মোকদ্দমার নম্বর	বৃত্তান্ত	যত টাকার বা যত টাকা মূল্যের	উভয়পক্ষের উপস্থিত হইবার তারিখ	আপেলাণ্ট	রিস্পাণ্ডেণ্ট	তারিখ	স্থির করা বা অসিদ্ধ করা বা পরিবর্ত্তন করা গেল	যত টাকার বা যত টাকা মূল্যের

No. 171.

NOTICE TO RESPONDENT OF THE DAY FIXED FOR THE HEARING OF THE APPEAL.

Section 568 of the Code of Civil Procedure.

IN THE COURT OF AT

, *Appellant*, *versus* , *Respondent*.

Appeal from the of the Court of

dated the day of 18 .

Respondent.

To

TAKE notice that an appeal from the decree of in this case has been presented by and registered in this Court, and that the day of 18 has been fixed by this Court for the hearing of this appeal.

If no appearance is made on your behalf by yourself, your pleader, or by some one by law authorized to act for you in this appeal, it will be heard and decided *ex parte* in your absence.

GIVEN under my hand and the seal of the Court, this day of 18 .

L. S.

Judge.

NOTE.—If a stay of execution has been ordered, intimation should be given of the fact on this notice.

No. 172.

DECREE ON APPEAL.

Section 593 of the Code of Civil Procedure.

IN THE COURT OF AT

, *Appellant*, *versus* , *Respondent*.

Appeal from the of the Court of dated the day of 18 .

Memorandum of Appeal.

, *Plaintiff*.

, *Defendant*.

Plaintiff [*or* defendant] above-named appeals to the Court at against the decree of in the above suit, dated the day of 18 , for the following reasons, namely:

[*here state the reasons*].

This appeal coming on for hearing on the day of 18 , before , in the presence of for the Appellant, and of for the Respondent, it is ordered—

[*here state the relief granted*].

The costs of this appeal, amounting to rupees, are to be paid by . The costs of the original suit are to be paid by .

GIVEN under my hand and the seal of the Court, this day of 18 .

L. S.

১৭১ নম্বর।

রিস্পাণ্ডেণ্টের স্থানে আপীল শুনিবার বিরুদ্ধে ডিক্রীর দিবের মোটিস।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫৬৮ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

শ্রীঅমুক আপেলাণ্ট। শ্রীঅমুক রিস্পাণ্ডেণ্ট।

অমুক আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের ডিক্রীর উপর আপীল।

শ্রীঅমুক রিস্পাণ্ডেণ্ট সমীপেষু।

এই মোকদ্দমায় অমুক আদালতের শ্রীঅমুকের যে ডিক্রী হইয়াছিল, তাহার উপর শ্রীঅমুক আপীল উপস্থিত করিয়াছেন, সেই আপীল এই আদালতে রেজিষ্টরী করা গেল ও এই আদালত আপীল শুনিবার নিমিত্ত অমুক সালের অমুক মাসের অমুক তারিখ নির্দ্ধার্য্য করিলেন এই কথা জানিও।

তুমি কিম্বা তোমার উকীল, কিম্বা এই আপীলসম্পর্কে তোমার পক্ষে আইনমতে কার্য্য করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি উপস্থিত না হইলে তোমার অনুপস্থাতেও তাহা শ্রুত হইয়া নিষ্পত্তি করা যাইবে।

আমার স্বাক্ষর ও আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

জজ।

মন্তব্য।—ডিক্রী জারী স্থগিত হইবার আজ্ঞা হইয়া থাকিলে এই মোটিসে সেই কথাও জানাইতে হইবে।

১৭২ নং।

আপীলক্রমে ডিক্রী।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৫৯৩ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

শ্রীঅমুক আপেলাণ্ট। শ্রীঅমুক রিস্পাণ্ডেণ্ট।

অমুক আদালতের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের [ডিক্রী প্রভৃতির] উপর আপীল।

আপীলের মর্ম্মাত্মকপত্র।

বাদী।

প্রতিবাদী।

পূর্ব্বোক্ত মোকদ্দমায় শ্রীঅমুক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে ডিক্রী করেন তাহার উপর পূর্ব্বোক্ত বাদী [কি প্রতিবাদী] অমুক আদালতে এই২ কারণে আপীল করিলেন,—বিশেষতঃ

[কারণ সকল এই স্থলে লিখিতে হইবে।]

এই আপীল শ্রীঅমুকের সম্মুখে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে, আপেলাণ্টের পক্ষে শ্রীঅমুকের সাক্ষাৎ ও রিস্পাণ্ডেণ্টের পক্ষে শ্রীঅমুকের সাক্ষাৎ শুনা গিয়া, এই আজ্ঞা হইল যে,

[যে উপকার করা গেল তাহা এই স্থলে লিখিতে হইবে।]

এই আপীলের এত টাকা খরচ শ্রীঅমুকের দিতে হইবে।

আসল মোকদ্দমার খরচ শ্রীঅমুকের দিতে হইবে।

আমার স্বাক্ষর ও এই আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

জজ।

No. 173.

REGISTER OF APPEALS FROM APPELLATE DECREES.

Section 607 of the Code of Civil Procedure.

HIGH COURT AT

RRGISTER OF APPEALS FROM APPELLATE DECREES.

Date of Memorandum.	No. of Appeal.	APPELLANT.			RESPONDENT.			DECREE APPEALED FROM.				APPEARANCE.			JUDGMENT.		
		Name.	Description.	Place of abode.	Name.	Description.	Place of abode.	Of what Court.	No. of Original suit, and of Appeal.	Particulars.	Amount or Value.	Day for parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed, or altered.	For what, or Amount.

১৭৩ নম্বর।

আপীলী মোকদ্দমার ডিক্রীর উপর আপীলের রেজিষ্টর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬০৭ ধারা।

অমুক স্থানের হাই কোর্টে

আপীলী মোকদ্দমার ডিক্রীর উপর আপীলের রেজিষ্টর।

মর্ম্মাত্মকপত্রের তারিখ	আপীলের নম্বর	আপেলাণ্ট			রিস্পাণ্ডেণ্ট			যে ডিক্রীর উপর আপীল হয় তাহা				উপস্থিত হওয়ার কথা।			নিষ্পত্তি।		
		নাম	বর্ণনা	বাসস্থান	নাম	বর্ণনা	বাসস্থান	যে আদালতের	আসল মোকদ্দমার ও আপীলের নম্বর	বৃত্তান্ত	যত টাকার কি যত টাকা মূল্যের	উভয়পক্ষের উপস্থিত হইবার তারিখ	আপেলাণ্ট	রিস্পাণ্ডেণ্ট	তারিখ	স্থির করা কি অসিদ্ধ কি পরিবর্ত্তন করা গেল	যত টাকার বা যত টাকা মূল্যের।

No. 174.

NOTICE TO SHOW CAUSE WHY A REVIEW SHOULD NOT BE GRANTED.

Section 648 of the Code of Civil Procedure.

IN THE COURT OF AT

, *Plaintiff, versus* , *Defendant.*

To

TAKE notice that has applied to this Court for a review of its judgment passed on the day of 18 in the above case. The day of 18 is fixed for you to show cause why the Court should not grant a review of its judgment in this case.

GIVEN under my hand and the seal of the Court, this day of 18 .

L. S.

Judge.

No. 175.

NOTICE OF CHANGE OF PLEADER.

IN THE COURT OF AT

A. B., of

against

C. D., of

TO THE REGISTRAR OF THE COURT.

TAKE notice that I, *A. B.* [*or C. D.*], have hitherto employed, as my pleader, *G. H.* of in the above-mentioned cause, but that I have ceased to employ him, and that my present pleader is *J. K.* of

A. B. [or *C. D.*].

No. 176.

MEMORANDUM TO BE PLACED AT FOOT OF EVERY SUMMONS, NOTICE, DECREE, OR ORDER OF COURT, OR ANY OTHER PROCESS OF THE COURT.

Hours of attendance at the office of the Registrar [*place of office*] from *ten* till *four*, except on [*here insert the day on which the office will be closed*] when the office will be closed at *one*.

WHITLEY STOKES,

Secretary to the Government of India.

১৭৪ নম্বর।

পুনর্বালোচনা করিবার অনুমতি বা দেওয়ানের কারণ জানাইবার নোটিস।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৪৮ ধারা।

অমুক স্থানের অমুক আদালতে।

শ্রীঅমুক বাদী। শ্রীঅমুক প্রতিবাদী।

শ্রীঅমুক সমীপেষু।

এই আদালত পূর্ব্বোক্ত মোকদ্দমায় অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে নিষ্পত্তি করিলেন শ্রীঅমুক এই আদালতে তাহা পুনর্বালোচনা করিতে প্রার্থনা করিয়াছেন। এই মোকদ্দমায় এই আদালত আপন নিষ্পত্তির পুনর্বালোচনা করিবার অনুমতি বা দেওয়ানের এমত কারণ দর্শাইবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখ নির্দ্ধারিত হইল

আমার স্বাক্ষর ও আদালতের মোহরক্রমে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহর।

অমু।

১৭৫ নম্বর।

উকীল পরিবর্ত্তন হওয়ার নোটিস।

অমুক স্থানের অমুক আদালতে।

অমুক স্থানবাসি শ্রীআনন্দ বাদী

অমুক স্থানবাসি শ্রীচন্দ্র প্রতিবাদী

আদালতের রেজিষ্ট্রার সমীপেষু।

আমি শ্রীআনন্দ [বা শ্রীচন্দ্র,] পূর্ব্বোক্ত মোকদ্দমায় অমুক স্থানবাসি শ্রীঅমুককে আপন উকীল স্বরূপ নিযুক্ত করিয়াছিলাম, তিনি আর আমার উকীল নহেন, এইক্ষণে অমুক স্থানবাসি শ্রীঅমুক আমার উকীল আছেন এই কথা, জানা যায়।

শ্রীআনন্দ [বা শ্রীচন্দ্র

১৭৬ নম্বর।

আদালতের প্রত্যেক সমনের ও নোটিসের ও ডিক্রীর ও আজ্ঞাপত্রের ও আদালতের অন্য কোন পরওয়ানার অন্তভাগে এই স্মারকলিপি থাকিবে।

[অমুক স্থানের] রেজিষ্ট্রারের আফিস প্রতিদিন ১০ ঘণ্টা অবধি ৪টা পর্য্যন্ত খোলা থাকে, কিন্তু [অমুক দিনে অর্দ্ধ২ আফিস বন্ধ হইবার অমুক দিনে] ১টার সময়ে বন্ধ হইবে।

উইটলী ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এড্‌ইন্ আরল্ সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

Numb. 1944. ১১৪৪

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 31, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ৩১ অক্টোবর।

CONTENTS.

	PAGE.
PART I.—Resolutions, Orders, and Notifications of the Government of India ...	193—197
PART II.—Resolutions, Orders, and Notifications of the Lieut.-Governor of Bengal	1039—1057
PART III.—Acts of the Legislative Council of India	*Nil.*
PART IV.—Bills of the Legislative Council of India	67—111
PART V.—Acts of the Bengal Council	*Nil.*
PART VI.—Bills of the Bengal Council	*Nil.*
PART VII.—Circular Orders of the High Court and Board of Revenue ..	*Nil.*
PART VIII.—Advertisements	797—805

নির্ঘণ্ট।

	পৃষ্ঠা।
প্রথম খণ্ড।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি	১৯৩—১৯৭
দ্বিতীয় খণ্ড।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি ...	১০৩৯—১০৫৭
তৃতীয় খণ্ড।—ভারতবর্ষের আইন	নাই।
চতুর্থ খণ্ড।—ভারতবর্ষের আইনের পাণ্ডুলিপি ...	৬৭—১১১
পঞ্চম খণ্ড।—বঙ্গদেশের আইন	নাই।
ষষ্ঠ খণ্ড।—বঙ্গদেশের আইনের পাণ্ডুলিপি ...	নাই।
সপ্তম খণ্ড।—হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র	নাই।
অষ্টম খণ্ড।—ইশ্‌তিহার প্রভৃতি	৭৯৭—৮০৫

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.—PUBLIC.

Simla, the 16th October 1876.

No. 1607.—The Governor General in Council hereby declares that it is expedient that the Governor General shall visit certain parts of India unaccompanied by his Council. And in the exercise of the powers conferred by the Indian Councils Act, Section 6, the Governor General in Council hereby nominates Major-General the Hon'ble Sir H. W. Norman, K.C.B., to be President of the said Council during the time of such visit; and the powers of the Governor General in assemblies of the said Council during the time of such visit shall be reposed in the said Major-General the Hon'ble Sir H. W. Norman, except that of assenting to, or withholding his assent from, or reserving for the signification of Her Majesty's pleasure, any law or regulation as provided in the 24th and 25th Vic., Cap. 67. And the Governor General is authorized by this order made for that purpose alone to exercise all or any of the powers which may be exercised by the said Governor General in Council in every case in which the said Governor General may think it expedient to exercise the same, except the powers of making laws and regulations.

EXAMINATIONS.

The 19th October 1876.

No. 135.—Mr. J. Pratt, M.A., of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Bengali, has been presented with the authorized donation of Rs. 1,000.

ARTHUR HOWELL,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE.

NOTIFICATION.—CUSTOMS—INLAND.

Simla, the 18th October 1876.

No. 271.—The services of Mr. J. Geoghegan, B.C.S., are replaced at the disposal of the Government of Bengal with effect from the 26th ultimo.

T. C. HOPE,
Offg. Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.—GENERAL.

Simla, the 13th October 1876.

No. 2231G.—*Promotion.*—With reference to Notification in this Department, No. 1924G., dated 1st September 1876, Captain W. J. W. Muir to officiate as Political Agent, 1st Class, with effect from the date of assuming charge at Moorshedabad, *vice* Major Tweedie.

T. H. THORNTON,
Offg. Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 31*st October* 1876.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

সিমলা, ১৮৭৬ সাল ১৬ অক্টোবর।

১৬০৭ নম্বর।—শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্যদিগকে সঙ্গে লইয়া ভারতবর্ষের কোন২ স্থানে ভ্রমণ করা বিহিত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ইহা প্রকাশ করিলেন। ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইনের ৬ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি সেই ভ্রমণকালে মেজর জেনরল মান্যবর শ্রীযুত সর, এচ, ডবলিউ, নর্ম্মান্, কে, সি, বি, সাহেবকে উক্ত মন্ত্রিসভার সভাপতি পদে নিযুক্ত করিলেন। এবং শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ভ্রমণকালে, মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ৬৭ অধ্যায়ের আইনের বিধানমতে কোন আইন কি ব্যবস্থা প্রচলিত হওন বিষয়ে স্বীয় সম্মতি বা অসম্মতি প্রকাশ করণের কিম্বা শ্রীশ্রীমতীর বিবেচনার্থে অর্পণ করণের ক্ষমতাভিন্ন, উক্ত মন্ত্রিসভার অধিবেশন কালে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সমস্ত ক্ষমতা উক্ত মেজর-জেনরল মান্যবর শ্রীযুত সর, এচ, ডবলিউ, নর্ম্মান্ সাহেবের প্রতি প্রদান করা গেল। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত গবরনর জেনরল সাহেব আইন ও ব্যবস্থা প্রণয়নের ক্ষমতা ভিন্ন যে সকল কি যে কোন ক্ষমতামতে কার্য্য করা বিহিত বোধ করেন, উক্ত অভিপ্রায়ে প্রণীত এই আজ্ঞাপত্র দ্বারা তাঁহার প্রতি একাই সেই সকল কি অন্যতর ক্ষমতামতে কার্য্যকরিবার অনুমতি হইল।

পরীক্ষা বিষয়ক।

১৮৭৬ সাল ১৯ অক্টোবর।

১৩৫ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জে, প্রাট সাহেব, এম এ, বঙ্গভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ১০০০, টাকা পুরস্কার পাইলেন।

আর্থর হোয়েল,
ভরতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

রাজস্ব, কৃষি ও বাণিজ্যসংক্রান্ত কর্ম্মবিভাগ।

অভ্যান্তর দেশের কস্টমবিষয়ক,
বিজ্ঞাপন।

সিমলা ১৮৭৬ সাল ১৮ অক্টোবর।

২৭১ নম্বর।—শ্রীযুত জে, গিওগান সাহেব, বি, সি, এস, গত মাসের ২৬ তারিখ অবধি বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

টি, সি, হোপ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—সাধারণ।

সিমলা ১৮৭৬ সাল ১৩ অক্টোবর।

২২৩১G নম্বর।—পদবৃদ্ধির কথা।—মেজর শ্রীযুত ট্রাডি সাহেবের পরিবর্ত্তে এই কার্য্যবিভাগের ১৮৭৬ সালের ১ সেপ্টেম্বরের ১৯২৪G নং জ্ঞাপনপত্রোপলক্ষে কাপ্তান শ্রীযুত ডবলিউ, জে, ডবলিউ, ম্যার সাহেব, যে তারিখে মুরশিদাবাদে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি প্রথম শ্রেণীর পোলিটিকাল এজেণ্টের কর্ম্ম করিবেন।

টি, এচ, থর্ণটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অক্টোবর।]

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.—PAY AND ALLOWANCES.

Simla, the 20th October 1876.

No. 3511.—With reference to the Notification by the Government of India in the Financial Department, No. 2295, dated 25th April 1867, laying down a revised scale of consolidated pay for Uncovenanted Medical Officers when in medical charge of civil stations, the Hon'ble the President in Council is pleased to rule that service by an Uncovenanted Medical Officer in the permanent medical charge of the chief civil station of a district, or in other equivalent permanent medical charge, if rendered under that Notification, that is, from and after 25th April 1867, shall not, by any subsequent breaks, be forfeited in the reckoning of qualifying service towards the periodical increments of pay according to the scale prescribed in that Notification, unless a break be caused by removal for misconduct, in which case all antecedent service towards the periodical increments will be forfeited.

This rule applies also to Honorary Surgeons and other members of "Apothecary" class employed in independent medical charge of civil stations who, under the ruling in paragraph 28 of the General Order by the Government of India in the Military Department, No. 550, dated 5th June 1868, are entitled to receive pay in accordance with the scale laid down in the Notification No. 2295, dated 25th April 1867.

TRAVELLING ALLOWANCES, &c.

The 20th October 1876.

No. 3493.—The Hon'ble the President in Council is pleased to rule that the travelling allowance of a non-gazetted officer for joining a gazetted office to which he is appointed, shall be that which he would draw if he were a gazetted officer.

R. B. CHAPMAN,
Secy. to the Govt. of India.

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATIONS.—ESTABLISHMENT.

Simla, the 19th October 1876.

No. 427.—Mr. W. C. Furnivall, C.E., Under Secretary to the Government of India, Public Works Department, Railway Branch, is deputed on special duty.

While so employed Mr. Furnivall will have the temporary rank of Chief Engineer 3rd Class.

Major J. P. Steel, R.E., temporary Executive Engineer, 1st Grade, on special duty with the Government of India, is appointed to officiate as Under Secretary to the Government of India in the Public Works Department, Railway Branch, during the absence of Mr. Furnivall, or until further orders.

The 20th October 1876.

No. 429.—Captain W. A. J. Wallace, R.E., Deputy Consulting Engineer for Guaranteed Railways, Calcutta, is appointed to special duty in connexion with arrangements for the traffic on the Railways caused by the Imperial Assemblage. While so employed he will officiate as Under Secretary to the Government of India in the Public Works Department. Captain Wallace's head-quarters will be at Delhi, and all communications on the above subject should be addressed to him there.

No. 430.—Lieutenant D. A. Scott, R.E., will continue to officiate as Deputy Consulting Engineer to the Government of India, Calcutta, during the absence of Captain Wallace on special duty.

W. A. CROMMELIN, *Major-Genl., R. E.,*
Offg. Secy. to the Govt. of India.

[*Government Gazette,* 31*st October* 1876.]

ফিনান্শ্যল ডিপার্টমেণ্ট।

বেতন ও বৃত্তি বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ২০ অক্টোবর।

৩,৫১১ নম্বর।—চিকিৎসা কার্য্যে নিযুক্ত অচিহ্নিত কর্ম্মচারিরা সিবিল মোকামের চিকিৎসা কার্য্যের ভারপ্রাপ্ত থাকন কালে যে একীভূত নির্দ্ধারিত বেতন পান তাহার সংশোধিত যে ফর্দ্দ ফিনান্শাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৫ তারিখের ২,২৯৫ নম্বরের জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়াছে তদুপলক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত মান্যবর শ্রীযুত সভাপতি সাহেব এই নিয়ম করিলেন। জিলার প্রধান সিবিল মোকামের চিকিৎসা কার্য্যের অথবা তদ্রূপ অন্য কোন চিকিৎসা কার্য্যের স্থায়ি ভারপ্রাপ্ত অচিহ্নিত কোন কর্ম্মচারী উক্ত জ্ঞাপনপত্রক্রমে অর্থাৎ ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৫ তারিখ অবধি ও তৎপরে কর্ম্ম করিলে যদিও পশ্চাৎ কর্ম্মের বিচ্ছেদ হয় তথাপি উক্ত জ্ঞাপন-পত্রের নির্দ্দিষ্ট হারানুসারে সময়ে২ তাঁহাদের বেতন বৃদ্ধি হইবার জন্যে কর্ম্মকাল গণনা কালে সেই কর্ম্ম ত্যাজ্য নয়। পরন্তু অহিতাচার বশতঃ কার্য্যহইতে অপসৃত হইলে সময়ে২ বেতন বৃদ্ধি হওন পক্ষে তাঁহাদের পূর্ব্বকৃত সকল কর্ম্ম অগ্রাহ্য হইবে।

অবৈতনিক সর্জ্জনদের প্রতি ও সিবিল মোকামের চিকিৎসা কার্য্যের স্বাধীন ভারপ্রাপ্ত "আপথি-কারী" শ্রেণীভুক্ত অন্য যে সকল ব্যক্তিরা মিলিটরী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৮ সালের জুন মাসের ৫ তারিখের ৫৫০ নং সাধারণ বিধির ২৮ দফার বিধিক্রমে ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৫ তারিখের ২২৯৫ নং জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট হারানুসারে বেতন পাইতে স্বত্ববান হন তাঁহাদের প্রতিও এই বিধি বর্ত্তে।

পাথেয় প্রভৃতি।

১৮৭৬ সাল ২০ অক্টোবর।

৩৪৯৩ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মান্যবর শ্রীযুত সভাপতি সাহেব এই বিধি করিলেন। যে কর্ম্ম-চারির নাম গেজেটে প্রকাশ করা যায় না, তিনি গেজেটে প্রকাশিত কোন পদে নিযুক্ত হইয়া কর্ম্ম গ্রহণ করিলে, গেজেটে লিখিত কর্ম্মকারক হইলে যে পাথেয় পাইতেন তাহাতেও তাহাই পাইবেন।

আর, বি, চাপমন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্তা বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ১৯ অক্টোবর।

৪২৭ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে রেলওয়ে শাখায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত ডবলিউ, সি, ফর্ণিবল সাহেব, সি, ই, বিশেষ কার্য্যে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ফর্ণিবল সাহেবের উক্ত নিয়োগ কালে, তিনি কিয়ৎকালীন তৃতীয় শ্রেণীর প্রধান ইঞ্জিনিয়রের পদ পাইবেন।

শ্রীযুত ফর্ণিবল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভারত-বর্ষের গবর্ণমেণ্টের বিশেষকার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, পি, ষ্টীল, সাহেব, আর, ই, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ অকটোবর।

৪২৯ নম্বর।—শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষের অধীশ্বরী উপাধি গ্রহণ হেতুক রেলপথ দ্বারা দিল্লীতে যে গমনাগমন হইবে কলিকাতার গারাণ্টিড রেলওয়ের ডেপুটী কনসলটীং ইঞ্জিনিয়র কাপ্তান শ্রীযুত ডবলিউ এ, জে, ওয়ালস, সাহেব, আর, ই, তদ্বিষয়ক বন্দোবস্ত করণ সংক্রান্ত বিশেষ কার্য্যে নিযুক্ত হইলেন। তিনি উক্ত পদে নিযুক্ত থাকন কালে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রে-টরীর কর্ম্ম করিবেন। তাঁহার সদর স্থান দিল্লীতে হইবে ও উক্ত বিষয়ের সকল পত্রাদি তাঁহার নামে তথায় পাঠাইতে হইবে।

৪৩০ নম্বর।—বিশেষ কার্য্যের নিমিত্তে কাপ্তান শ্রীযুত ওয়লাস সাহেবের অনুপস্থান কালে, লেপ্টে-নেণ্ট শ্রীযুত ডি, এ, স্কট সাহেব, আর, ই, কলিকাতায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী কনসলটীং ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন।

ডবলিউ, এ, ক্রমেলিন, মেজর-জেনরল, আর, ই,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অকটোবর।]

আফীম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ অক্টোবর।—ফতেগড়ের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ, আণ্ডারসন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দেড় মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, আণ্ডরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা নাহওন পর্য্যন্ত ফতেগড়ের আফীমের আসিস্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর, ডবলিউ নিকলসন সাহেব, ফতেগড়ের আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ অক্টোবর।—বাণারসের আফীমের এজেণ্টীতে নিযুক্ত আফীমের আসিস্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এল, এল, পারট সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২১ অক্টোবর।—আফীমের আসিস্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, জে, লয়ড সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দেড় মাস ছুটী পাইয়াছেন।

বাণারসের আফীমের এজেণ্টীতে নিযুক্ত আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এচ, বি, হাথহর্ণ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের ডিসেম্বর মাসের ১২ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৩ অক্টোবর।—লক্ষ্ণৌয়ের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি, এম, আর্ম্মষ্ট্রং সাহেব, ছুটী অবসানের পাঁচ দিন পূর্ব্বে আপন কর্ম্মের ভারপুনর্গ্রহণ করাতে ১৮৭৬ সালের জুলাই মাসের ১১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ অক্টোবর।—চিকিৎসক শ্রীযুত এফ, সি, ঘোষ, ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২২ তারিখ অবধি মে মাসের ২০ তারিখ পর্য্যন্ত রাজশাহীর সিবিল চকিৎসকের কর্ম্ম করিয়াছেন।

দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব ঠাকুরের প্রতি রাজধানী গমনের আদেশ হওয়াতে তৎপরিবর্ত্তে রাজধানীতে অতিরিক্ত তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারিণী চরণ পাল ধেমকানলের ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন। আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারিণীচরণ পাল সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন, গত মাসের ১৬ তারিখের এই যে আজ্ঞা ঐ মাসের ২৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা ইহাতে রহিত করা গেল।

পোর্ট ট্রষ্ট সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ অক্টোবর।—মান্যবর শ্রীযুত বার্ণস পিউ শক সি, এস, আই, সাহেবের পোর্ট কমিশ্যনরের কর্ম্ম করণের কাল এই মাসের ১৭ তারিখে অতীত হওয়াতে তিনি ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনমতে উক্ত ১৭ তারিখ অবধি কলিকাতা বন্দর সেষ্ঠব করণার্থ কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১১ অক্টোবর।—শ্রীযুত আর পিয়ার্স সাহেব, কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে ওরিয়েণ্টল গ্যাস কোম্পানির ইঞ্জিনিয়র ও কার্য্যাধ্যক্ষ শ্রীযুত জেমস ব্লাকবর্ণ সাহেব হাবড়ার মুনিসিপল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১২ অক্টোবর।—দ্বারভঙ্গার মুনিসিপালিটীর কমিশ্যনরেরা ঐ জিলার আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এস, এস, জোন্স সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩০ ধারামতে তাহা অনুমোদন করিলেন।

১৮৭৬ সাল ২১ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা হাজারীবাগ জিলার অন্তর্গত চাত্রা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পোলীসের সব-ইনস্পেকটর শ্রীযুত সৈয়দ আমীর হুসেন।
নেটিব ডাক্তর শ্রীযুত বাবু শরচ্চন্দ্র দাস।
শ্রীযুত বাবু বাকরী সাহু।
,, ,, রামধন রাম।
,, ,, সাহু মাল।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ অক্টোবর।—ত্রিপুরার ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু ক্ষেত্র নাথ ভট্টাচার্য্য ঐ জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২১ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা ঝিনিদহের শাখা পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

তালুকদার শ্রীযুত বাবু চন্দ্র কান্ত রায়।
,, ,, ,, কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

বাবুখালী কুঠীর নীলকর শ্রীযুত ই, সাপিন্ সাহেব মাগুড়ার শাখাপথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অক্টোবর।]

The following Notifications are republished from the *Assam Gazette* :—

The 9th October 1876.—Captain W. F. Trotter, Officiating Assistant Commissioner, Second Grade, Cachar, is transferred to the Khasi and Jaintia Hills district, and posted to the sudder station of Shillong.

Under Section 37 of Act X of 1872, the Chief Commissioner is pleased to invest the following officers with the powers specified opposite their names :—

Mr. L. Hare, C.S., powers of a Magistrate of the First Class, and powers under Clauses 2, 4, 8, and 11 of Section 27 (*a*) of the Criminal Procedure Code.

Mr. G. W. Place, C.S., powers of a Magistrate of the Third Class.

No. 52.—*The 11th October* 1876.—Mr. W. B. Maxwell, District Superintendent of Police, who was transferred from Bengal under orders dated 22nd August 1876, assumed charge of his office at Goalpara on the afternoon of the 23rd September 1876 from Baboo J. N. Banerjee, Inspector of Police.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19th October 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from 1st December 1876 all births and deaths occurring within the limits of the town of Jamalpore, in the district of Mymensingh, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said town of Jamalpore shall be the same as those specified in the Government notification dated 13th February 1869, published in the *Calcutta Gazette* dated 17th idem, page 228, for the purposes of Act VI (B.C.) of 1868.

3. From and after 1st December next the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF RAJSHAHYE.

The 19th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Rajshahye have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the current cess year running from 1st October 1876 at the following rates :—

I. Four and a half pie or a pice and a half on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

			Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500	... 0	12	0
,,	500, ,,	1,000	... 2	4	0
,,	1,000, ,,	2,000	... 3	6	0

,, 2,000 and upwards, Rs. 2-4 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of twelve annas.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 31*st October* 1876.]

নিম্নলিখিত বিজ্ঞাপন আগাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—কাছাড়ের দ্বিতীয় শ্রেণীর এক্টিং আসিস্টাণ্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত ডবলিউ, এফ, ট্রাটর সাহেব খাশী ও জয়ন্তী পর্ব্বত জিলায় প্রেরিত হইয়া শিলজের সদর মোকামে অবস্থিত হইলেন।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—শ্রীযুত প্রধান কমিশ্যনর সাহেব ১৮৭২ সালের ১০ আইনের ৩৭ ধারা-মতে নিম্নলিখিত কার্য্যকারকদিগকে তাঁহাদের নামের পার্শ্বে লিখিত ক্ষমতা প্রদান করিলেন।

শ্রীযুত এল, হেয়র সি, এস, সাহেবকে, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৭ (ক) ধারার ২ ও ৪ ও ৮ ও ১১ প্রকরণমত ক্ষমতা।

শ্রীযুত জি, ডবলিউ, প্লেস, সি, এস, সাহেবকে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা।

৫২ নম্বর।—১৮৭৬ সাল ১১ অক্টোবর।—১৮৭৬ সালের আগষ্ট মাসের ২২ তারিখের আজ্ঞামতে বঙ্গদেশহইতে প্রেরিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, বি; মাক্সওয়েল সাহেব পোলীসের ইন্স্পেকটর শ্রীযুত বাবু জে, এন, বন্দ্যোপাধ্যায়ের স্থানে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের অপরাহ্ণে গোয়ালপাড়ায় আপন কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ অক্টোবর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারায় বিধানমতে এই আজ্ঞা করিলেন। ময়মনসিংহ জিলার অন্তর্গত জামালপুর নগরের সীমার মধ্যে ১৮৭৬ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে উক্ত নগরের যে সীমা ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ১৩ তারিখের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ২৩ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ২১৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত জামালপুর নগরের সেই সীমা হইবে।

৩। আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

রাজশাহী জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ অক্টোবর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারা-মতে এই সম্বাদ গেল। রাজশাহী জিলার পথকরসম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের চলিত বৎসরে অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৴৭৷৷ দেড় পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এইক্ষণকার আনুমানিক মূল্য

					বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা	অবধি	৫০০৲ টাকা	পর্য্যন্ত	... ...	৸০
৫০০৲	,,	১০০০৲	,,	... ...	২৷০
১০০০৲	,,	২০০০৲	,,	... ...	৩৷৵০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ২৷০ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ৸০ বার আনা টাক্স লাগিবে।

এচ, জে, রেনল্‌ডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অক্টোবর।]

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF DINAGEPORE.

The 19th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Dinagepore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the current cess year running from 1st October 1876 at the following rates :—

I. Six pie, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500	...	1	0	0
,,	500, ,,	1,000	...	3	0	0
,,	1,000, ,,	2,000	...	4	8	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF MIDNAPORE.

The 20th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Midnapore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year running from 1st October 1876 at the following rates :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II.—The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500	...	1	0	0
,,	500, ,,	1,000	...	3	0	0
,,	1,000, ,,	2,000	...	4	8	0

,, Rs. 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 31*st October* 1876.]

দিনাজপুর জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ অক্টোবর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারা-মতে এই সম্বাদ দেওয়া গেল। দিনাজপুর জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের চলিত বৎসরে অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

(*c*) by prohibiting a party from doing that which he is under an obligation not to do; or

(*d*) by declaring and determining the rights of parties otherwise than by an award of compensation.

(গ) যে ব্যক্তি যাহা না করিতে বদ্ধ আছেন, তাঁহাকে তাহা করিতে নিষেধকরণদ্বারা,

(ঘ) ক্ষতিপূরণ করিবার আজ্ঞা করণ ভিন্ন প্রকারান্তরে ব্যক্তিদের স্বত্ব নির্দ্দেশ ও নির্ণয় করণদ্বারা ইতি।

Preventive relief.

6. Relief granted under clause (*c*) of section five is called preventive relief.

৬ ধারা। ৫ ধারার (গ) প্রকরণমতে যে উপকার করা যায় তাহা নিষেধসূচক উপকার নামে খ্যাত ইতি।

নিষেধসূচক উপকারের কথা।

P urposes for which relief cannot be given.

7. Specific or preventive relief cannot be granted for the mere purpose of enforcing a penal law.

৭ ধারা। দণ্ড বিধায়ক আইন প্রবল করিবার অভিপ্রায়মাত্রে বিশেষ কিম্বা নিষেধসূচক উপকার করা যেং হেতুতে উপকার করা যাইতে না পারে তাহার কথা।

যাইতে পারিবে না ইতি।

PART II.

OF SPECIFIC RELIEF.

CHAPTER I.

OF RECOVERING POSSESSION OF PROPERTY.

(*a*).—*Possession of Immoveable Property.*

Recovery of specific immoveable property.

8. A person entitled to specific immoveable property may recover it in the manner prescribed by the Code of Civil Procedure.

দ্বিতীয় ভাগ।

নির্দ্দিষ্ট উপকারবিষয়ক বিধি।

প্রথম অধ্যায়।

স্থাবর সম্পত্তির অধিকার প্রাপণবিষয়ক বিধি।

(ক)—স্থাবর সম্পত্তির অধিকার বিষয়ক বিধি।

৮ ধারা। নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির স্বত্ববান কোন ব্যক্তি দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি পুনঃপ্রাপণের কথা।

Suit by persons dispossessed of immoveable property.

9. If any person is dispossessed without his consent of immoveable property otherwise than in due course of law, he or any person claiming through him may, by suit instituted within six months from the date of the dispossession, recover possession thereof, notwithstanding any other title that may be set up in such suit.

Nothing in this section shall bar any person from suing to establish his title to such property and to recover possession thereof.

Nothing in this section applies to immoveable property claimed to belong to the Crown.

৯ ধারা। কোন ব্যক্তি আইনের নিয়মিত ধারাক্রমে না হইয়া আপনার সম্মতি বিনা স্থাবর সম্পত্তির অধিকারচ্যুত হইলে তিনি কিম্বা তাঁহার দ্বারা দাওয়াদার কোন ব্যক্তি অধিকারচ্যুত হওনের তারিখ অবধি ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিলে, সেই মোকদ্দমায় অন্য কোন স্বত্ব উত্থাপন হইলেও ঐ সম্পত্তির অধিকার ফিরিয়া পাইতে পারিবেন।

এই প্রকরণের কোন কথাক্রমে ঐ সম্পত্তির উপর কোন ব্যক্তির স্বীয় স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিয়া অধিকার ফিরিয়া পাইবার বাধা নাই।

মহারাণীর সম্পত্তি বলিয়া যে স্থাবর সম্পত্তির উপর দাওয়া থাকে তাহার প্রতি এই ধারার কোন কথা খাটে না ইতি।

স্থাবর সম্পত্তির অধিকারচ্যুত ব্যক্তির মোকদ্দমার কথা।

(*b*) —*Possession of Moveable Property.*

(খ)—অস্থাবর সম্পত্তির অধিকার প্রাপণ বিষয়ক বিধি।

Recovery of specific moveable property.

10. A person entitled to the immediate possession of specific moveable property may recover the same in the manner prescribed by the Code of Civil Procedure.

১০ ধারা। নির্দ্দিষ্ট অস্থাবর সম্পত্তির অগৌণে অধিকার পাইবার স্বত্ববান কোন ব্যক্তি দেওয়ানী কার্য্যবিধানের আইনের বিধানমতে তাহা ফিরিয়া পাইতে পারিবেন।

নির্দ্দিষ্ট অস্থাবর সম্পত্তি ফিরিয়া পাইবার কথা।

EXPLANATION 1.—A trustee may sue under this section for the possession of property to the beneficial interest in which another is entitled.

প্রথম ব্যাখ্যা।—যে সম্পত্তিতে কোন ব্যক্তির হিতজনক স্বার্থের স্বত্ব থাকে এই ধারামতে ঐ সম্পত্তির অধিকার পাইবার নিমিত্ত ন্যাসদারা মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

EXPLANATION 2.—A special or temporary right to the present possession of property is sufficient to support a suit under this section.

Illustrations.

(*a*). A bequeaths land to B for his life, with remainder to C. A dies. B enters on the land, but C, without B's consent, obtains possession of the title deeds. B may recover them from C.

(*b*). A pledges certain jewels to B to secure a loan. B disposes of them before he is entitled to do so. A, without having paid or tendered the amount of the loan, sues B for possession of the jewels. The suit should be dismissed, as A is not entitled to their possession, whatever right he may have to secure their safe custody.

(*c*). A receives a letter addressed to him by B. B gets back the letter without A's consent. A has such a property therein as entitles him to recover it from B.

(*d*). A deposits books and papers for safe custody with B. B loses them and C finds them, but refuses to deliver them to B when demanded. B may recover them from C, subject to C's right, if any, under section 168 of the Indian Contract Act, 1872.

(*e*). A, a warehouse-keeper, is charged with the delivery of certain goods to Z, which B takes out of A's possession. A may sue B for the goods.

11. Any person having the possession or control of a particular article of moveable property, of which he is not the owner, may be compelled specifically to deliver it to the person entitled to its immediate possession, in any of the following cases :—

Liability of person in possession, not as owner, to deliver to person entitled to immediate possession.

(*a*) when the thing claimed is held by the defendant as the agent or trustee of the claimant ;

(*b*) when compensation in money would not afford the claimant adequate relief for the loss of the thing claimed.

(*c*) when it would be extremely difficult to ascertain the actual damage caused by its loss.

Illustrations.

(*a*). A, proceeding to Europe, leaves his furniture in charge of B as his agent during his absence. B, without A's authority, pledges the furniture to C, and C, knowing that B had no right to pledge the furniture, advertises it for sale. C may be compelled to deliver the furniture to A, for he holds it as A's trustee.

দ্বিতীয় ব্যাখ্যা।—সম্পত্তির আধুনিক অধিকার প্রাপণের বিশেষ বা কিয়ৎকালীন স্বত্ব এই ধারামতে মোকদ্দমার প্রতিপোষণার্থে প্রচুর হইবে ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ উইল করিয়া বলরামের যাবজ্জীবন ভোগার্থে ও তাঁহার মরণান্তে চন্দ্রের অধিকারার্থে ভূমি দান করিয়া মরিলেন। বলরাম ঐ ভূমি ভোগ করিতে লাগিলেন, কিন্তু তাঁহার অনুমতি বিনা চন্দ্র ঐ ভূমির অধিকারের প্রমাণপত্র পাইলেন। বলরাম চন্দ্রের স্থানে ঐ পত্রাদি ফিরিয়া পাইতে পারিবেন।

(খ) আনন্দ ঋণ লইবার আশয়ে বলরামের নিকট গহনা বন্ধক রাখিলেন। তাহা বিক্রয় করিবার স্বত্ব জন্মিবার পূর্ব্বে বলরাম তাহা বিক্রয় করিলেন। আনন্দ ঐ ঋণ শোধ না করিয়া, করিতে প্রবর্ত্ত না হইয়াও ঐ গহনা পাইবার জন্যে বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করিলেন। ঐ মোকদ্দমা ডিসমিস করিতে হইবে, কারণ ঐ গহনা নির্ব্বিঘ্নে রক্ষা করণ বিষয়ে আনন্দের স্বত্ব থাকিলেও তাঁহার অধিকার পাইবার স্বত্ব নাই।

(গ) বলরাম আনন্দের নামে পত্র লিখিলে আনন্দ তাহা পাইলেন পরে আনন্দের অনুমতি বিনা বলরাম ঐ পত্র ফিরিয়া পাইলেন, যাহাতে বলরামের স্থানে সেই পত্র ফিরিয়া পাইবার স্বত্ব থাকে ঐ পত্রে আনন্দের এমত স্বামিত্ব আছে।

(ঘ) আনন্দ কএক খানি পুস্তক ও পত্রাদি নিরাপদে রক্ষা করিবার জন্যে বলরামের নিকট গচ্ছিত করেন। বলরাম তাহা হারাইলে চন্দ্র তাহা পাইয়া বলরাম চাহিলেও তাহা ফিরিয় দিতে সম্মত হইলেন না। ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের ১৬৮ ধারামতে চন্দ্রের কোন স্বত্ব থাকিলে, বলরাম সেই স্বত্বের প্রবলতা মানিয়া চন্দ্রের স্থানে তাহা ফিরিয়া পাইতে পারিবেন।

(ঙ) আনন্দ আড়ৎদার। যদুর কএক দ্রব্য তাঁহার নিকট ন্যস্ত থাকিলে বলরাম তাঁহার অধিকারহইতে ঐ দ্রব্য হরণ করিলেন। আনন্দ ঐ দ্রব্য পাইবার নিমিত্ত বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

১১ ধারা। অস্থাবর দ্রব্য স্বামিভিন্ন কোন ব্যক্তির অধিকারে কি তত্ত্বাধীনে থাকিলে, নিম্নলিখিত কোন স্থলে ঐ দ্রব্যের অগৌণে অধিকার পাইবার স্বত্ববান ব্যক্তির প্রতি ঐ বিশেষ দ্রব্য বলপূর্ব্বক দেওয়ান যাইতে পারিবে,

কোন দ্রব্য স্বামিভিন্ন অন্য ব্যক্তির অধিকারে থাকিলে, আগৌণে ঐ দ্রব্যের অধিকার পাইবার স্বত্ববান ব্যক্তিকে তাঁহার ঐ দ্রব্য দিবার দায়ের কথা।

(ক) যে দ্রব্যের দাওয়া হয় প্রতিবাদী দাওয়াদারের সপক্ষ কর্ম্মকারক বা ন্যাসধারিস্বরূপ তাহা রাখিল,

(খ) যে দ্রব্যের দাওয়া হয়, তাহার হানি হইলে টাকা দ্বারা দাওয়াদারের সেই হানির উপযুক্ত প্রতিকার হইতে না পারিলে,

(গ) ঐ দ্রব্যের হানিদ্বারা প্রকৃত যত ক্ষতি হয় তাহা নিরূপণ করা অতীব কঠিন হইলে ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ ইউরোপে গমন করিতে উদ্যত হইয়া স্বীয় অনুপস্থান কালে স্বপক্ষ কর্ম্মকারক বলরামের জিম্মায় আপন লওয়াজিমা রাখিয়া যান। বলরাম আনন্দের অনুমতি না পাইয়া চন্দ্রের নিকট ঐ লওয়াজিমা বন্ধক রাখেন। ও বলরামের ঐ লওয়াজিমা বন্ধক রাখিবার অধিকার নাই জানিয়াও চন্দ্র ঐ দ্রব্য বিক্রয় করিবার ইশতিহার প্রকাশ করেন। এই স্থলে চন্দ্র আনন্দের পক্ষে ন্যাসধারীস্বরূপ ঐ দ্রব্য প্রাপ্ত হইলেন, অতএব চন্দ্রদ্বারা বলপূর্ব্বক আনন্দের প্রতি ঐ লওয়াজিমা দেওয়ান যাইতে পারিবে।

(*b*). A, a colliery-owner, keeps for the purpose of his business fifty coal-wagons. A sells B 50,000 tons of coal and lets to him the wagons to convey the coal. B, without A's authority, pledges the wagons to C, who threatens to sell them immediately. C may be compelled to deliver the wagons to A, for they are necessary for conducting his business, and their loss would cause him an injury for which money would not be an adequate compensation.

(খ) আনন্দ কয়লার কারখানার স্বামী, তাঁহার কার্য্যের নিমিত্ত তাঁহার নিকট পঞ্চাশখানি কয়লার গাড়ী থাকে। আনন্দ বলরামের নিকট ৫০,০০০ টন কয়লা বিক্রয় করিলে, ঐ কয়লা লইয়া যাইবার জন্যে তাহাকে ঐ সকল গাড়ী ভাড়া দেয়। বলরাম আনন্দের অনুমতি না পাইয়া চন্দ্রের নিকট ঐ সকল গাড়ী বন্ধক রাখিলে চন্দ্র তাহা এইক্ষণে বিক্রয় করিব বলিয়া ভয় দেখান। চন্দ্রদ্বারা বলপূর্ব্বক আনন্দের প্রতি ঐ সকল গাড়ী দেওয়ান যাইতে পারিবে, কারণ ঐ সকল গাড়ী তাঁহার কর্ম্ম চালাইবার নিমিত্ত আবশ্যক ও তাহা না পাইলে তাঁহার যত হানি হয় টাকা দ্বারা তাঁহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না।

(*c*). A is entitled to a picture by a dead painter and a pair of rare China vases. B has possession of them. The articles are of too special a character to bear an ascertainable market-value. B may be compelled to deliver them to A.

(গ) মৃত চিত্রকর যে চিত্র করিয়া গেলেন তাহা ও অতি অদ্ভুত এক যোড়া চিনের পাত্র আনন্দের পাইবার স্বত্ব আছে। ঐ দ্রব্য বলরামের অধিকারে থাকে। বিশেষ প্রকারের দ্রব্য হওয়াতে তাহার বাজারদর নিশ্চয়মতে জানা যাইতে পারে না। বলরামের দ্বারা আনন্দের প্রতি বলপূর্ব্বক ঐ দ্রব্য দেওয়ান যাইতে পারিবে।

CHAPTER II.

OF THE SPECIFIC PERFORMANCE OF AGREEMENTS.

(a)—Agreements which may be specifically enforced.

12. Except as otherwise provided in this chapter, the specific performance of any agreement may in the discretion of the Court be enforced—

Cases in which specific performance enforceable.

(a) when it has been expressly agreed in writing between the parties to the agreement that specific performance thereof may be required by either party, or that compensation in money shall not be considered adequate relief for its non-performance:

(b) when the act agreed to be done is in the performance, wholly or partly, of a trust:

(c) when there exists no standard for ascertaining the actual damage caused by the non-performance of the act agreed to be done: or

(d) when the act agreed to be done is such that pecuniary compensation for its non-performance would not afford adequate relief:

(e) when it is probable that pecuniary compensation cannot be got for the non-performance of the act agreed to be done.

EXPLANATION.—Unless and until the contrary is shown, it is to be presumed that the breach of an agreement to transfer immoveable property cannot be adequately relieved by compensation in money, and that the breach of an agreement to transfer moveable property can be thus relieved.

Illustrations.

(*a*). A holds certain stock in trust for B. A wrongfully disposes of the stock. The law creates an obligation

---

২ দ্বিতীয় অধ্যায়।

নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য সাধনবিষয়ক বিধি।

(ক) যে২ নিয়ম নির্দ্দিষ্টমতে প্রবল করাণ যাইতে পারে তদ্বিষয়ক বিধি।

১২ ধারা। এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে, কোন নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য নিম্নলিখিত স্থলে আদালতের বিবেচনামতে সাধন করাণ যাইতে পারিবে,

যে২ স্থলে নির্দ্দিষ্টমতে নিয়ম প্রবল করাণ যাইতে পারে তাহার কথা।

(ক) নিয়মপত্রের এক পক্ষ অন্য পক্ষদ্বারা সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে পারিবেন, কিম্বা টাকা দ্বারা হানিপূরণ করা গেলেও তাহা ঐ কার্য্য সাধন না করিবার উপযুক্ত প্রতিকার বলিয়া জ্ঞান হইবে না, ঐ নিয়মপত্রের উভয় পক্ষ লিখিয়া এই মর্ম্মের স্পষ্ট নিয়ম করিলে,

(খ) যে কার্য্য করিবার নিয়ম থাকে তাহা সম্পূর্ণরূপে কি অংশতঃ ন্যাসসম্পর্কীয় কার্য্যসাধনক্রমে কর্ত্তব্য হইলে,

(গ) যে কার্য্য করিবার নিয়ম থাকে তাহা না করণ দ্বারা প্রকৃতই যত হানি হয় ইহা নিশ্চয়মতে জানিবার কোন কষ্টি না থাকিলে,

(ঘ) যে কার্য্য করিবার নিয়ম থাকে টাকা দ্বারা তাহা না করণের হানিপূরণ করিলেও উপযুক্ত প্রতিকার না হইলে,—

(ঙ) যে কার্য্য করিবার নিয়ম থাকে টাকা দ্বারা তাহা না করণের হানিপূরণ পাইবার সম্ভাবনা না থাকিলে।

ব্যাখ্যা।—স্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার নিয়ম ভঙ্গ হইলে, টাকা দ্বারা হানিপূরণ করিলেও তাহার উপযুক্ত প্রতিকার হইতে পারে না, ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার নিয়ম ভঙ্গ হইলে, তাহার তদ্রূপ প্রতিকার হইতে পারে, ইহার বিপরীত প্রমাণ না হইলে ও যত কাল না হয় তত কাল উক্ত প্রকারের অনুমান হইবে ইতি।

উদাহরণ।

(ক) বলরামের পক্ষে কোন মাল আনন্দের নিকট মাত্র আছে। আনন্দ অন্যায়মতে ঐ মাল বিক্রয় করেন। আইন-

on A to restore the same quantity of stock to B, and B may enforce specific performance of this obligation.

(*b*). A sells 500 tons of iron stacked on his wharf to B, in consideration of a bill accepted by C, and undertakes in writing to deliver the iron to bearer, he (A) 'having been paid for the same.' B mortages the iron to D. The bill is dishonoured. A refuses to deliver the iron. A holds the iron as a trustee for D, and D may compel him specifically to perform his agreement.

(*c*). A agrees to buy, and B agrees to sell, a picture by a dead painter and two rare China vases. The articles are of too special a character to bear an ascertainable market value. A may compel B specifically to perform this agreement, for it would be extremely difficult to ascertain the actual damage caused by its non-performance.

(*d*). A transfers without endorsement, but for valuable consideration, a note to B. A becomes insolvent, and C is appointed his assignee. B may compel C to endorse the note, for C has succeeded to A's liabilities, and a decree for pecuniary compensation for not endorsing the note would be fruitless.

(*e*). A, B and C agree to enter into partnership for a definite term under the style of A & Co. A refuses to carry out the agreement. B and C may compel A to join them in executing a proper partnership-deed, for the interest of B and C in the performance of the agreement cannot be adequately compensated for by money.

(*f*). A agrees with B to sell him a house for Rs. 1,000. B is entitled to a decree directing A to convey the house to him, he paying the purchase-money.

(*g*). In consideration of being released from certain obligations imposed on it by its Act of incorporation, a railway company agree with Z to make and maintain an archway through their railway to connect lands of Z severed by the railway, to construct a road between certain specified points, to pay a certain annual sum towards the maintenance of this road, and also to construct and maintain a siding and a wharf as specified in the agreement. Z is entitled to have this agreement specifically enforced, for his interest in its performance cannot be adequately compensated for by money; and the Court may appoint a proper person to superintend the construction of the archway, road, siding and wharf.

(*h*). A agrees to sell, and B agrees to buy, a certain number of railway-shares of a particular description. A refuses to complete the purchase. B may compel A specifically to perform this agreement, for the shares are limited in number and not always to be had in the market, and their possession carries with it the status of a shareholder, which cannot otherwise be procured.

ক্রমে বলরামের প্রতি আনন্দের তত্তই মাল ফিরিয়া দিবার বাধ্যতা জন্মে, ও বলরাম সেই বাধ্যতানুসারে ঐ বিশেষ কার্য্য সাধন করাইয়া লইতে পারিবেন।

(খ) চন্দ্র এক খানি হুণ্ডী স্বীকার করিলে, আনন্দ বলরামের স্থানে সেই হুণ্ডী পাইয়া তাঁহার নিকট ৫০০ টন লৌহ বিক্রয় করিয়া ইহার মূল্য পাইলাম বলিয়া বাহককে ঐ লৌহ দিবার প্রতিজ্ঞা লিখিয়া দিলেন। বলরাম দিননাথের নিকট ঐ লৌহ বন্ধক রাখিলেন। ঐ হুণ্ডীও অগ্রাহ্য হইল। তাহাতে আনন্দ ঐ লৌহ দিতে সম্মত হইলেন না। এই স্থলে দিননাথের ন্যাস ধারীস্বরূপ আনন্দের নিকট ঐ লৌহ আছে অতএব দিননাথ তাঁহার দ্বারা সেই নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সম্পাদন করাইয়া লইতে পারিবেন।

(গ) আনন্দ মৃত চিত্রকরের চিত্র ও অদ্ভুত প্রকারের দুই চিনের পাত্র ক্রয় করিতে ও বলরাম তাহা বিক্রয় করিতে নিয়ম করিলেন। বিশেষ প্রকারের দ্রব্য হওয়াতে তাহার নিশ্চিত বাজার দর নাই। আনন্দ বলরামের দ্বারা সেই নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইয়া লইতে পারিবেন, কারণ ঐ কার্য্য না করণ দ্বারা প্রকৃত যত হানি হয় তাহা নিশ্চয়মতে জানিয়া লওয়া অতিশয় দুষ্কর।

(ঘ) আনন্দ মূল্যবান দ্রব্য পাইয়া কোম্পানির কাগজের পৃষ্ঠে নাম না লিখিয়া বলরামকে ঐ কাগজ দেন। পরে আনন্দ ঋণ শোধ করিতে অক্ষম হইলে চন্দ্র তাঁহার আসেনীপদে নিযুক্ত হইলেন। বলরাম চন্দ্রদ্বারা বলপূর্ব্বক ঐ কাগজের পৃষ্ঠলিপি লেখাইয়া লইতে পারিবেন, কারণ চন্দ্র স্বীয় পদোপলক্ষে আনন্দের সকল দায়ের ভার গ্রহণ করিলেন এবং নোটের পৃষ্ঠলিপি না লেখাপ্রযুক্ত হানিপূরণস্বরূপ টাকা দিবার ডিক্রী হইলেও নিষ্ফল হইত।

(ঙ) আনন্দ ও বলরাম ও চন্দ্র নির্দ্ধারিত সময়ের নিমিত্ত আনন্দ কোম্পানির নামে অংশিত্বভাবে কার্য্য করিবার নিয়ম করিলেন। আনন্দ সেই নিয়মমতে কার্য্য করিতে অসম্মত হইলেন। বলরাম ও চন্দ্র উপযুক্ত অংশিত্বপত্র সম্পাদন করণে বলপূর্ব্বক আনন্দকে সঙ্গী করাইতে পারিবেন, কারণ ঐ নিয়ম মতে কার্য্য সম্পাদনে বলরামের ও চন্দ্রের যে স্বার্থ আছে টাকাদ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না।

(চ) আনন্দ বলরামের নিকট ১০০০ টাকাতে একখানি ঘর বিক্রয় করিবার নিয়ম করিলেন। বলরাম ঐ ক্রয়ের টাকা দিলে, ঐ ঘর হস্তান্তর করিয়া দেওনার্থে আনন্দের নামে ডিক্রী পাইতে স্বত্ববান হন।

(ছ) কোন রেলপথের দ্বারা যদুর ভূমি বিভক্ত হইলে সেই রেলওয়ে কোম্পানি যে আইনদ্বারা সমাবায়িত হয় সেই আইন অনুসারে ঐ কোম্পানির যে কর্ম্ম অবশ্যকর্ত্তব্য তাহাহইতে মুক্ত হইবেন এই নিয়মে, তাঁহারা রেলপথের মধ্যদিয়া খিলান করিয়া ঐ বিভক্ত ভূমি পুনরায় সংযোগ করিয়া দিতে, ও নির্দ্দিষ্ট এক স্থানহইতে অন্য স্থানপর্য্যন্ত পথ প্রস্তুত করিয়া দিতে, ও সেই পথ সারাইয়া রাখিবার জন্যে বৎসর২ টাকা দিতে, এবং নিয়মপত্রের নির্দ্দিষ্টমতে পার্শ্বের রেলপথ ও ওয়ার্ক প্রস্তুত করিয়া রক্ষা করিতে নিয়ম করিলেন। সেই নিয়মপত্রের নির্দ্দিষ্টমতে যদুর বলপূর্ব্বক কার্য্য সাধন করাইয়া লইবার স্বত্ব আছে, কারণ সেই কার্য্য সাধনে তাঁহার যে স্বার্থ থাকে টাকা দ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না। এবং আদালত ঐ খিলান পথ ও রাস্তা ও রেলওয়ের পার্শ্বপথ ও ওয়ার্ক প্রস্তুত করণ কার্য্যের তত্ত্বাবধারণার্থে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

(জ) আনন্দ বিশেষ প্রকারের কএকখানি রেলওয়ে শ্যার বিক্রয় করিতে ও বলরাম তাহা ক্রয় করিতে নিয়ম করিলেন। পরে আনন্দ সেই বিক্রয় সম্পাদন করিতে অসম্মত হইলেন। বলরাম আনন্দের দ্বারা ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইয়া লইতে পারিবেন, কারণ ঐ শ্যারের সংখ্যা নির্দ্ধারিত হইয়াছিল ও তাহা সর্ব্বদাই পাওয়া যাইতে পারে না, ও তাহা পাইলে অংশিত্ব পদ সৃষ্ট হয়, ও সেই পদ অন্য প্রকারে প্রাপ্ত হওয়া যাইতে পারে না।

[*Government Gazette*, 31*st October* 1876.]

(i). A agrees with B to paint a picture for B, who agrees to pay therefor rupees 1,000. The picture is painted. B is entitled to have it delivered to him on payment or tender of the rupees 1,000.

(j). A advances Rs. 10,000 to B, and B agrees to execute a mortgage of certain houses 'with an immediate power of sale' to secure the repayment of the advance. A requires B either to pay off the advance at once or to execute the mortgage. B refuses. A is entitled to have the agreement specifically performed.

(ই) আনন্দ বলরামের নিমিত্ত ছবি প্রস্তুত করিবার নিয়ম করিলে বলরাম তাহার জন্যে ১০০০ টাকা দিবার নিয়ম করেন। সেই ছবি প্রস্তুত করা গেলে বলরাম সেই ১০০০ টাকা দিলে বা দিতে প্রবর্ত্ত হইলেই সেই ছবি পাইবার স্বত্ববান হন।

(ঞ) আনন্দ বলরামকে অগ্রিম ১০,০০০ টাকা দিলে বলরাম সেই অগ্রিম ফিরিয়া দিবার জামিনস্বরূপ 'অগৌণে বিক্রয় করিবার ক্ষমতা সহিত' কএক ঘরের বন্ধকীপত্র করিয়া দিবার নিয়ম করিলেন। আনন্দ বলরামকে অগৌণেই ঐ অগ্রিম টাকা দিতে কিম্বা বন্ধকীপত্র করিয়া দিতে আদেশ করেন। বলরাম সম্মত হইলেন না। আনন্দ সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ববান।

13. When either of the parties to an agreement is entitled to a specific performance thereof according to the provisions of section twelve, the other party is also entitled to it, though not within those provisions.

Mutual rights of parties.

১৩ ধারা। নিয়মপত্রের কোন এক পক্ষ ১২ ধারার বিধানমতে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে স্বত্ববান হইলে, অন্য পক্ষও ঐ বিধানের মধ্যে না আইলেও তদ্রূপেই স্বত্ববান হন ইতি।

উভয় পক্ষের পরস্পর স্বত্বের কথা।

Illustration.

A agrees to sell, and B agrees to buy, a patent for 10,000 rupees. B declines to complete the purchase. Here, though pecuniary compensation for its non-performance might afford A adequate relief, A may enforce the agreement specifically, for, if he had declined to complete it, B would have been entitled to a specific performance thereof.

উদাহরণ।

আনন্দ ১০০০০ টাকাতে পেটণ্ট বিক্রয় করিবার ও বলরাম তাহা ক্রয় করিবার নিয়ম করেন, পরে বলরাম ঐ মূল্য দিয়া ঐ পেটণ্ট ক্রয় করিতে অসম্মত হইলেন এই স্থলে যদিও বলরামের সেই কার্য্য না করণ হেতুক আনন্দ টাকা দ্বারা উপযুক্ত হানিপূরণ পাইতে পারিতেন, তথাপি আনন্দ ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সাধন করাইতে পারিবেন, কারণ তিনি ঐ নিয়মমতে আপনার কর্ত্তব্য সাধন না করিলে বলরাম বলপূর্ব্বক তাহা সাধন করাইয়া লইতে স্বত্ববান হইতেন।

14. Where a party to an agreement is unable to perform the whole of the agreement, but the part which must be left unperformed bears only a small proportion to the whole in value, and admits of compensation in money, the Court may, at the suit of either party, direct the specific performance of so much of the agreement as can be performed, and award compensation in money for the deficiency.

Specific performance of part of an agreement where the part unperformed is small.

১৪ ধারা। নিয়মের এক পক্ষ সেই নিয়মমত সম্পূর্ণ কার্য্য সাধন করিতে অক্ষম হইলে, কিন্তু যে অংশটি অসাধ্য তাহার মূল্য সম্পূর্ণ কার্য্যের অল্প অংশমাত্র হইলে, ও তদ্ধেতুক টাকা দ্বারা হানিপূরণ হইতে পারিলে, আদালত কোন এক পক্ষের প্রার্থনামতে ঐ নিয়মের যে অংশটি সাধন হইতে পারে নির্দ্দিষ্টমতে তাহা সাধন করাইয়া টাকা দ্বারা অবশিষ্ট অংশের হানিপূরণ করাইয়া দিতে পারিবেন ইতি।

নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের অল্পাংশ সম্পাদন হইতে না পারিলে, তাহার অন্য অংশ সাধন করাইবার কথা।

Illustrations.

উদাহরণ।

(*a*). A agrees to sell B a piece of land consisting of 100 beeghas. It turns out that 98 beeghas of the land belong to A, and the two remaining beeghas to a stranger, who refuses to part with them. The two beeghas are not necessary for the use or enjoyment of the 98 beeghas, and the loss of them may be made good in money. A may be directed at the suit of B to convey to B the 98 beeghas and to make compensation to him for not conveying the two remaining beeghas; or B may be directed, at the suit of A, to pay to A, on receiving the conveyance and possession of the land, the stipulated purchase-money, less a sum awarded as compensation for the deficiency.

(ক) আনন্দ বলরামের নিকট ১০০/ বিঘা ভূমি বিক্রয় করিতে নিয়ম করিলেন। পরে দেখা গেল যে ঐ ভূমির কেবল ৯৮ বিঘা আনন্দের, বাকী দুই বিঘা অন্য ব্যক্তির, ও তিনি তাহা বিক্রয় করিতে সম্মত নহেন। ঐ দুই বিঘা না পাইলেও ৯৮ বিঘার ব্যবহার কি ভোগ হইতেও পারে ও তজ্জন্যে যে হানি হয় টাকা দিয়া সেই হানিপূরণ হইতে পারে। বলরাম প্রার্থনা করিলে আনন্দের প্রতি বলরামের নামে সেই ৯৮ বিঘা হস্তান্তর করিয়া দিতে ও বাকী দুই বিঘা হস্তান্তর না করিয়া দিবার হানপূরণ করিতে আদেশ হইতে পারিবে। অথবা আনন্দের প্রার্থনামতে বলরামের প্রতি এই আদেশ হইতে পারিবে যে হস্তান্তরকরণপত্র ও ভূমির দখল পাইলে ঐ বাকী দুই বিঘার হানপূরণস্বরূপ টাকা কাটিয়া আনন্দকে ঐ নিয়মমত ক্রয়ের টাকা দেন।

(*b*). In a contract for the sale and purchase of a house and lands for two lakhs of rupees it is agreed that part of the furniture should be taken at a valuation. The Court may direct specific performance of the contract notwithstanding the parties are unable to agree as to the valuation of the furniture, and may either have the furniture valued in the suit and include it in the decree for specific performance, or may confine its decree to the house.

(খ) কোন বাটী ও ভূমি দুই লক্ষ টাকায় ক্রয় ও বিক্রয় করিবার চুক্তি হইলে ঐ ঘরের লওয়াজিমার একাংশের মূল্য নিরূপণ হইয়া তাহাও লইবার নিয়ম হইল। ঐ লওয়াজিমার মত মূল্য ধার্য্য হইবে এই বিষয়ে উভয় পক্ষের একমত হইতে না পারিলেও আদালত সেই চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করিবার আজ্ঞা করিয়া সেই মোকদ্দমায় লওয়াজিমার মূল্য ধার্য্য করিয়া নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার ডিক্রীর মধ্যে ধারণে পারিবেন কিম্বা কেবল ঘরের বিষয়ে ডিক্রী করিতে পারিবেন।

15. Where a party to an agreement is unable to perform the whole of the agreement and the part which must be left unperformed forms a considerable portion of the whole, or does not admit of compensation in money, the party in default is not entitled to obtain a decree for specific performance. But the Court may, at the suit of the other party, direct the party in default to perform specifically so much of the agreement as he can perform, provided that the party seeking specific performance relinquishes all claim to further performance, and all right to compensation, either for the deficiency, or for the loss or damage sustained by him through the default of the other party.

Specific performance of part of an agreement where the part unperformed is large.

১৫ ধারা। নিয়মের একপক্ষ সেই নিয়মমত সম্পূর্ণ কার্য্য সম্পাদন করিতে অক্ষম হইলে, এবং যে অংশটি অসাধ্য তাহা সম্পূর্ণ কার্য্যের বৃহদংশ হইলে, কিম্বা টাকা দ্বারা তাহার হানিপূরণ হইতে না পারিলে, যে পক্ষের ত্রুটি হয় তিনি নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার ডিক্রী পাইতে স্বত্ববান নহেন। কিন্তু অন্যপক্ষের প্রার্থনামতে আদালত ঐ ত্রুটিকারি পক্ষের প্রতি এই আদেশ করিতে পারেন, যে তিনি 'নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য যত দূর সাধন করিতে পারেন ঐ কার্য্য সাধন করাইবার সচেষ্ট ব্যক্তি তদপেক্ষা অধিক কার্য্য হইবার দাওয়া ত্যাগ করিলে, এবং অবশিষ্ট কার্য্যের নিমিত্ত কিম্বা অন্য পক্ষের ত্রুটিদ্বারা তাঁহার যে হানি কি ক্ষতি হয় তজ্জন্যে প্রতিকার পাইবার স্বত্ব ত্যাগ করিলে, ঐ ত্রুটিকারি ব্যক্তি নিয়মমত কার্য্য যত দূর সাধন করিতে পারেন তত দূর সাধন করেন ইতি।

নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের অধিকাংশ সাধন হইতে না পারিলে অন্য অংশ সম্পাদন করাইবার কথা।

Illustrations.

(*a*). A agrees to sell to B a piece of land consisting of 100 beeghas. It turns out that 50 beeghas of the land belong to A, and the other 50 beeghas to a stranger, who refuses to part with them. A cannot obtain a decree against B for the specific performance of the contract; but if B is willing to pay the price agreed upon, and to take the 50 beeghas which belong to A, waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A's neglect or default, B is entitled to a decree directing A to convey those 50 beeghas to him on payment of the purchase-money.

(*b*). A agrees to sell to B an estate with a house and garden for 1,00,000 rupees. It turns out that A is unable to convey the garden. A cannot obtain a decree against B for the specific performance of the contract; but if B is willing to pay the price agreed upon, and to take the estate and house without the garden, waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A's neglect or default, B is entitled to a decree, directing A to convey the house to him on payment of the purchase-money.

উদাহরণ।

(ক) আনন্দ বলরামের নিকট ১০০৲ বিঘা ভূমি বিক্রয় করিবার নিয়ম করেন। পরে দেখা গেল যে তন্মধ্যে কেবল ৫০ বিঘা আনন্দের, আর ৫০ বিঘা অন্য ব্যক্তির ও তিনি তাহা ত্যাগ করিতে সম্মত নহেন। আনন্দ সেই চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাওনার্থে বলরামের নামে ডিক্রী পাইতে পারেন না। কিন্তু যে মূল্য দিবার নিয়ম হইয়াছিল বলরাম সেই মূল্য দিতে সম্মত হইলে ও ঐ কম জমীর নিমিত্ত হানিপূরণ পাইবার ও আনন্দের তাচ্ছল্য কি ত্রুটি দ্বারা তাঁহার যে ক্ষতি হয় তাহার শোধ পাইবার স্বত্ব ত্যাগ করিয়া আনন্দের ঐ ৫০ বিঘা ভূমি লইতে সম্মত হইলে, বলরাম ঐ ৫০ বিঘার মূল্য দিয়া আনন্দের নামে তাহা হস্তান্তর করিয়া দিবার ডিক্রী পাইতে স্বত্ববান হন।

(খ) আনন্দ লক্ষ টাকা মূল্যে বলরামের নিকট বাটী ও ভূমিসুদ্ধ সম্পত্তি বিক্রয় করিবার নিয়ম করিলেন। পরে দেখা গেল যে সেই বাগান হস্তান্তর করিয়া দিতে আনন্দের ক্ষমতা নাই। আনন্দ ঐ চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাওনার্থে বলরামের বিপক্ষে ডিক্রী পাইতে পারেন না। কিন্তু যে মূল্য দিবার নিয়ম হইয়াছিল বলরাম সেই মূল্য দিয়া বাগান না থাকাহেতুক হানিপূরণ পাইবার ও আনন্দের তাচ্ছল্য কি ত্রুটিদ্বারা তাঁহার যে ক্ষতি হইল তাহার প্রতিকার পাইবার সকল স্বত্ব ত্যাগ করিয়া বাগান ভিন্ন ঐ মহাল লইতে সম্মত হইলে, আনন্দ তাঁহার নিকট যব হস্তান্তর করিয়া দেন ঐ টাকা দিলেই এই মর্ম্মের আজ্ঞাসূচক ডিক্রী পাইতে স্বত্ববান হন।

16. Except in cases coming under one or other of the two last preceding sections, it is not competent for the Court to direct the specific performance of a part of an agreement.

Bar in other cases of specific performance of part of agreement

১৬ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারার মধ্যে যে মোকদ্দমা আইসে, তদ্ভিন্ন কোন আদালত নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্যের অংশমাত্র সাধন করিবার আজ্ঞা দিতে ক্ষমতাপন্ন নহেন ইতি।

অন্যস্থলে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের এক অংশ সাধন করাইবার বাধার কথা।

17. Where a person agrees to sell or let certain property, having only an imperfect title thereto, the purchaser or lessee (except as otherwise provided by this chapter) has the following rights :—

(*a*) if the vendor or lessor has subsequently acquired any interest in the property, the purchaser

Purchaser's rights against vendor with imperfect title.

১৭ ধারা। কোন সম্পত্তিতে কোন ব্যক্তির সম্পূর্ণ স্বত্ব না থাকিলেও তিনি ঐ সম্পত্তি বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম করিলে, এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে ঐ ক্রেতার কি পাট্টাদারের এই২ স্বত্ব থাকিবে,—

(ক) বিক্রেতা কি পাট্টাদাতা পশ্চাৎ ঐ সম্পত্তিতে কোন স্বার্থ প্রাপ্ত হইলে, ক্রেতা কিম্বা পাট্টাদার

অসম্পূর্ণ স্বত্ব প্রাপ্ত বিক্রেতার বিপরীত ক্রেতার সত্বের কথা।

or lessee may compel him to make good the agreement out of such interest;

(*b*) where the concurrence of other persons is necessary to validate the title, and they are bound to convey at the vendor's or lessor's request, the purchaser or lessee may compel him to procure such concurrence;

(*c*) where the vendor professes to sell unincumbered property, but the property is mortgaged for an amount not exceeding the purchase-money, and the vendor has in fact only a right to redeem it, the purchaser may compel him to redeem the mortgage and obtain a conveyance from the mortgagee;

(*d*) where the vendor or lessor sues for specific performance of the agreement, and the suit is dismissed on the ground of his imperfect title, the defendant has a right to a return of his deposit (if any) with interest thereon, to the costs of the suit, and to a lien for such deposit, interest and costs on the property agreed to be sold or let.

তাঁহাকে সেই স্বার্থহইতে বলপূর্ব্বক ঐ নিয়ম সিদ্ধ করাইতে পারিবেন।

(খ) স্বত্বসিদ্ধ করিবার জন্যে অন্য ব্যক্তিদের সম্মতির প্রয়োজন হইলে, ও তাঁহারা বিক্রেতার কি পাট্টাদাতার আদেশমতে হস্তান্তর করিতে বদ্ধ হইলে, ক্রেতা কি পাট্টাদার তাঁহাকে বলপূর্ব্বক তাঁহাদের সম্মতি গ্রহণ করাইতে পরিবেন।

(গ) বিক্রেতা দায়বাতীত সম্পত্তি বিক্রয় করিতেছেন বলিলেও, সেই সম্পত্তি ক্রয়ের মূল্যের অনধিক টাকার নিমিত্ত বন্ধক রাখা গেলে, ও বিক্রেতার বাস্তবিক সেই বন্ধকহইতে মুক্ত করিবার স্বত্বমাত্র থাকিলে, ক্রেতা তাঁহাকে বলপূর্ব্বক সেই বন্ধকহইতে সম্পত্তি মুক্ত করাইয়া বন্ধকগ্রহীতার স্থানে হস্তান্তরকরণপত্র গ্রহণ করাইতে পারিবেন।

(ঘ) বিক্রেতা কি পাট্টাদাতা ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে, ও তাঁহার অসম্পূর্ণ স্বত্ব হেতুক মোকদ্দমা ডিসমিস হইলে, প্রতিবাদী টাকা আমানৎ করিয়া থাকিলে সুদ সমেত তাঁহার সেই টাকা ফিরিয়া পাইবার ও মোকদ্দমার খরচ পাইবার অধিকার আছে, ও যে সম্পত্তি বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম ছিল ঐ আমানতী টাকার ও সুদের ও খরচার নিমিত্ত ঐ সম্পত্তির উপর তাঁহার দাওয়া থাকিবে ইতি।

18. Any person suing for the specific performance of an agreement, may also ask for compensation for its breach, either in addition to, or in substitution for, such performance.

Power to award compensation in certain cases.

স্থলবিশেষে হানিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ কার্য্য সাধন হওয়ার অতিরিক্ত কি তৎপরিবর্ত্তে ঐ নিয়মভঙ্গহেতুক হানিপূরণেরও প্রার্থনা করিতে পারিবেন।

If in any such suit the Court decides that specific performance ought not to be granted, but that there is a valid agreement between the parties which has been broken by the defendant, and that the plaintiff is entitled to compensation for that breach, it shall award him compensation accordingly.

If in any such suit the Court decides that specific performance ought to be granted, but that it is not sufficient to satisfy the justice of the case, and that some compensation for breach of the agreement should also be made to the plaintiff, it shall award him such compensation accordingly.

Compensation awarded under this section may be assessed in such manner as the Court may direct.

তদ্রূপ মোকদ্দমায় নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার আজ্ঞা দেওয়া উচিত নয়, কিন্তু উভয়পক্ষের মধ্যে প্রামাণিক নিয়ম হইয়াছে, ও প্রতিবাদী সেই নিয়ম ভঙ্গ করিয়াছেন ও নিয়মভঙ্গহেতুক বাদির হানিপূরণ পাইবার স্বত্ব আছে আদালত ইহা নিষ্পত্তি করিলে, তদনুসারে তাঁহার হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

তদ্রূপ মোকদ্দমায়, নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার আজ্ঞা করা উচিত, কিন্তু মোকদ্দমার ন্যায়বিচার রক্ষা করণার্থে সেই আজ্ঞামাত্র নয়, নিয়মভঙ্গহেতুক বাদির হানিপূরণও করা উচিত, আদালত এমত নিষ্পত্তি করিলে তদনুসারে তাঁহার হানিপূরণও পাইবার আজ্ঞা করিবেন।

এই ধারামতে হানিপূরণের আজ্ঞা হইলে আদালত যদ্রূপে আজ্ঞা করেন তাহা তদ্রূপে ধার্য্য হইবে।

EXPLANATION.—The circumstance that the agreement has become incapable of specific performance does not preclude the Court from exercising the jurisdiction conferred by this section.

ব্যাখ্যা।—এই ধারায় আদালতের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য অসাধ্য হইলেও আদালতের সেই ক্ষমতামতে কার্য্য করিবার বাধা নাই ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a*). A, a purchaser, sues B, his vendor, for specific performance of an agreement for the sale of a patent. Before the hearing of the suit, the patent expires. The Court may award A compensation for the non-performance of the agreement.

(ক) আনন্দ নামক ক্রেতা পেটণ্ট বিক্রয় করিবার নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে বিক্রেতা বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন। মোকদ্দমা শ্রবণ হইবার পূর্ব্বে ঐ পেটণ্টের মিয়াদ গত হয়। নিয়মমত কার্য্য সাধন না হওয়া প্রযুক্ত আদালত আনন্দের হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

(*b*). A agrees with B to sell him a house for Rs. 1,000, the price to be paid and the possession given on the 1st January 1876. A fails to perform his part of the agreement, and B brings his suit for specific performance, which is decided in his favour on the 1st January 1877. The decree may, besides ordering specific performance, award to B compensation for any loss or damage which he has sustained by A's refusal.

(খ) আনন্দ ১০০০ টাকা মূল্যে বলরামের নিকট ঘর বিক্রয় করিয়া, ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ১ তারিখে ঐ মূল্য লইয়া ঘরের অধিকার দিবার নিয়ম করিলেন। ঐ নিয়মমতে আনন্দের যাহা কর্ত্তব্য ছিল তিনি তাহা না করাতে বলরাম নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে ১৮৭৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে তাঁহার সপক্ষে মোকদ্দমা নিষ্পত্তি হইল। ডিক্রীতে নির্দ্দিষ্ট কার্য্যসাধন করিবার আজ্ঞাভিন্ন, আনন্দের অসম্মতি হেতুক বলরামের যে ক্ষতি বা হানি হয় তাহারও পূরণ করিবার আজ্ঞা থাকিতে পারিবে।

(*c*). A sues for the specific performance of a resolution passed by the directors of a public company, under which he was entitled to have a certain number of shares allotted to him. All the shares had been allotted before the institution of the suit. The Court may, under this section, award A compensation for the non-performance.

(গ) প্রকাশ্য কোম্পানির কর্ম্মাধ্যক্ষেরা কোন নির্দ্ধারণপত্র করিলে তদনুসারে আনন্দের কএকখানি শ্যার পাইবার স্বত্ব জন্মে ও তিনি সেই নির্দ্ধারণপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করেন, মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে সেই সকল শ্যার নিরূপণ করিয়া দেওয়া গিয়াছিল। আদালত উক্ত কার্য্য সাধন না করা প্রযুক্ত এই ধারামতে আনন্দের হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

(*d*). A contracts to sell a hundred maunds of rice to B. B brings a suit to compel A to perform the agreement or to pay compensation. The Court is of opinion that A has made a valid contract and has broken it without excuse to the injury of B, but that specific performance is not the proper remedy. It shall award to B such compensation as it deems just.

(ঘ) আনন্দ বলরামের নিকট ১০০ মণ চাউল বিক্রয় করিতে চুক্তি করিলেন। বলরাম আনন্দের সেই নিয়মমতে কার্য্য করাইবার কিম্বা হানিপূরণ পাইবার নিমিত্ত তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ প্রামাণিক চুক্তি করিলে পর কারণ বিনা তাহা ভঙ্গ করিয়া বলরামের হানি করিয়াছেন কিন্তু নির্দ্দিষ্ট কার্য্য সাধন করান ইহার উপযুক্ত প্রতিকার নয় আদালতের এই অভিমত হইলে বলরামের যত হানিপূরণ ন্যায্য বোধ করেন তাঁহার ততই পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

19. An agreement, otherwise proper to be specifically enforced, may be thus enforced, though a sum be named in the agreement as the amount to be paid in case of its breach, and the party in default is willing to pay the same.

Liquidation of damages not a bar to specific performance.

১৯ ধারা। নিয়ম ভঙ্গ হইলে যত টাকা দণ্ড দিতে হইবে ইহা নিয়মপত্রে লেখা থাকিলে এবং যে ব্যক্তির ত্রুটি হইল তিনি ঐ টাকা দিতে সম্মত হইলেও যদি প্রকারান্তরে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করা উচিত হয় তবে তদ্রূপেই প্রবল করা যাইতে পারিবে ইতি।

হানিপূরণের টাকা শোধ হইলেও নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার বাধা না হওয়ার কথা।

Illustration.

A agrees to grant B an underlease of property held by A under C, and covenants that if C refuses to grant a license necessary for that purpose, A will pay B Rs. 10,000. A refuses to apply for the license and offers to pay B the Rs. 10,000. B is nevertheless entitled to have the agreement specifically enforced.

উদাহরণ।

আনন্দ চন্দ্রের অধীনে যে সম্পত্তি ভোগ করেন বলরামকে তাহার পেটা ও পাট্টা দিবার নিয়ম করিয়া সেই কার্য্যপক্ষে চন্দ্রের যে পাট্টা দেওয়া আবশ্যক তিনি তাহা না দিলে বলরামকে ১০০০০ টাকা দিবার নিয়ম করেন। আনন্দ সেই পাট্টা চাহিয়া লইতে অসম্মত হইয়া বলরামকে ঐ ১০০০০ টাকা দিতে চাহিলেন। তাহা হইলেও বলরামের সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ব আছে।

(*b*). *Agreements which cannot be specifically enforced.*

(খ)—যে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করা যাইতে না পারে তদ্বিষয়ক বিধি।

20. The following agreements cannot be specifically enforced:—

Agreements not specifically enforcible.

যে নিয়ম নির্দ্দিষ্টমতে সাধন করান যাইতে না পারে তাহার কথা।

২০ ধারা। নিম্নলিখিত নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সাধন করান যাইতে পারিবে না;—

(*a*) an agreement for the breach of which compensation could not be recovered;

(ক) যে নিয়মভঙ্গ হইলেও হানিপূরণ পাওয়া যাইতে না পারে তাহা।

(*b*) an agreement for the non-performance of which compensation in money is an adequate relief, and which does not come within section twelve, clause (*a*);

(খ) যে নিয়ম সাধন না হইলে টাকা দ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে ও যাহা ১২ ধারার (ক) প্রকরণের মধ্যে না আইসে তাহা।

(*c*) an agreement which runs into such minute or numerous details, or which from its nature is such, that the Court cannot enforce specific performance of all its material terms;

(গ) নিয়মপত্রে ক্ষুদ্র২ কি বহুসংখ্যক বিশেষ২ কথা থাকাতে কিম্বা তাহার ভাব প্রযুক্ত আদালত তাহার গুরুতর সকল নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে না পারিলে তাহা।

[*Government Gazette*, 31*st October* 1876.]

(*d*) an agreement which is in its nature revocable;

(*e*) an agreement entered into by trustees either in excess of their powers or in breach of their trust;

(*f*) an agreement entered into by or on behalf of a corporation or public company created for special purposes, or by the promoters of such company, which is in excess of its powers;

(*g*) an agreement the performance of which involves the performance of a continuous duty extending over a longer period than five years from its date;

(*h*) an agreement to submit a controversy to arbitration.

Illustrations.

To (*a*).—A agrees in consideration of Rs. 500 to obtain an office under the Crown for B. This agreement cannot be specifically enforced.

A, a banker holding bills as a security for advances to B, takes a guarantee from B's brother, C, that the loss to the bank should not exceed Rs. 20,000. This transaction took place after B had commenced proceedings for the liquidation of his affairs, and unknown to his other creditors with a view to prevent A from opposing a composition. The guarantee cannot be specifically enforced, as the transaction would have the effect of giving A an undue advantage over B's other creditors.

A, a military pensioner of Government, in consideration of Rs. 500, agrees to assign to *B* all future payments in respect of his pension. This agreement cannot be specifically enforced.

A husband and wife, professing the Christian religion, enter into an agreement providing for their future separation. This agreement cannot be specifically enforced.

A agrees to grant B a lease of a certain house. The length of the term to be granted is not stated, nor the date at which it is to commence. This agreement cannot be specifically enforced.

A agrees with B to take from B a lease of a certain house for a specified term, at a specified rent, "if the drawing-room is handsomely decorated." This agreement cannot be specifically enforced.

Z, a resident in Calcutta, agrees, as trustee for B, a resident in Australia, to sell to C an annuity to which B is entitled for his life. The day before the date of the agreement B had died. Z cannot enforce this agreement.

A, the lessee of a house much out of repair, agrees to sell the lease to B. Before the sale, A receives from his landlord a notice of re-entry in default of the premises being repaired. A does not communicate this notice to B, who enters and is ejected in consequence of the non-repair. A cannot enforce the agreement against B.

(খ) যে নিয়মপত্রের ভাবানুসারে তাহা অসিদ্ধ করা যাইতে পারে তাহা।

(ঙ) ন্যাসধারিরা আপনাদের ক্ষমতার অতিরিক্ত ভাবে কিম্বা ন্যাসভঙ্গ করিয়া যে নিয়ম করেন তাহা।

(চ) বিশেষ কার্য্যোপলক্ষে যে সমাবারিত সমাজ কি প্রকাশ্য কোম্পানি সৃষ্ট হয় তদ্দ্বারা কিম্বা তৎপক্ষে কিম্বা ঐ কাম্পানির প্রবর্ত্তকদের দ্বারা আপনাদের ক্ষমতার অতিরিক্ত যে নিয়ম করা যায়, তাহা

(ছ) যে নিয়মমত কার্য্যসাধন করিতে গেলে, নিয়মের তারিখঅবধি পাঁচ বৎসরের অধিককাল নিয়ত সেই কার্য্য চলিবে তাহা।

(জ) বিবাদ সালীসীতে অর্পণ করণার্থ নিয়ম ইতি।

উদাহরণ।

(ক) প্রকাশের।—আনন্দ ৫০০৲ টাকা পাইলে বলরামকে কোন রাজকীয়পদ দেওয়াইতে নিয়ম করেন। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

আনন্দ নামক এক জন ধনিক বলরামকে অগ্রিম টাকা দিয়া তাহার জামিনস্বরূপ কএকখানি বিল প্রাপ্ত হইয়া, ব্যাঙ্কের ২০০০০৲ টাকার অধিক হানি না হয় বলরামের ভ্রাতা চন্দ্রের স্থানে এই মর্ম্মের প্রতিভূপত্র গ্রহণ করেন। বলরাম উত্তমর্ণদের সঙ্গে রফা করিলে আনন্দ তাহার বাধক না হন, এই কারণে অন্য উত্তমর্ণদের অজ্ঞাতসারে বলরাম আপন ব্যবসায়াদির ঋণ শোধ করণে প্রবর্ত্ত হইলে পর তাঁহার ভ্রাতার সঙ্গে আনন্দের উক্ত ব্যাপার হইয়াছিল। চন্দ্রের ঐ প্রতিভূপত্র নির্দ্দিষ্টমতে প্রবল করা যাইতে পারিবে না, কারণ উক্ত ব্যাপারদ্বারা বলরামের অন্য উত্তমর্ণ অপেক্ষা আনন্দের অনুচিত প্রাধান্য হয়।

আনন্দ নামক গবর্ণমেণ্টের সৈনিক পেনশ্যন ভোগি ব্যক্তি বলরামের সঙ্গে এই নিয়ম করিলেন যে আমাকে ৫০০ শত টাকা দিলে আমি ইহার পর পেনশান বলিয়া যত টাকা পাই তাহা তোমাকে দিব। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বি স্বামী ও স্ত্রী স্বতন্ত্র বাস করিবার বিধানসূচক নিয়মপত্র করিলেন। ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

আনন্দ বলরামকে কোন ঘর পাট্টা করিয়া দিবার নিয়ম করিলেন। পাট্টার মিয়াদ ও যে অবধি চলিবে নিয়মের মধ্যে ইহার উল্লেখ হয় নাই। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

"উপবেশন গৃহ অতি সুন্দর রূপে রঞ্জিত হওয়ার নিয়মে" আনন্দ বলরামের স্থানে নির্দ্দিষ্ট ভাড়া দিয়া নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত কোন বাটী লইবার নিয়ম করেন। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

অষ্ট্রেলিয়া নিবাসি বলরাম যাবজ্জীবন যে বার্ষিক বৃত্তি পাইবার স্বত্ববান হন কলিকাতা নিবাসি যদুনাথ ঐ বলরামের পক্ষে ম্যাস ধারী হইয়া চন্দ্রের নিকট ঐ বৃত্তি বিক্রয় করিবার নিয়ম করেন। ঐ নিয়মের তারিখের পূর্ব্ব দিনে বলরামের মৃত্যু হইল, যদুনাথ ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না।

অত্যন্ত জীর্ণ ঘরের পাট্টাদার আনন্দ বলরামের নিকট ঐ পাট্টা বিক্রয় করিবার নিয়ম করিলেন। বিক্রয়ের পূর্ব্বে ঘরের স্বামী ঐ আনন্দের নামে এই মর্ম্মের নোটিস দিলেন যে, এ ঘর মেরামত করা না গেলে আমি তাহা ফিরিয়া লইব। আনন্দ বলরামকে এই নোটিসের কোন কথা না বলাতে বলরাম সেই ঘরে গিয়া বাস করিলেন ও মেরামত না হওয়াতে তাঁহাকে উঠাইয়া দেওয়া গেল। আনন্দ বলরামের বিপক্ষে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না।

A, the owner of a patent, agrees to sell it to B. B institutes a suit to compel specific performance of this agreement. Before the suit is heard the patent expires. Specific performance of the agreement cannot be compelled.

আনন্দ পেটেণ্টের স্বামী হইয়া বলরামের নিকট তাহা বিক্রয় করিবার নিয়ম করিলেন। বলরাম ঐ নিয়মের নির্দ্দিষ্টকার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে ঐ পেটেণ্টের মিয়াদ গত হয়। ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করান যাইতে পারিবে না।

On A's marriage with B, A's father, C, agrees with B's father, D, to settle certain lands on A and his children by B. D sues C to enforce specific performance of this agreement. C proves that the agreement was conditional on D settling a lakh of rupees on A and his children by B, and that D had not settled such lakh accordingly. The suit must be dismissed.

আনন্দের সঙ্গে রামার বিবাহ হইলে, আনন্দের পিতা চন্দ্র রামার পিতা দিননাথের নিকট আনন্দের পক্ষে ও রামার গর্ব্ভে তাঁহার যেং সন্তান জন্মে তাঁহাদের পক্ষে কতক ভূমি নিরূপণ করিয়া দিবার নিয়ম করিলেন। দিননাথ ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করিলে দিননাথ আনন্দের পক্ষে ও রামার গর্ব্ভে তজ্জাত সন্তানদের পক্ষে লক্ষ টাকা নিরূপণ করিবার অস্বীকার করাতে ঐ নিয়ম করা গিয়াছিল ও দিননাথ ঐ লক্ষ টাকা নিরূপণ করেন নাই চন্দ্র ইহার প্রমাণ করিলেন। মোকদ্দমা ডিসমিস করিতে হইবে।

A, an author, agrees with B, a publisher, to complete a literary work, and dies before doing so. The agreement requiring A's personal skill and taste is discharged by his death, and B cannot enforce its performance as against A's representative.

আনন্দ নামক পুস্তক লেখক বলরাম নামক পুস্তক প্রকাশকের নিকট এক খানি পুস্তক লিখিয়া সমাপ্ত করিবার নিয়ম করিলেন, কিন্তু পুস্তক সমাপ্ত হইবার পূর্ব্বে তাঁহার মৃত্যু হইল। আনন্দের নিজ কৌশল ও বুদ্ধিসাধ্য কর্ম্ম সম্পাদন করিবার ঐ নিয়ম তাঁহার মৃত্যু দ্বারা নিবৃত্ত হইল ও আনন্দের স্থলাভিষিক্তের বিপক্ষে বলরাম ঐনিয়মমত কার্য্য সাধন করাইতে পারিবেন না।

A, a shoemaker, agrees with B to receive B's son as an apprentice for a term of years and teach him shoemaking. A dies before the expiration of the term. B cannot enforce performance of the agreement.

আনন্দ নামক চর্ম্মকার বলরামের সন্তানকে কএক বৎসর শিক্ষার্থি স্বরূপ রাখিয়া তাহাকে কর্ম্ম শিক্ষাইতে বলরামের সঙ্গে নিয়ম করিল। ঐ মিয়াদ গত না হইতেং আনন্দের মৃত্যু হয়। বলরাম সেই নিয়মমত কার্য্যসাধন করাইতে পারিবেন না।

A and B enter into an agreement to become partners for a term and afterwards agree to rescind it.

আনন্দ ও বলরাম নিরূপিত কালের নিমিত্ত অংশি হইয়া কর্ম্ম করিবার নিয়ম করিয়া পরে একবাক্য হইয়া সেই নিয়ম ব্যর্থ করেন।

A agrees to buy B's business at the amount of a valuation to be made by two valuers, one to be named by A and the other by B. A and B each name a valuer, but before the valuation is made A instructs his valuer not to proceed.

আনন্দের মনোনীত এক জন ও বলরামের মনোনীত অন্য জন যাচনদার হইয়া বলরামের ব্যবসায়ের মূল্য নিরূপন করিলে আনন্দ সেই মূল্য দিয়া ঐ ব্যবসায় ক্রয় করিবার নিয়ম করিলেন। আনন্দ ও বলরাম একং জন যাচনদার মনোনীত করিলেন কিন্তু মূল্য নিরূপন হইতে না হইতে আনন্দ আপনার যাচনদারকে ঐ কার্য্যে আর হস্তক্ষেপ না করিতে আজ্ঞা করিলেন।

A agrees to buy certain houses in Calcutta, and before the completion of the agreement becomes insolvent. A's assignee, in exercise of his option under the Indian Insolvent Act, abandons the agreement.

আনন্দ কলিকাতায় কএকটী ঘর ক্রয় করিবার নিয়ম করিলেন, কিন্তু নিয়মমতে কার্য্য সম্পাদনের পূর্ব্বে তিনি ঋণশোধ করিতে অক্ষম হইলেন। আনন্দের আসেনী ভারতবর্ষীয় যোত্রহীন ঋণি বিষয়ক আইন অনুসারে স্বেচ্ছাক্রমে কার্য্য করিবার যে ক্ষমতাপ্রাপ্ত হন তদনুসারে ঐ নিয়ম ত্যাগ করিলেন।

In none of these cases can the agreement be specifically enforced.

ইহার মধ্যে কোন স্থলে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইতে পারিবে না।

To (*b*).—A agrees to sell, and B agrees to buy, a lakh of rupees in the four per cent. loan of the Government of India.

(খ) প্রকরণের উদাহরণ।—আনন্দ ভারতবর্ষের গবর্ণমেণ্টের শতকরা চারি টাকার লোনের লক্ষ টাকার কাগজ ক্রয় করিবার ও বলরাম তাহা বিক্রয় করিবার নিয়ম করিলেন।

A agrees to sell, and B agrees to buy, 40 chests of indigo at Rs. 1,000 per chest.

আনন্দ ১০০০ টাকা করিয়া ৪০ বাক্স নীল বিক্রয় করিবার ও বলরাম তাহা ক্রয় করিবার নিয়ম করিলেন।

In consideration of certain property having been transferred by A to B, B agrees to open a credit in A's favour to the extent of Rs. 10,000, and to honor A's drafts to that amount.

আনন্দ বলরামের নামে কতক সম্পত্তি হস্তান্তর করিয়া দেওয়াতে বলরাম আনন্দের পক্ষে ১০,০০০ টাকা পর্য্যন্ত জমা খরচের হিসাব রাখিয়া তত টাকা পর্য্যন্ত যত চ্যাক দেন তাহার টাকা দিবার নিয়ম করিলেন।

These agreements cannot be specifically enforced, for, in the first and the second both A and B, and in the third A, would be reimbursed by compensation in money.

এইং নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করান যাইতে পারে না, কারণ প্রথম ও দ্বিতীয় প্রকরণের উল্লিখিত স্থলে টাকাদ্বারা আনন্দের ও বলরামের, ও তৃতীয় প্রকরণের স্থলে আনন্দের হানিপূরণ করা যাইতে পারে।

To (*c*).—A agrees to render personal service to B.

(গ) প্রকরণের উদাহরণ।—আনন্দ বলরামের নিকট চাকরী করিবার নিয়ম করিলেন।

A agrees to employ B on personal service.

আনন্দ বলরামকে চাকরী দিয়া রাখিবার নিয়ম করেন।

By a charter party entered into in Calcutta between A, the owner of a ship, and B, the charterer, it is agreed

বলরাম জাহাজ ভাড়া করিয়া লইতে ইচ্ছুক হইয়া কলিকাতায় জাহাজের স্বামি আনন্দের জাহাজ ভাড়া করিয়া লইবার নিয়ম

that the ship shall proceed to Rangoon, and there load a cargo of rice, and thence proceed to London, freight to be paid, one-third on arrival at Rangoon, and two-thirds on delivery of the cargo in London.

করিয়া এই বিধান করিলেন যে. জাহাজ রাঙ্গুনে গিয়া চাউল বোঝাই করিয়া লণ্ডন নগরে যাইবে. রাঙ্গুনে পঁহুছিলে ভাড়ার তৃতীয়াংশ দেওয়া যাইবে ও লণ্ডন নগরে বোঝাইদ্রব্য পঁহুছাইয়া দিলে ভাড়ার তিন অংশের আর দুই অংশ দেওয়া যাইবে।

These agreements cannot be specifically performed.

এই২ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

A lets land to B and B agrees to cultivate it in a particular manner for three years next after the date of the lease. A is not entitled to have this agreement specifically performed.

আনন্দ বলরামকে ভূমি পাট্টা করিয়া দিলে বলরাম ঐ পাট্টার তারিখ অবধি তিন বৎসর পর্য্যন্ত ভূমি বিশেষমতে কৃষি করিবার নিয়ম করিলেন। আনন্দের সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ব নাই।

The agreement contains mistakes as to the name and rights of the client, which, if construed strictly, would have excluded B from all rights under the agreement B is entitled, if the Court thinks fit, to have it rectified, and to an order for payment of the sum, as if at the time of its execution it had expressed the intention of the parties.

ঐ নিয়মপত্রে মওক্কেলের নাম ও স্বত্ব বিষয়ে এমন ভুল হইয়াছে যে আঁটাআঁটিরূপে তাহার অর্থ করিতে গেলে ঐ নিয়মপত্রমতে বলরাম সকল স্বত্বহইতে বঞ্চিত হইতেন। আদালত বিহিত বোধ করিলে বলরামের তাহা সংশোধন করাইবার অধিকার থাকিবে এবং ঐ নিয়মপত্র করণসময়ে যেমন উভয় পক্ষের অভিপ্রায় ব্যক্ত ছিল বলরাম এমতে ঐ টাকা পাইবার আজ্ঞাও পাইতে পারিবেন।

CHAPTER IV.

Of the Rescission of Contracts.

৪ চতুর্থ অধ্যায়।

চুক্তিপত্র অসিদ্ধ করিবার কথা।

33. Any person interested in a contract in writing may sue to have it rescinded, and such rescission may be adjudged by the Court in any of the following cases, namely :—

When rescission may be adjudged.

৩৩ ধারা। চুক্তিপত্রে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে তিনি তাহা অসিদ্ধ করিবার জন্যে যে কদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং আদালত নিম্নলিখিত কোন স্থলে তাহা অসিদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন বিশেষতঃ

যে স্থলে অসিদ্ধ হইবার আজ্ঞা হইতে পারে তাহার কথা

(*a*) where the contract is voidable or terminable by the plaintiff;

(ক) বাদী ঐ চুক্তি বার্থ কি রহিত করিতে পারিলে।

(*b*) where the contract is unlawful for causes not apparent on its face, and the defendant is more to blame than the plaintiff;

(খ) চুক্তিপত্রের অভিমুখেই যে কারণ দৃষ্ট না হয় এমত কোন কারণে ঐ চুক্তি অবৈধ হইলে ও বাদী অপেক্ষা প্রতিবাদী অধিক দোষী হইলে।

(*c*) where a decree for specific performance of a contract of sale, or of a contract to take a lease, has been made, and the purchaser or lessee makes default in payment of the purchase-money or other sums which the Court has ordered him to pay.

(গ) বিক্রয়ের কিম্বা পাট্টা লওনের চুক্তিমত নির্দ্দিষ্ট কার্য্যসাধন হইবার ডিক্রী হইলে, ও ক্রেতা কিম্বা পাট্টাদার ঐ ক্রয়ের টাকা, কিম্বা আদালত তাঁহার অন্য যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা, দিতে ত্রুটি করিলে,

EXPLANATION.—In the case mentioned in clause (*c*) of this section, when the purchaser or lessor is in possession of the subject-matter, the Court may also order him to pay to the vendor or lessor the rents and profits, if any, received by him, together with the cost occasioned by the non-completion of the purchase or lease.

Illustration.

To (*b*)—A, an attorney, induces B, his client, to transfer property to him for the purpose of defrauding B's creditors. Here the parties are not equally in fault, and B is entitled to have the instrument of transfer rescinded.

ব্যাখ্যা।—এই ধারার (গ) প্রকরণের লিখিত স্থলে বিষয়টি ক্রেতার কি পাট্টাদারের অধিকারে থাকিলে আদালত তাঁহাকে এই আজ্ঞাও করিতে পারিবেন যে, তিনি খাজানা ও উপস্বত্ব পাইয়া থাকিলে তাহা ও ক্রয় কি পাট্টা সম্পাদন করিয়া না দেওয়াতে যত খরচ লাগে তাহা বিক্রেতাকে কি পাট্টাদাতাকে দেন ইতি।

উদাহরণ।

(খ) প্রকরণের।—আনন্দ নামক একজন উকীল বলরাম নামক মওক্কেলের মহাজনদিগকে বঞ্চনা করণাভিপ্রায়ে আপনার প্রতি সম্পত্তি হস্তান্তর করিয়া দিবার প্রবৃত্তি জন্মান। এই স্থলে উভয় পক্ষের দোষ সমান না হওয়াতে বলরামের সেই হস্তান্তর-করণপত্র অসিদ্ধ করাইবার অধিকার আছে।

34. Rescission of a contract in writing cannot be adjudged for mere mistake, unless the party against whom it is adjudged can be restored to substantially the same position as if the contract had not been made.

Rescission for mistake.

৩৪ ধারা। চুক্তিপত্র অসিদ্ধ করিবার আজ্ঞা যাঁহার বিপক্ষে করা যায়, চুক্তি না হইলে তাহার যে অবস্থা হইত বস্তুতঃ তাঁহার সেই অবস্থা করাইয়া দেওয়া যাইতে না পারিলে, কেবল ভুল-হেতুক চুক্তিপত্র অসিদ্ধ করিবার আজ্ঞা হইতে পারিবে না ইতি।

ভুলহেতুক অসিদ্ধ করণের কথা।

35. A plaintiff instituting a suit for the specific performance of a contract in writing may pray in the alternative that if the contract cannot be enforced, it may be rescinded and delivered up to be cancelled.

Alternative prayer for rescission in suit for specific performance.

৩৫ ধারা। বাদী চুক্তিপত্রের নির্দ্দিষ্ট কার্য্য-সাধন করাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে এই প্রার্থনাও করিতে পারিবেন যে, চুক্তি প্রবল করা যাইতে না পারিলে তাহা অসিদ্ধ করা যায় ও রহিত করিবার নিমিত্ত অর্পণ করা যায় ইতি।

নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার মোকদ্দমায় অনুকল্পে অসিদ্ধ করিবার প্রার্থনার কথা।

36. On adjudging the rescission of a contract the Court may require the party to whom such relief is granted, to make any compensation to the other which justice may require.

Court may require party rescinding to do equity.

৩৬ ধারা। আদালত চুক্তি অসিদ্ধ করিবার আজ্ঞা করিলে, যে পক্ষের সেই উপকার করেন তাঁহাকে ন্যায়ানুসারে অন্যের হানি-পূরণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

যে ব্যক্তি অসিদ্ধ করেন তাঁহার প্রতি ন্যায্যমতে কার্য্য করিতে আদালতের আজ্ঞা করিবার কথা।

CHAPTER V.

OF THE CANCELLATION OF INSTRUMENTS.

৫ পঞ্চম অধ্যায়।

নিদর্শনপত্র রহিত করণের কথা।

37. Any person having reasonable apprehension that a written instrument, if left outstanding, may cause serious injury to a person against whom it is void or voidable, may sue to have it so adjudged, and the Court may in its discretion so adjudge it and order it to be delivered up and cancelled.

When cancellation may be ordered.

৩৭ ধারা। কোন নিদর্শনপত্র যে ব্যক্তির পক্ষে ব্যর্থ আছে বা ব্যর্থ করা যাইতে পারে, সেই পত্র প্রবল থাকিলে সেই ব্যক্তির গুরুতর হানি হইবে কোন ব্যক্তির যুক্তিমতে এমত অনুভব হইলে, তিনি তদ্রূপ আজ্ঞা হইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং আদালত স্বীয় বিবেচনামতে তদ্রূপ বিচার করিয়া ঐ পত্র অর্পণ করিবার ও রহিত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

যে স্থলে ব্যর্থ করণের আজ্ঞা হইতে পারে তাহার কথা।

Illustrations.

(*a*). A, the owner of a ship, by fraudulently representing her to be seaworthy, induces B, an underwriter, to insure her. B may obtain the cancellation of the policy.

উদাহরণ।

(ক) আনন্দ নামক কোন জাহাজের স্বামী প্রতারণাক্রমে ঐ জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত জানাইয়া তাহার উপর বিমাপত্র দিতে বলরামের প্রবৃত্তি জন্মান। বলরাম সেই বিমাপত্র রহিত করাইয়া লইতে পারিবেন।

(*b*). A conveys land to B, who bequeaths it to C and dies. Thereupon D gets possession of the land, and produces a forged instrument stating that the conveyance was made to B in trust for him. C may obtain the cancellation of the forged instrument.

(*c*). A, representing that the tenants on his land were all at will, sells it to B, and conveys it to him by an instrument dated the 1st January 1875. Soon after that day A fraudulently grants to C a lease of part of the lands, dated the 1st October 1874. B may obtain the cancellation of this lease.

(*d*). A agrees to sell and deliver a ship to B, to be paid for by B's acceptances of four bills of exchange, for sums amounting to Rs. 10,000, to be drawn by A on B. The bills are drawn and accepted, but the ship is not delivered according to the agreement. A sues B on one of the bills. B may obtain the cancellation of all the bills.

(খ) আনন্দ বলরামকে ভূমি হস্তান্তর করিয়া দেন, বলরাম উইলক্রমে চন্দ্রকে ঐ ভূমি দান করিয়া মরিলেন। তৎপরে দিননাথ ঐ ভূমির অধিকার পাইয়া বলরামকে আমার নিমিত্ত ন্যাস-স্বরূপ ঐ ভূমি হস্তান্তর করিয়া দেওয়া গেল এই মর্ম্মের একখানি জাল করা নিদর্শনপত্র দেখান। চন্দ্র ঐ জাল করা নিদর্শনপত্র রহিত করাইয়া লইতে পারিবেন।

(গ) আমার জমীর সকল প্রজা কোর্পা বলিয়া আনন্দ বলরামকে ঐ ভূমি বিক্রয় করিয়া ১৮৭৫ সালের জানুয়ারি মাসের ১ তারিখের নিদর্শনপত্রদ্বারা তাহা হস্তান্তর করিয়া দেন। তাহার কএক দিন পরে আনন্দ প্রতারণা করিয়া ১৮৭৪ সালের অক্টোবর মাসের ১ তারিখে পাট্টা করিয়া চন্দ্রকে ঐ ভূমির একাংশ দেন। বলরাম ঐ পাট্টা অসিদ্ধ করাইয়া লইতে পারিবেন।

(ঘ) আনন্দ বলরামের নামে দশ২ হাজার টাকার চারিখানি হুণ্ডী দিলে বলরাম তাহা গ্রাহ্য করিবেন এই নিয়মে আনন্দ তাহার নিকট জাহাজ বিক্রয় করিয়া তাঁহার হস্তগত করিয়া দিবার নিয়ম করেন হুণ্ডী লেখা গিয়া গ্রাহ্যও হইল কিন্তু জাহাজ ঐ নিয়মমতে দেওয়া যায় নাই। আনন্দ উক্ত একখানি হুণ্ডীর উপর বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন। বলরাম সেই সকল হুণ্ডী রহিত করাইয়া লইতে পারিবেন।

38. Where an instrument is evidence of different rights or different obligations, the Court may, in a proper case, cancel it in part and allow it to stand for the residue.

What instruments may be partially cancelled

৩৮ ধারা। কোন নিদর্শনপত্র ভিন্ন২ স্বত্বের কি ভিন্ন২ নিবন্ধনের প্রমাণস্বরূপ হইলে, আদালত উপযুক্ত স্থলে তাহার একাংশ অসিদ্ধ করিয়া অবশিষ্টাংশের ঐ পত্র প্রবল থাকিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

যে২ নিদর্শনপত্রের অংশ মাত্র ব্যর্থ করা যাইতে পারে তাহার কথা।

Illustration.

A draws a bill on B, who endorses it to C, by whom it appears to be endorsed to D, who endorses it to E. C's endorsement is forged. C is entitled to have such endorsement cancelled, leaving the bill to stand as regards A, B, D, and E.

উদাহরণ।

আনন্দ বলরামের নামে হুণ্ডী দেন, বলরাম তাহার পৃষ্ঠে লিখিয়া চন্দ্রকে দেন, চন্দ্র যেন পৃষ্ঠে লিখিয়া দিননাথকে দিলেন এইরূপ দেখায়। দিননাথও পৃষ্ঠে লিখিয়া ঈশানকে দেন। চন্দ্রের স্বাক্ষর কৃত্রিম ছিল, অতএব তিনি আপনার সেই স্বাক্ষর ব্যর্থ করাইয়া লইতে পারিবেন কিন্তু আনন্দ ও বলরাম ও দিননাথ ও ঈশান এই ব্যক্তিদের পক্ষে তাহা প্রবল থাকিবে।

39. On adjudging the cancellation of an instrument, the Court may require the party to whom such relief is granted to make any compensation to the other which justice may require.

Power to require party for whom instrument is cancelled to make compensation.

৩৯ ধারা। আদালত কোন নিদর্শনপত্র ব্যর্থ করণের আজ্ঞা করিলে যাঁহার পক্ষে ঐ উপকার করিলেন তাঁহাকে ন্যায়ানুসারে অন্যের ক্ষতিপূরণ করিবার আদেশ করিতে পারিবেন ইতি।

তাঁহার পক্ষে নিদর্শনপত্র ব্যর্থ করা যায় তাঁহার প্রতি ক্ষতিপূরণ করিবার আজ্ঞার কথা।

CHAPTER VI.

Of Declaratory Decrees.

৬ ষষ্ঠ অধ্যায়।

স্বত্বনির্ণায়ক ডিক্রীর বিধি।

40. Any person entitled to any legal character, or to any future right as to any property, may institute a suit against any person denying, or interested to deny, his title to such character or right, and the Court may in its discretion make therein a declaration that he is so entitled, and the plaintiff need not in such suit ask for any further relief.

Discretion of Court as to declarations of status or right.

৪০ ধারা। কোন ব্যক্তি আইনমতে কোন স্থিতির কিম্বা কোন সম্পত্তির উপর সম্ভাবিত কোন অধিকারের স্বত্ববান হইলে, ও অন্য ব্যক্তি তাঁহার সেই স্বত্ব স্বীকার না করিলে কিম্বা স্বীকার না করণে ঐ অন্যের স্বার্থ থাকিলে, প্রথমোক্ত ব্যক্তি তাঁহার বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং আদালত আপন বিবেচনামতে ঐ মোকদ্দমায় ঐ ব্যক্তিকে তদ্রূপে স্বত্ববান বলিয়া নির্ণয় করিতে পারিবেন, ও সেই মোকদ্দমায় বাদির আর কোন উপকার প্রার্থনা করিবার প্রয়োজন নাই।

আদালতের বিবেচনামতে অবস্থা কি স্বত্ব নির্ণয় করণের কথা।

EXPLANATION.—A trustee of property is a person interested to deny a title adverse to the title of some one who is not in existence, and for whom, if in existence, he would be a trustee.

Provided that no Court shall make any such declaration in any of the following cases:—

Bar to such declaration.

(*a*) where the right as to which the declaration is sought is contingent, or may never arise;

(*b*) where the plaintiff is in possession of the right which he seeks to have declared;

(*c*) where the right respecting which the declaration is sought could be enforced by ordinary suit.

EXPLANATION.—The presumptive right of a Hindu to property, if he survive the widow of a sonless Hindu, is not within clause (*a*) of the above proviso.

Illustrations.

(*a*). A bequeaths his property to B, C, and D, "to be equally divided amongst all and each of them, if living at the time of my death, then amongst their surviving children." No such children are in existence. In a suit against A's executor, the Court may declare whether B, C, and D took the property absolutely, or only for their lives, but it may not declare the interests of the children before their rights are vested.

(*b*). A covenants that if he should at any time be entitled to property exceeding one lakh of rupees, he will settle it upon certain trusts. Before any such property accrues, or any persons entitled under the trusts are ascertained, he institutes a suit to obtain a declaration that the covenant is void for uncertainty. The Court cannot make the declaration.

(*c*). The widow of a sonless Hindu alienates part of the property of which she is in possession as such. The person presumptively entitled to possess the property if he survive her, may, in a suit against the alienee, obtain a declaration that the alienation was made without legal necessity, and was therefore void beyond the widow's lifetime.

(*d*). A Hindu widow in possession of property adopts a son to her deceased husband. The person presumptively entitled to possession of the property on her death without a son may, in a suit against the adopted son, obtain a declaration that the adoption was invalid.

(*e*). A is in possession of certain property. B, alleging that he is the owner of the property, requires A to deliver it to him. This alone is not enough to entitle A to a declaration of his right to hold the property.

(*f*). A bequeaths property to B for his life, with remainder to B's wife and her children, if any, by B, but if B die without any wife or children, to C. B has a putative wife, D, and children, but C denies that B

ব্যাখ্যা।—সম্পত্তির ন্যাসধারী অজ্ঞাত যে ব্যক্তির বিদ্যমানে তাঁহার পক্ষ ন্যাসধারী হইতেন তিনি ঐ ব্যক্তির স্বত্বের বিপরীত স্বত্ব অস্বীকার করিবার স্বার্থযুক্ত হন।

তদ্রূপ নির্ণয়ের বাধা বিষয়ক কথা।

কিন্তু নিম্নলিখিত কোন স্থলে কোন আদালত সেই নির্ণয় করিতে পারিবেন না,

(ক) যে স্বত্ব নির্ণয় করিবার প্রার্থনা হয় সেই স্বত্ব আশংশার্থ হইলে কিম্বা কখন নাও হইতে পারে এমন হইলে।

(খ) বাদী যে স্বত্ব নির্ণয় করাইবার চেষ্টা করেন তাহা বাদিরই অধিকারগত হইলে,

(গ) যে স্বত্ববিষয়ে নির্ণয় করাইবার চেষ্টা হয় সেই স্বত্ব সাধারণ মোকদ্দমা করিয়া প্রবল করা যাইতে পারিলে।

ব্যাখ্যা।—কোন হিন্দু অপুত্রক অন্য মৃত হিন্দুর স্ত্রীর উত্তরজীবী হইলে তাঁহার যে অনুভাবিত স্বত্ব আছে তাহা পূর্ব্বোক্ত উপবিধির (ক) প্রকরণের মধ্যে আইসে না।

উদাহরণ।

(ক) "আমার মরণ সময়ে বলরাম ও চন্দ্র ও দীননাথ বর্ত্তমান থাকিলে আমার সম্পত্তি তাঁহাদের মধ্যে ও তৎপরে তাঁহাদের উত্তরজীবী সন্তানদের মধ্যে সমানরূপে বিভক্ত করা যাইবে" আনন্দ এই নিয়মে উইল লিখিয়া আপনার সম্পত্তি দান করিয়া মরিলেন। উক্ত কোন সন্তান নাই। আনন্দের উইলক্রমে নিরূপিত কার্য্য সম্পাদকের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, উক্ত বলরাম ও চন্দ্র ও দীননাথ একেবারেই, না কেবল আপনং জীবনপর্য্যন্ত ঐ সম্পত্তিগ্রহণ করিলেন, আদালত ইহা নির্ণয় করিতে পারিবেন, কিন্তু সন্তানদের স্বত্ব বর্ত্তিবার পূর্ব্বে তাঁহাদের স্বার্থ নির্ণয় করিতে পারিবেন না।

(খ) আনন্দ এই নিয়ম করিলেন, যে আমার পক্ষে কোন সময়ে লক্ষ টাকার অধিক সম্পত্তির স্বত্ব জন্মিলে আমি কোনং কার্য্যোপলক্ষে তাহা নাস্ত করিয়া নিরূপণ করিব। সেই সম্পত্তি উপার্জ্জন হইবার পূর্ব্বে কিম্বা ন্যাসপত্রানুসারে স্বত্ববান কোন ব্যক্তিরা নির্ণীত হইবার পূর্ব্বে তিনি অনিশ্চিততা হেতুক ঐ নিয়ম ব্যর্থ বলিয়া নির্ণয় করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আদালত তাহা নির্ণয় করিতে পারিবেন না।

(গ) মৃত অপুত্রক হিন্দুর স্ত্রী বিধবা বলিয়া যে সম্পত্তির অধিকারিণী ছিলেন তাহা হস্তান্তর করিয়া দেন। যে ব্যক্তি তাঁহার উত্তরজীবী হইলে ঐ সম্পত্তির অনুভাবিত স্বত্ববান হন, তিনি ঐ হস্তান্তরিত সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিয়া, ঐ সম্পত্তি বৈধমত প্রয়োজন বিনা হস্তান্তর করিয়া দেওয়া যাওয়াতে, ঐ বিধবার জীবনপর্য্যন্ত সেই হস্তান্তর কার্য্য প্রবল, তৎপরে ব্যর্থ এই মর্ম্মের নির্ণয় হইতে পারিবে।

(ঘ) হিন্দু বিধবা সম্পত্তির অধিকারিণী হইয়া আপনার মৃত স্বামির পক্ষে দত্তকপুত্র গ্রহণ করেন তিনি অপুত্রিকা হইয়া মরিলে যে ব্যক্তি ঐ সম্পত্তির অধিকার পাইবার অনুভাবিত স্বত্ববান হন, তিনি ঐ গৃহীত পুত্রের নামে মোকদ্দমা উপস্থিত করিলে সেই পুত্রগ্রহণ অসিদ্ধ এই মর্ম্মের নির্ণয় হইতে পারিবে।

(ঙ) আনন্দের অধিকারে সম্পত্তি আছে বলরাম আপনাকে সেই সম্পত্তির স্বামি জানাইয়া আনন্দের স্থানে ঐ সম্পত্তি চাহিলেন। তাঁহার ঐ দাওয়ামাত্র আনন্দের সেই সম্পত্তি ভোগ করিবার স্বত্ব নির্ণয় করণার্থে প্রচুর নয়।

(চ) আনন্দ উইল লিখিয়া এই নিয়মে বলরামকে সম্পত্তি দান করিয়া যান যে, বলরাম জীবনপর্য্যন্ত সম্পত্তি ভোগ করিবেন তৎপরে তাঁহার স্ত্রী ও সেই স্ত্রীর গর্ভজাত তাঁহার সন্তান থাকিলে সেই সন্তানেরা তাহা পাইবেন, কিন্তু বলরাম স্ত্রী ও সন্তান না

and D were ever lawfully married. D and her children may, in B's lifetime, institute a suit against C and obtain therein a declaration that they are truly the wife and children of B.

রাখিয়া মরিলে চন্দ্র ঐ সম্পত্তি পাইবেন। বলরামের দিনমণি নাম্নী কথিত স্ত্রী ও সন্তানগণ ছিলেন কিন্তু দিনমণির সঙ্গে বলরামের বৈধ বিবাহ হয় নাই চন্দ্র ইহা কহিলেন। এমন স্থলে বলরামের বর্ত্তমানে দিনমণি ও তাঁহার সন্তানগণ চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করিলে তাঁহারা প্রকৃতরূপে বলরামের স্ত্রী ও সন্তান আছেন এই মর্ম্মের নির্ণয় হইতে পারিবে।

41. A declaration made under this chapter is binding only on the parties to the suit, persons claiming through them respectively, and, where any of the parties are trustees, on the persons for whom, if in existence, such parties would be trustees.

Effect of declaration.

৪১ ধারা। এই অধ্যায়মতে যে নির্ণয় করা যায় তৎক্রমে কেবল মোকদ্দমার উভয়পক্ষ, ও তাঁহাদের দ্বারা যাঁহারা দাওয়া রাখেন তাঁহারা, ও মোকদ্দমার কোন পক্ষ ন্যাসধারী হইলে যে ব্যক্তিদের বিদ্যমান তাঁহাদের পক্ষে ন্যাসধারী হইতেন তাঁহারা ঐ নির্ণয়দ্বারা আবদ্ধ হইবেন ইতি।

নির্ণয়ের ফলের কথা।

Illustration.

A, a Hindu, in a suit to which B, his alleged wife, and her mother are defendants, seeks a declaration that his marriage was duly solemnized and an order for the restitution of his conjugal rights. The Court makes the declaration and order. C, claiming that B is his wife, then sues A for the recovery of B. The declaration made in the former suit is not binding upon C.

উদাহরণ।

আনন্দ নামক এক জন হিন্দু কোন মোকদ্দমায় আপনার কথিত স্ত্রী বামাকে ও তাঁহার মাতাকে প্রতিবাদিনী করিয়া, আপনার বিবাহ নিয়মমতে সাধন হইয়াছে এই মর্ম্মের নির্ণয় ও আপনার স্বামিত্ব স্বত্ব পুনঃপ্রাপণের আজ্ঞা প্রার্থনা করেন। আদালত সেই নির্ণয় ও আজ্ঞা করিলেন। পরে চন্দ্র বামাকে আপনার স্ত্রী বলিয়া আনন্দের নিকটহইতে তাহাকে ফিরিয়া পাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। পূর্ব্ব মোকদ্দমায় যে নির্ণয় করা গেল চন্দ্র তাহাতে আবদ্ধ নহেন।

CHAPTER VII.

OF THE ENFORCEMENT OF PUBLIC DUTIES.

৭ সপ্তম অধ্যায়।

রাজকীয় কার্য্য প্রচল করাণ বিষয়ক বিধি।

42. Any of the High Courts of Judicature at Fort William, Madras, and Bombay may, on application, make an order requiring any specific act to be done by any person holding a public office of a permanent nature, or by any corporation or inferior Court of Judicature: provided—

Power to order public servants and others to do certain specific acts.

৪২ ধারা। যে ব্যক্তি নির্দ্ধারিতমতে রাজকীয় পদ ধারণ করেন তিনি কিম্বা কোন সমবায়িত সমাজ কিম্বা অধীন কোন আদালত কোন নির্দ্দিষ্ট কার্য্য করেন কোন ব্যক্তি এমত আজ্ঞা হইবার প্রার্থনা করিলে, কলিকাতার কি মাদ্রাজের কিম্বা বোম্বাইয়ের কোন হাই কোর্ট সেই আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু এমত স্থলে প্রয়োজন যে,

রাজকীয় কার্য্যকারকদিগকে ও অন্য ব্যক্তিদিগকে নির্দ্দিষ্ট কর্ম্ম করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

(*a*) that such act is clearly incumbent on such person or court in his or its public character, or on such corporation in its corporate character;

(ক) ঐ ব্যক্তির কি আদালতের রাজকীয় ভাবোপলক্ষে কিম্বা ঐ সমবায়িত সমাজের সমাবেত ভাবোপলক্ষে উক্ত ক্রিয়া স্পষ্টই তাঁহার অতিকর্ত্তব্য হয়,

(*b*) that, in the opinion of the High Court, such act is consonant to right and justice:

(খ) ও হাই কোর্টের বিবেচনায় সেই কার্য্য সমুচিত ও ন্যায়ানুগত,

(*c*) that the applicant has no other specific and adequate legal remedy; and

(গ) ও প্রার্থকের প্রতিকার পাইবার আইন অনুযায়ি নির্দ্দিষ্ট ও যথোচিত অন্য উপায় নাই,

(*d*) that the remedy given by the order applied for will be complete.

(ঘ) ও যে আজ্ঞার প্রার্থনা করা যায় তৎক্রমে যে প্রতিকার হয় তাহা পর্য্যাপ্ত হইবে।

Nothing in this section shall be deemed to authorize any High Court—

Exemptions from such power.

(ঙ) ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব, কিম্বা মাদ্রাজের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেব, কিম্বা বোম্বাইয়ের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর সাহেব, কিম্বা বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যে আজ্ঞাতে আবদ্ধ থাকিবেন হাই কোর্ট এমত আজ্ঞা করিতে,

ঐ ক্ষমতাহইতে মুক্তির কথা।

(*e*) to make any order binding on the Secretary of State for India in Council, on the Governor-General in Council, on the Governor of Madras in Council, on the Governor of Bombay in Council, or on the Lieutenant-Governor of Bengal: or

(*f*) to make any order on any other servant of the Crown, as such, merely to enforce the satisfaction of a claim upon the Crown.

(চ) কিম্বা মহারাণীর উপর কোন দাওয়া প্রবল করণরূপ একমাত্র অভিপ্রায়ে মহারাণীর কার্য্যকারক-স্বরূপ সেই কার্য্যকারকের প্রতি এমত আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন এই ধারার কোন কথা দ্বারা এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

43. Every application under section forty-two must be founded on an affidavit of the party injured stating his right in the matter in question, his demand of justice and the denial thereof; and the High Court may, in its discretion, either make the order applied for absolute in the first instance, or refuse it and grant a rule to show cause why the order applied for should not be made.

Application how made.

Procedure thereon.

৪৩ ধারা। ৪২ ধারামতে যে প্রার্থনা করা যায় তাহা ক্ষতিগ্রস্ত ব্যক্তির আফিডেবিট মূলক হইবে, ও তন্মধ্যে লক্ষিত বিষয়ে তাঁহার স্বত্ব ও তাঁহার ন্যায্য পাইবার দাওয়া ও তাহা পাইতে না পারিবার কথা ব্যক্ত থাকিবে। ও যে আজ্ঞার প্রার্থনা হয়, হাই কোর্ট আপনার বিবেচনামতে প্রথম স্থলেই সেই আজ্ঞা নিরপেক্ষরূপে সিদ্ধ করিতে পারিবেন অথবা সেই আজ্ঞা করিতে অসম্মত হইয়া যে আজ্ঞার প্রার্থনা হইল তাহা না করিবার হেতু দর্শাইবার আদেশ করিবেন।

প্রার্থনা যেরূপে করিতে হইবে তদ্বিষয়ের কথা।

তদনুসারি কার্য্যপ্রণালী।

If, in the latter case, the party complained of shows no sufficient cause, the High Court may first make an order in the alternative, either to do the act required, or to signify some reason to the contrary and make an answer thereto by such day as the High Court fixes in this behalf.

Order in alternative.

শেষোক্ত স্থলে যে পক্ষের নামে নালিশ হয় তিনি বিশিষ্ট কারণ না দর্শাইলে, হাই কোর্ট প্রথমেই প্রার্থিত কার্য্য করিবার আজ্ঞা, অথবা অনুকল্পে তদ্বিপক্ষ কোন কারণ লক্ষ করিয়া হাই কোর্টের এই কার্য্যপক্ষে নিরূপিত দিনের মধ্যে উত্তর করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অনুকল্পে আজ্ঞার কথা।

44. If the person to whom such order is directed makes no answer, or makes an insufficient or a false answer, the High Court may then issue a peremptory order to do the act absolutely.

Peremptory order.

৪৪ ধারা। যে ব্যক্তির প্রতি উক্ত আজ্ঞা করা যায় তিনি উত্তর না করিলে কিম্বা অযথা কি মিথ্যা উত্তর করিলে হাই কোর্ট নিরপেক্ষরূপে সেই কর্ম্ম করিবার দৃঢ় আজ্ঞা করিতে পারিবেন ইতি।

নির্দ্ধারিত আজ্ঞার কথা।

45. Every order under this chapter shall be executed, and may be appealed from, as if it were a decree made in the exercise of the ordinary original civil jurisdiction of the High Court.

Execution of, and appeal from, orders.

৪৫ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের যে সাধারণ ক্ষমতা আছে তদনুসারে কার্য্য হইয়া যে ডিক্রী করা যায়, এই অধ্যায়মত প্রত্যেক আজ্ঞা সেই ডিক্রীর ন্যায় সাধন করা যাইতে ও তাহার উপর আপীল হইতে পারিবে ইতি।

আজ্ঞা সাধনের ও তাহার উপর আপীলের কথা।

46. The costs of all applications and orders under this chapter shall be in the discretion of the High Court.

Costs

৪৬ ধারা। এই অধ্যায়মতে যে সকল প্রার্থনাপত্র ও আজ্ঞা করা যায় তাহার খরচা হাই কোর্টের বিবেচনানুযায়ি হইবে ইতি।

খরচার কথা।

47. Neither the High Court nor any Judge thereof shall hereafter issue any writ of *mandamus*.

Bar to issue of *mandamus*.

৪৭ ধারা। এই অবধি হাই কোর্ট কিম্বা ঐ কোর্টের কোন জজ মাণ্ডামস নামক পরওয়ানা দিবার নিষেধের কথা।

মাণ্ডামস নামক পরওয়ানা দিবার নিষেধের কথা।

48. Each of the said High Courts shall, as soon as conveniently may be, frame rules to regulate the procedure under this chapter; and until such rules are framed, the practice of such Court as to applications for and grants of writs of *mandamus* shall apply, so far as may be practicable, to applications and orders under this chapter.

Power to frame rules.

৪৮ ধারা। পূর্ব্বোক্ত প্রত্যেক হাই কোর্ট সুবিধামতে ত্বরায় এই অধ্যায়মত কার্য্যপ্রণালীর বিধান করণার্থ বিধি প্রণয়ন করিবেন। তাহা যত দিন প্রণীত না হয়, মাণ্ডামস নামক পরওয়ানার প্রার্থনা করণ ও দেওন সম্পর্কে ঐ কোর্টের যে রীতি চলন আছে, তাহা তত দিন এই অধ্যায়মত প্রার্থনাপত্রের ও আজ্ঞার প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

[*Government Gazette*, 31*st October* 1876.]

PART III.

OF PREVENTIVE RELIEF.

CHAPTER VIII.

OF INJUNCTIONS GENERALLY.

Preventive relief how granted.

49. Preventive relief is granted at the discretion of the Court by injunction, temporary or perpetual.

Temporary injunctions.

50. Temporary injunctions are such as are to continue until a specified time. They may be granted at any period of a suit, and are regulated by the Code of Civil Procedure.

Perpetual injunctions.

A perpetual injunction can only be granted by the decree made at the hearing and upon the merits of the suit: the defendant is thereby perpetually enjoined from the assertion of a right, or from the commission of an act, which would be contrary to the rights of the plaintiff.

CHAPTER IX.

OF PERPETUAL INJUNCTIONS.

Perpetual injunctions when granted.

51. Subject to the other provisions contained in, or referred to by this chapter, a perpetual injunction may be granted to prevent the breach of an obligation existing in favour of the applicant, whether express or implied.

When such obligation arises from contract, the Court shall be guided by the rules and provisions contained in chapter II of this Act.

When such obligation arises from an actual or threatened invasion by the defendant of the plaintiff's right to, or enjoyment of, property, the Court may grant a perpetual injunction in the following cases (namely) —

(*a*) where the parties have expressly agreed in writing that, in case of such invasion, a perpetual injunction may be granted:

(*b*) where there exists no standard for ascertaining the actual damage caused by the invasion:

(*c*) where the invasion is such that pecuniary compensation would not afford adequate relief:

(*d*) where it is probable that pecuniary compensation cannot be got for the invasion:

তৃতীয় ভাগ।

নিষেধসূচক উপকার বিষয়ক বিধি।

৮ অষ্টম অধ্যায়।

নিষেধসূচক সাধারণ আজ্ঞার বিধি।

নিষেধসূচক উপকার যেরূপে করা যাইবে তাহার কথা।

৪৯ ধারা। আদালতের বিবেচনামতে কিয়ৎকালীন কি চিরকালীন নিষেধসূচক আজ্ঞা করণদ্বারা নিষেধসূচক উপকার করা যাইতে পারিবে ইতি।

কিয়ৎকালীন নিষেধবিষয়ক কথা।

৫০ ধারা। নিষেধসূচক যে আজ্ঞা নির্দ্দিষ্ট কালপর্য্যন্ত প্রবল থাকে তাহা কিয়ৎকালীন। তাহা মোকদ্দমা চলনের কোন সময়েই দেওয়া যাইতে পারিবে ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে তাহার বিধান হইবে।

চিরকালীন নিষেধবিষয়ক কথা।

মোকদ্দমার শ্রবণ হইয়া দোষগুণানুসারে যে ডিক্রী করা যায় কেবল তৎক্রমে নিষেধসূচক চিরকালীন আজ্ঞা করা যাইতে পারিবে। তদ্দ্বারা প্রতিবাদী চিরকালের নিমিত্ত বাদির স্বত্বের বিপক্ষে কোন স্বত্ব দৃঢ়মতে ব্যক্ত করিতে কিম্বা কোন ক্রিয়া করিতে নিষিদ্ধ হন ইতি।

৯ নবম অধ্যায়।

চিরকালীন নিষেধবিষয়ক বিধি।

যে স্থলে চিরকালীন নিষেধ হইতে পারে তাহার কথা।

৫১ ধারা। প্রার্থকের সপক্ষে অবশ্য কর্ত্তব্য ক্রিয়ার যে নিবন্ধন স্পষ্টতঃ বা ভাবতঃ বর্ত্তে, এই অধ্যায়ের নির্দ্দিষ্ট বা উল্লিখিত অন্যান্য বিধান মানিয়া, সেই নিবন্ধনের ভঙ্গ নিবারণার্থে চিরকালীন নিষেধসূচক আজ্ঞা দেওয়া যাইতে পারিবে।

চুক্তিহইতে সেই নিবন্ধন উত্থিত হইলে, আদালত এই আইনের দ্বিতীয় অধ্যায়ের লিখিত বিধি ও বিধানমতে কার্য্য করিবেন।

সম্পত্তিতে বাদির যে স্বত্ব আছে কি যে ভোগ হইতেছে প্রতিবাদী তৎপ্রতি আক্রমণ করাতে কি আক্রমণ করিবার ভয় দর্শাওনেতে ঐ নিবন্ধন উত্থিত হইলে, আদালত নিম্নলিখিত স্থলে চিরকালীন নিষেধসূচক আজ্ঞা করিতে পারিবেন বিশেষতঃ

(ক) তদ্রূপ আক্রমণ হইলে চিরকালীন নিষেধসূচক আজ্ঞা করা যাইতে পারিবে উভয় পক্ষ লিখনক্রমে এই স্পষ্ট নিয়ম করিয়া থাকিলে,

(খ) সেই আক্রমণদ্বারা প্রকৃত যে হানি হইয়াছে তাহা নিশ্চিতমতে জানিবার কোন কষ্টি না থাকিলে,

(গ) আক্রমণ বিবেচনায় টাকাদ্বারা হানিপূরণ হইলেও যথোচিত উপকার না হইলে,

(ঘ) আক্রমণ হেতুক টাকাদ্বারা হানিপূরণ পাইবার সম্ভাবনা না থাকিলে,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অক্টোবর।]

(*e*) where the injunction is necessary to prevent a multiplicity of judicial proceedings:

(*f*) where the obligation arises from a trust.

Illustrations.

(*a*). A lets certain land to B, and B agrees not to dig sand or gravel thereout. A may obtain an injunction to restrain B from digging in violation of his agreement.

(*b*). A, the owner of two adjoining houses, lets one to B and afterwards lets the other to C. A and C begin to make such alterations in the house let to C as will prevent the comfortable enjoyment of the house let to B. B may obtain an injunction to restrain them from doing so.

(*c*). A lets certain arable lands to B for purposes of husbandry, but without any express agreement as to the mode of cultivation. Contrary to the mode of cultivation customary in the district, B threatens to sow the lands with seed injurious thereto and requiring many years to eradicate. A may obtain an injunction to restrain B from sowing the lands in contravention of his implied agreement to use them in a husbandlike manner.

(*d*). A, B, and C are partners, the partnership being determinable at will. A threatens to do an act tending to the destruction of the partnership-property. B and C may, without seeking a dissolution of the partnership, obtain an injunction to restrain A from doing the act.

(*e*). A, a Hindu widow in possession of her deceased husband's property, commits destruction of the property without any cause sufficient to justify her in so doing. The heir expectant may obtain an injunction to restrain her.

(*f*). A, B, and C are members of an undivided Hindu family. A cuts timber growing on the family-property, and threatens to destroy part of the family-house and to sell some of the family-utensils. B and C may obtain an injunction to restrain him.

(*g*). A, the owner of certain houses in Calcutta, becomes insolvent. B buys them from the official assignee and enters into possession. A persists in trespassing on and damaging the houses, and B is thereby compelled, at considerable expense, to employ men to protect the possession. B may obtain an injunction to restrain further acts of trespass.

(*h*). The inhabitants of a village claim a right of way over A's land. In a suit against several of them, A obtains a declaratory decree that his land is subject to no such right. Afterwards each of the other villagers sues A for obstructing his alleged right of way over the land. A may obtain an injunction to restrain them.

(ঙ) আদালতে মোকদ্দমাঘটিত অনেক কার্য্য না হওয়ার জন্যে নিষেধসূচক আজ্ঞার আবশ্যক হইলে,

(চ) ন্যাসপত্রহইতে ঐ নিবন্ধন উত্থিত হইলে ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরামকে ভূমি পাট্টা করিয়া দেন ও বলরাম তাহাহইতে বালি কি কাঁকর খুঁড়িয়া লইব না বলিয়া নিয়ম করিলেন। বলরাম ঐ নিয়ম ভঙ্গ করিয়া না খুঁড়েন এই নিমিত্তে আনন্দ তাঁহাকে নিবারণার্থ নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(খ) পাশাপাশি দুই ঘরের স্বামী আনন্দ এক ঘর বলরামকে ও পশ্চাৎ এক ঘর চন্দ্রকে ভাড়া করিয়া দেন। চন্দ্রকে যে ঘরটি ভাড়া করিয়া দেওয়া গেল আনন্দ ও চন্দ্র উভয়ে তাহা এমন পরিবর্ত্তন করিতে লাগিলেন যে বলরামের ঘর স্বচ্ছন্দে ভোগ করা যাইতে পারে না। তাঁহাদিগকে বারণ করিবার জন্যে বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(গ) আনন্দ কৃষিযোগ্য ভূমি চাষ করিবার জন্যে বলরামকে পাট্টা করিয়া দেন, কিন্তু কিরূপে চাষ করিতে হইবে এই বিষয়ের কোন স্পষ্ট নিয়ম করিলেন না। জিলার মধ্যে চাষ করিবার যে রীতি চলন আছে বলরাম তাহা না মানিয়া ভূমির হানিজনক যে বীজ বোনা গেলে উপড়াইয়া ফেলিতে অনেক বৎসর লাগে এমত বীজ বপন করিব বলিয়া ভয় দেখাইলেন। বলরাম উপযুক্ত কৃষকের ন্যায় সেই ভূমির ব্যবহার করিবেন, ভাবতঃ তাঁহার এই মর্ম্মের নিয়ম হইয়াছিল। অতএব তদ্বিপরীতে ভূমিতে অন্য প্রকারের বীজ যেন বপন না করেন আনন্দ তাঁহার নামে এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঘ) আনন্দ ও বলরাম ও চন্দ্র অংশী আছেন ও স্বেচ্ছামতে অংশির লোপ করা যাইতে পারিবে। সেই অংশিত্ব-সম্পত্তি যাহাতে বিনষ্ট হইতে পারে আনন্দ এমত কার্য্য করিবার ভয় দেখাইলে, বলরাম ও চন্দ্র ঐ অংশিত্ব লোপ করিবার চেষ্টা না করিয়া আনন্দের ঐ কর্ম্ম নিবারণ করিবার জন্যে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঙ) আনন্দ নাম্নী হিন্দু বিধবা মৃত স্বামির সম্পত্তির অধিকারিণী হইয়া বিশিষ্ট কোন কারণ না থাকিলেও ঐ সম্পত্তি নষ্ট করিতে চেষ্টা করিলে সম্ভাবিত উত্তরাধিকারী তাঁহাকে বারণ করিবার নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(চ) আনন্দ ও বলরাম ও চন্দ্র অবিভক্ত হিন্দু পরিবারের অন্তর্গত ব্যক্তি। পরিবারের কোন ভূমিতে বৃহৎ কাষ্ঠের যে বৃক্ষ হইতেছে আনন্দ তাহা ছেদন করিয়া পরিবারীয় বাটীর একাংশ নষ্ট করিবার ও পরিবারীয় ঘটীবাটী বিক্রয়াদি করিবার ভয় দেখাইলে বলরাম ও চন্দ্র তাঁহাকে বারণ করিবার নিমিত্ত নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ছ) কলিকাতার অন্তর্গত কএক গৃহের স্বামী আনন্দ ঋণ শোধ করিতে অক্ষম হইলে বলরাম রাজকীয় আসৈনীর স্থানে ঐ২ ঘর ক্রয় করিয়া অধিকার করিলেন। আনন্দ সর্ব্বদাই ঐ২ ঘরে প্রবেশ করিয়া হানিজনক কার্য্য করিলে বলরাম আপনার অধিকৃত ঐ সম্পত্তি রক্ষা করিবার জন্যে অনেক টাকা খরচ করিয়া লোক নিযুক্ত করিলেন। আনন্দের অনধিকার প্রবেশ করিয়া সেই কার্য্য করিতে বারণ করিবার জন্যে বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(জ) কোন গ্রামবাসিরা আনন্দের ভূমি দিয়া যাইবার স্বত্বের দাওয়া করেন, আনন্দ তাহাদের অনেক জনের নামে মোকদ্দমা উপস্থিত করিয়া ঐ ভূমির উপর তদ্রূপ কোন স্বত্ব নাই এই মর্ম্মের নির্ণয়সূচক আজ্ঞা পাইলেন। পরে ঐ গ্রামবাসি অন্য প্রত্যেক জন ঐ ভূমি দিয়া আমার যাইবার স্বত্ব অবরোধ করিয়াছেন বলিয়া আনন্দের নামে মোকদ্দমা উপস্থিত করিলেন। আনন্দ তাহাদিগকে বারণ করিবার জন্যে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*i*). A, in an administration-suit to which a creditor, B, is not a party, obtains a decree for the administration of C's assets. B proceeds against C's estate for his debt. A may obtain an injunction to restrain B.

(*j*). A and B are in possession of contiguous lands and of the mines underneath them. A works his mine so as to extend under B's mine and threatens to remove certain pillars which help to support B's mine. B may obtain an injunction to restrain him for so doing.

(*k*). A rings bells or makes some other unnecessary noise so near a house as to interfere materially and unreasonably with the physical comfort of the occupier, B. B may obtain an injunction restraining A from making the noise.

(*l*). A pollutes the air with smoke so as to interfere materially with the physical comfort of B and C, who carry on business in a neighbouring house. B and C may obtain an injunction to restrain the pollution.

(*m*). A builds a house with eaves projecting over B's land. B may obtain an injunction to prevent A from so doing.

(*n*). A infringes B's patent. If the Court is satisfied that the patent is valid and has been infringed, B may obtain an injunction to restrain the infringement.

(*o*). A pirates B's copyright. B may obtain an injunction to restrain the piracy, unless the work of which copyright is claimed is libellous or obscene.

(*p*). A improperly uses the trade-mark of B. B may obtain an injunction to restrain the user, provided that B's use of the trade-mark is honest.

(*q*). In order to sell his goods, A uses marks, labels, or descriptions so closely resembling those used by B as to be likely to deceive buyers into thinking that they are actually buying B's goods. B may obtain an injunction to restrain the user, provided his own use of the marks, labels, or descriptions be an honest one.

(*r*). A sells an article called "Mexican Balm," stating that it is compounded of divers rare essences, and has sovereign medicinal qualities. B commences to sell a similar article to which he gives a name and description such as to lead people into the belief that they are buying A's Mexican Balm. A sues B for an injunction to restrain the sale. B shows that A's Mexican Balm consists of nothing but scented hog's lard. A's use of his description is not an honest one and he cannot obtain an injunction.

(*s*). A trustee threatens a breach of trust. His co-trustees, if any, should, and the beneficial owners may, obtain an injunction to prevent the breach.

(ঘ) দ্রব্যনিরূপণাধিকারিত্ববিষয়ক মোকদ্দমায় আনন্দ চন্দ্রের ধনাদি নিরূপণ করিবার ডিক্রী পাইলেন। বলরাম নামক চন্দ্রের এক জন মহাজন ঐ মোকদ্দমার এক পক্ষ না হইয়া আপন ঋণ আদায়ের নিমিত্ত চন্দ্রের সম্পত্তির বিপক্ষে মোকদ্দমা করিলেন। আনন্দ তাঁহাকে বারণ করিবার জন্যে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঙ) আনন্দ ও বলরাম পাশাপাশি ভূমিখণ্ড ও তাহার নিম্নভাগস্থ খনির অধিকার পাইলেন। আনন্দ খনি খুঁড়িয়া বলরামের খনির নীচে কার্য্য চালান ও যে থামের উপর বলরামের খনির ভার থাকে তাহা নষ্ট করিবার ভয় দেখান। বলরাম তাঁহাকে বারণ করিবার জন্যে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(চ) আনন্দ কোন ঘরের নিকট ঘণ্টা বাজাইয়া কিম্বা অনাবশ্যকমতে গোল করিয়া অসঙ্গতরূপে ঐ গৃহনিবাসি বলরামের শারিরীক স্বাস্থ্যের ভারী বিঘ্ন জন্মাইতেছেন। আনন্দের সেই গোল বারণ করিবার জন্যে বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ছ) বলরাম ও চন্দ্র কোন ঘরে ব্যবসায় চালাইতেছেন আনন্দ ধূমেতে বায়ু মলিন করিয়া তাহাদের শারীরিক স্বাস্থ্যের বিঘ্ন জন্মান। বায়ু মলিন করা নিবারণার্থে বলরাম ও চন্দ্র নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(জ) আনন্দ ঘর বাঁধিতে গেলে তাঁহার ঘরের ছাঁইচ বলরামের ভূমির উপর পড়ে। আনন্দকে বারণ করিবার জন্যে বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঝ) বলরাম পেটেণ্ট পাইলে আনন্দ তাহা লঙ্ঘন করিলেন। ঐ পেটেণ্ট প্রামাণিক আছে ও তাহার লঙ্ঘন হইয়াছে আদালত ইহা রুদ্ধোধমতে জানিতে পাইলে বলরাম সেই লঙ্ঘন দোষ নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঞ) বলরাম গ্রন্থ স্বত্ব পাইলে আনন্দ তাহা অপহরণ করেন। যে গ্রন্থ বিষয়ে স্বত্বের দাওয়া হয় তাহা পরের অপবাদজনক কিম্বা শৃঙ্গার রস ঘটিত না হইলে বলরাম সেই স্বত্বাপহরণ নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ট) বলরাম যে ব্যবসায়ির চিহ্নের ব্যবহার করিয়া থাকেন আনন্দ অনুপযুক্তমতে সেই চিহ্নের ব্যবহার করিলে যদি বলরাম সরলভাবে ঐ চিহ্নের ব্যবহার করিয়া থাকেন তবে আনন্দের তদ্ব্যবহার নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ঠ) বলরাম আপন মালের উপর যে চিহ্ন ও টিকিট দিয়া ঐ মালের যেরূপ বর্ণনা করিয়া থাকেন, আনন্দও আপন মাল বিক্রয় করিবার জন্যে যাহাতে লোকেরা ভুল করিয়া বলরামেরই মাল ক্রয় করিতেছেন বোধ করিতে পারেন এমতে ঠিক বলরামের চিহ্নের ও টিকিটের মত চিহ্ন ও টিকিট আপন মালে বসাইয়া আপন মালের সেই বর্ণনা করেন। বলরাম যদি সরলভাবে ঐ চিহ্ন ও টিকিট দিয়া ঐ বর্ণনা করিয়া থাকেন তবে আনন্দের তদ্রূপ চিহ্নাদির ব্যবহার নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(ড) আনন্দ গুগুলঘটিত নানা প্রকারের অদ্ভুত সুগন্ধী দ্রব্য মিশ্রিত আশ্চর্য্য ঔষধীয় গুণবিশিষ্ট বলিয়া "মেকসিকান গুগুল" নামে এক প্রকারের দ্রব্য বিক্রয় করিতেছেন। বলরামও সেই প্রকারের দ্রব্য বিক্রয় করিয়া ঐ দ্রব্যের ঐ নাম ও বর্ণনা এমতে প্রকাশ করিলেন যেন লোকেরা আনন্দের মেকসিকান গুগুল ক্রয় করেন এমত বোধ করিতে পারেন। বলরামকে বারণ করিবার জন্যে আনন্দ নিষেধসূচক আজ্ঞা প্রার্থনা করিলে বলরাম আনন্দের সেই মেকসিকান গুগুল কেবল সুগন্ধিদ্রব্য যুক্ত শুকরের মেদ বলিয়া প্রকাশ করিলেন। আনন্দ সরলভাবে সেই দ্রব্যের বর্ণনা না করাতে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন না।

(ণ) কোন ন্যাসধারী ন্যাসভঙ্গ করিবার ভয় দেখান। তাঁহার সঙ্গি ন্যাসধারী থাকিলে তাঁহাদের সেই ন্যাসভঙ্গ নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা লওয়া উচিত ও যে স্বামিদের নিমিত্তার্থে ধন ন্যস্ত হইল তাঁহারা ঐরূপ আজ্ঞা পাইতে পারিবেন।

(*t*). The directors of a public company are about to pay dividend out of capital or borrowed money. Any of the shareholders may obtain an injunction to restrain them.

(ন) কোন প্রকাশ্য কোম্পানির কার্য্যসম্পাদকেরা মূলধন লইয়া কিম্বা ঋণ গ্রহণ করিয়া ডিবিডেণ্ড দিতে প্রবর্ত্ত আছেন, তাহা হইলেকোন অংশির। তাঁহাদিগকে বারণ করিবার জন্যে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*u*). The directors of a fire and life insurance company are about to engage in marine insurances. Any of the shareholders may obtain an injunction to restrain them.

(প) অগ্নিদ্বারা ক্ষতির নিষ্কৃতি জন্য ও জীবনের উপর বিমাপত্র ব্যবসায়ি প্রকাশ্য কোম্পানির কার্য্য সম্পাদকেরা সমুদ্রসংক্রান্ত বিমাপত্রের ব্যবসায়ে প্রবর্ত্ত হইলে, অংশিদের মধ্য কোন ব্যক্তিরা তাঁহাদিগকে নিবারণ করিবার নিমিত্ত নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*v*). A, an executor, through misconduct or insolvency, is bringing the property of the deceased into danger. The Court may grant an injunction to restrain him from getting in the assets.

(ফ) কোন ব্যক্তির উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক আনন্দ অহিতাচারের দ্বারা কিম্বা ঋণ শোধ করিতে অক্ষম হওয়াতে মৃত ব্যক্তির সম্পত্তির আশঙ্কা জন্মাইতেছেন। তিনি যেন মৃত ব্যক্তির স্থিতে হস্তক্ষেপ করিতে না পারেন আদালত এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা করিতে পারিবেন।

(*w*). A, a tradesman, holds out B as his partner against the wish and without the authority of B. B may obtain an injunction to restrain A from so doing.

(ব) আনন্দ নামক এক জন ব্যবসায়ী বলরামের ইচ্ছা ও অনুমতি বিনা তাঁহাকে আপন অংশী বলিয়া প্রকাশ করিতেছেন, তাঁহাকে বারণ করিবার নিমিত্ত বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*x*). A, a trustee for B, is about to make an imprudent sale of a small part of the trust-property. B may obtain an injunction to restrain the sale, even though compensation in money would have afforded him adequate relief.

(ভ) বলরামের পক্ষে ন্যাসধারী আনন্দ ন্যস্ত সম্পত্তির ক্ষুদ্রাংশ অবিহিতরূপে বিক্রয় করিতে উদ্যত হইলে, তদ্দ্বারা বলরামের যে হানি হয় টাকা দ্বারা সেই হানিপূরণস্বরূপ উপযুক্ত উপকার পাইতে পারিলেও তিনি ঐ বিক্রয় নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*y*). A makes a voluntary settlement of an estate on B and his children A then contracts to sell the estate to C. B or any of his children may obtain an injunction to restrain the sale.

(ম) আনন্দ স্বেচ্ছামতে বলরামের ও তাঁহার সন্তানদের পক্ষে মহালের নিরূপণপত্র করিয়া দিলেন। পরে আনন্দ চন্দ্রের নিকট ঐ মহাল বিক্রয় করিবার নিয়ম করেন। বলরাম কিম্বা তাঁহার সন্তানদের মধ্যে কোন ব্যক্তি ঐ বিক্রয় নিবারণার্থে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*z*). In the course of A's employment as a vakil, certain papers belonging to his client, B, come into his possession. A threatens to make these papers public, or to communicate their contents to a stranger. B may obtain an injunction to restrain A from so doing.

(য) আনন্দ বলরামের পক্ষে উকীল হওয়াতে বলরামের কএকখানি কাগজপত্র তাঁহার অধিকারে আইসে, পরে সেই কাগজপত্র প্রকাশ করিবার কিম্বা উদাসীন ব্যক্তিকে তাহার মর্ম্ম জানাইবার ভয় দর্শাইতেছেন। বলরাম তাহাকে বারণ করিবার নিমিত্ত নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*aa*). A mortgages lands to B with the usual power of sale. C and D then recover judgments against A. B exercises the power and threatens to part with the surplus-moneys. As regards these, he is a trustee for A and those claiming under A. C and D may therefore obtain an injunction to restrain B from parting with the surplus.

(র) আনন্দ বলরামের নিকট ভূমি বন্ধক রাখিয়া রীতিমতে তাঁহাকে ভূমি বিক্রয় করিবার ক্ষমতাও প্রদান করিলেন। পরে চন্দ্র ও দিননাথ আনন্দের বিপক্ষে ডিক্রী পান। বলরাম উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিয়া উদ্বর্ত্ত টাকা অন্যের হস্তে দিবার ভয় দর্শান। কিন্তু ঐ টাকা সম্পর্কে তিনি আনন্দের ও তাঁহার অধীন অন্য দাওয়াদারদের পক্ষে ন্যাসধারী। অতএব বলরামকে ঐ উদ্বর্ত্ত টাকা হস্তান্তর করিতে বারণ করিবার নিমিত্ত তাঁহারা নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*bb*). A is B's medical adviser. He demands money of B which B declines to pay. A then threatens to make known the effect of B's communications to him as a patient. This is contrary to A's duty, and B may obtain an injunction to restrain him from so doing.

(ল) আনন্দ বলরামের চিকিৎসক হইয়া বলরামের স্থানে টাকা চাহিলে বলরাম তাহা দিতে সম্মত হইলেন না। তাহাতে বলরাম আপন রোগসম্পর্কীয় যে কথা কহিলেন আনন্দ তাহার মর্ম্ম প্রকাশ করিবার ভয় দেখাইলেন। ইহা আনন্দের কর্ত্তব্য কর্ম্মের বিপরীত ও তাঁহাকে বারণ করিবার জন্যে বলরাম নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*cc*). A, a very eminent man, writes letters on family-topics to B. After the death of A and B, C, who is B's residuary legatee, proposes to make money by publishing A's letters. D, who is A's executor, has a property in the letters and can obtain an injunction to restrain C from publishing them.

(শ) আনন্দ নামক অতি প্রসিদ্ধ এক ব্যক্তি বলরামের নামে স্বীয় বংশের বিবরণসূচক পত্র লিখিলেন। আনন্দের ও বলরামের মৃত্যুর পর বলরামের উইলক্রমে অবশিষ্ট ধনপ্রাপ্তা চন্দ্র ঐ আনন্দের পত্র প্রকাশ করিয়া টাকা উপার্জ্জন করিবার কল্পনা করেন। দিননাথ আনন্দের উইলক্রমে নিরূপিত কার্য্য-সম্পাদক হওয়াপ্রযুক্ত ঐ পত্রে তাঁহার স্বামিত্ব থাকাতে তিনি ঐ পত্র প্রকাশ করা নিবারণার্থে চন্দ্রের নামে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

(*dd*). A carries on a manufactory and B is his assistant. In the course of his business, A imparts to B a secret process of value. B afterwards demands money of A, threatening, in case of refusal, to disclose the process to C, a rival-manufacturer. A can obtain an

(ষ) আনন্দের কারখানায় বলরাম সহকারিতা করিতেছেন। কার্য্য চলনসময়ে আনন্দ বলরামের নিকট কোন কার্য্য করিবার গূঢ় নিয়ম প্রকাশ করিলেন তদ্দ্বারা অনেক লভ্যও হইতে পারে। পরে বলরাম আনন্দের স্থানে টাকা চাহিয়া ভয় দেখাইয়া বলেন যে ঐ টাকা না দিলে অন্য কারীগর চন্দ্রের নিকট ঐ কার্য্যের গূঢ়

injunction to restrain B from disclosing the process as being a thing contrary to his duty.

Mandatory injunctions.

52. When, to prevent the breach of an obligation, it is necessary to compel the performance of certain acts which the Court is capable of enforcing, the Court may in its discretion grant an injunction to prevent the breach complained of, and also to compel performance of the requisite acts.

Illustrations.

(a). A, by new buildings, obstructs lights to the access and use of which B has acquired a right under the Indian Limitation Act, Part IV. B may obtain an injunction not only to restrain A from going on with the buildings, but also to pull down so much of them as obstructs B's lights.

(b). In the case put as illustration *(bb)* to section 51, the Court may also order all written communications made by B as patient, to A as physician, to be destroyed.

(c). In the case put as illustration *(cc)* to section 51, the Court may also order A's letters to be destroyed.

(d). In the cases put as illustrations *(p)*, *(q)*, and *(r)* to section 51, the Court may also order the copies produced by piracy, and the trade-marks, labels and descriptions improperly used by A to be destroyed.

Injunction when refused.

53. An injunction cannot be granted—

(*a*) to stay a judicial proceeding pending at the institution of the suit in which the injunction is sought, unless such restraint is necessary to prevent a multiplicity of proceedings:

(*b*) to stay proceedings in a Court superior to that from which the injunction is sought:

(*c*) to restrain persons from applying to any legislative body:

(*d*) to interfere with the public duties of any department of the Government of India or the Local Government, or with the sovereign acts of a foreign Government:

(*e*) to stay proceedings in any criminal matter:

(*f*) to prevent the breach of an agreement the performance of which would not be specifically enforced:

(*g*) to prevent, on the ground of nuisance, an act of which it is not reasonably clear that it will be a nuisance:

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৩১ অক্টোবর।]

নিয়ম জানাইব। এই কর্ম্ম বলরামের কর্ত্তব্যের বিপক্ষ অতএব ঐ কথা প্রকাশ করিতে বারণ করিবার জন্যে আনন্দ তাঁহার স্থানে নিষেধসূচক আজ্ঞা পাইতে পারিবেন।

আজ্ঞাসহিত নিষেধ বিষয়ক কথা।

৫২ ধারা। নিবন্ধন ভঙ্গ করা নিবারণ করিবার জন্যে, আদালত যে কর্ম্ম করাইয়া লইতে পারেন এমত কর্ম্ম বলক্রমে সাধন করাণ আবশ্যক হইলে, যে নিবন্ধন ভঙ্গের নালিশ হয় আদালত স্বীয় বিবেচনামতে তাহা নিবারণের এবং প্রয়োজনীয় কর্ম্ম সাধনও করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(ক) বলরাম ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনের চতুর্থ ভাগানুসারে আলো পাইবার ও তাহার ব্যবহার করিবার স্বত্ব পাইলে আনন্দ নূতন দেয়াল গাঁথিয়া উঁহার সেই আলো পাইবার বাধা জন্মাইলেন। আনন্দের সেই দেয়ালের গাঁথনী চালাইতে বারণ করিবার এবং সেই দেয়ালের যে অংশ দ্বারা ঐ আলো পাইবার বাধা হয় তাহা ভাঙ্গাইয়া ফেলিবারও আজ্ঞা পাইতে পারিবেন।

(খ) ৫১ ধারার (ল) প্রকরণের উদাহরণের স্থলে, বলরাম রোগী হইয়া আপনার চিকিৎসক আনন্দকে যে সকল কথা লিখিয়া জানাইলেন আদালত সেই সকল পত্র নষ্ট করিবারও আজ্ঞা করিতে পারিবেন।

(গ) ৫১ ধারার (শ) প্রকরণের উদাহরণের স্থলে, আদালত আনন্দের সকল পত্র নষ্টও করিবার আজ্ঞা দিতে পারিবেন।

(ঘ) ৫১ ধারার (ড) (ঢ) (দ) প্রকরণের স্থলে, অপহরণ দ্বারা যে সকল প্রতিলিপি করা গেল ও আনন্দ যে ব্যবসায়দির চিহ্নের ও টিকিটের ও বর্ণনার অনুচিতমতে ব্যবহার করিলেন আদালত তাহা নষ্টও করিবার আজ্ঞা দিতে পারিবেন।

নিষেধসূচক আজ্ঞা যে স্থলে দেওয়া না যাইবে তাহার কথা।

৫৩ ধারা। এই২ স্থলে নিষেধসূচক আজ্ঞা দেওয়া যাইতে পারিবে না।—

(ক) যে মোকদ্দমায় নিষেধসূচক আজ্ঞার প্রার্থনা হয় সেই মোকদ্দমা উপস্থিত থাকিতে আদালতের আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিবার নিমিত্ত। কিন্তু আনুষ্ঠানিক কার্য্যের বাহুল্য না হইবার জন্যে আবশ্যক হইলে ঐ নিষেধসূচক আজ্ঞা দেওয়া যাইতে পারিবে।

(খ) যে আদালতে নিষেধসূচক আজ্ঞার প্রার্থনা হয় তাঁহার উপরিস্থ আদালতের আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিবার নিমিত্ত।

(গ) ব্যবস্থাপক সমাজের নিকট কোন ব্যক্তির প্রার্থনা করিতে বারণ করিবার নিমিত্ত।

(ঘ) ভারতবর্ষীয় কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের কোন কর্ম্মবিভাগের কর্ত্তব্য রাজকীয় কর্ম্মে কিম্বা ভিন্নদেশীয় গবর্ণমেণ্টের কোন রাজকার্য্যে হস্তক্ষেপ করিবার নিমিত্ত।

(ঙ) অপরাধঘটিত কোন বিষয়ের আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিবার নিমিত্ত।

(চ) যে নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করা না যাইত সেই নিয়ম ভঙ্গ নিবারণ করিবার নিমিত্ত।

(ছ) কোন ক্রিয়া অনিষ্টজনক হইবে ইহা সঙ্গতমতে স্পষ্ট না হইলেও অনিষ্টজনক বলিয়া তাহা বারণ করিবার নিমিত্ত।

(*h*) to prevent a libel or other act, whether punishable by criminal law or not, which is not an invasion of the plaintiff's right to, or his enjoyment of, property, and is not inconsistent with any contract made by the defendant with the plaintiff, or with any special duty which the defendant owes to the plaintiff:

(জ) অপবাদজনক যে কথা কিম্বা অন্য যে ক্রিয়ার দ্বারা কোন সম্পত্তিতে বাদির স্বত্বের কি তাঁহার ঐ সম্পত্তি ভোগের পক্ষে উপদ্রব না হয়, ও বাদির সঙ্গে প্রতিবাদির কৃত কোন চুক্তির সঙ্গে কিম্বা বাদির পক্ষে প্রতিবাদির কর্ত্তব্য কোন বিশেষ কর্ম্মের সহিত উক্ত যে কথা কি ক্রিয়া অসঙ্গত না হয় তাহা ফৌজদারী আইন অনুসারে দণ্ডনীয় হইলে বা না হইলেও সেই অপবাদজনক কথা কি অন্য ক্রিয়া বারণ করিবার নিমিত্ত।

(*i*) to prevent a continuing breach in which the applicant has acquiesced:

(ঝ) প্রার্থক যে চুক্তি ভঙ্গিতে সম্মত হইয়াছেন সেই চুক্তিভঙ্গ হইতে না থাকে ইহা বারণ করিবার নিমিত্ত।

(*j*) when equally efficacious relief can certainly be obtained by any other usual mode of proceeding, except in case of breach of trust:

(ঞ) বিশ্বাসঘাতকতার স্থলভিন্ন, অন্য স্থলে রীতিমতে অন্যরূপ কার্য্যানুষ্ঠান করিয়া তুল্য ফলোপধায়ক উপকার অবশ্য পাওয়া যাইতে পারিলে।

(*k*) when the conduct of the applicant or his agents has been such as to disentitle him to the assistance of the Court:

(ট) প্রার্থকের কিম্বা তৎপক্ষীয় কর্ম্মকারকদের আচরণ হেতুক আদালতের উপকার প্রাপণার্থে তাঁহাদের আর অধিকার না থকিলে,

(*l*) where the applicant has no personal interest in the matter.

(ঠ) প্রার্থিত বিষয়ে প্রার্থকের নিজের স্বার্থ না থাকিলে ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a*). A being B's neighbour, and having no other relations with him, threatens to publish a statement concerning B which would be punishable under Chapter XXI of the Indian Penal Code. The Court cannot grant an injunction to restrain the publication, even though it may be injurious to B's property.

১৮৭৬ সাল ২৮ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের দ্বিতীয় খণ্ডের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে মনোনীত হইলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

তাঁহারা আপন২ নামের পার্শ্বলিখিত নগরের পল্লীর পক্ষে স্থলাভিষিক্ত হইবেন।

কমিশ্যনরদের নাম।			পল্লী।
শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়	...	...	১ নং পল্লী, ইহার মধ্যে শ্রীরামপুর, ও চাতরা বল্লভপুর।
,, ,, নন্দলাল গোস্বামী	...	...	
,, ,, কেদারনাথ চট্টোপাধ্যায়	...	...	
,, ,, ঠাকুরদাস গোস্বামী	...	...	
,, ,, দীনবন্ধু চট্টোপাধ্যায়	...	...	২ নং পল্লী, ইহার মধ্যে মাহেশ, রিশড়া ও জানগর।
,, ,, বিহারীলাল মুখোপাধ্যায়	...	...	
,, ,, শিবচন্দ্র দেব	...	...	৩ নং পল্লী, ইহার মধ্যে কোননগর ও আলীনগর।

আর, এল, মাজেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ নবেম্বর।]

NOTIFICATION.

The 21st October 1876.—Under Section 322 of the Bengal Municipal Act V (B.C.) of 1876, it is hereby notified that the town of Palkote, with its hamlets in the district of Lohardugga, in the Chota Nagpore Division, is formed into a union, and that the provisions of Chapter III of the said Act shall come into force in the same from the 1st April 1877.

Under Section 323 of the Act it is also notified that the boundaries of the Union shall be as follow:—

On the North.—Pundkie Tongri, Jamtoli Dhonda, and Gobur Silli Tongri.

On the East.—Gobur Silli hill, a Tongri on the Bussia Road, and a Tongri on the Kolaibera Road.

On the South.—Chick Tongri, a stream issuing from Toomul Sookra hill.

On the West.—A range of hills called Ghorabutta, Palkote hill, and Golmer village.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th October 1876.—Under the authority vested in him by Section 3, Act IV (B.C.) of 1865 (an Act for the prohibition of the practice of inoculation, &c.), the Lieutenant-Governor hereby extends the provisions of the said Act to the thanas of Pangsa, Palong, and Deora, in the district of Furreedpore.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th October 1876.—Under Act I (B.C.) of 1876 the Lieutenant-Governor is pleased to appoint Moulvi Mobarek Ali to be the Marriage Registrar of the Kumariya sub-district in Chittagong.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

LOCAL,—COMMUNICATIONS.

The 30th October 1876.

No. 347.—The following amended declaration is published in supersession of the one dated the 16th September 1874 and published at page 1499 of the *Calcutta Gazette* of the 23rd idem:—

Declaration under Section 6 of Act X of 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the construction of a road in the village of Natoodah, pergunnah Bagwan, zillah Nuddea, connecting the said village of Natoodah with the main road from Ramnagur to Maniknagur, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1,500 feet in length, 30 feet in breadth, and 9 beeghas 7 cottahs 8 chittacks of standard measurement, is required within the aforesaid village of Natoodah.

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

ESTABLISHMENTS.

The 31st October 1876.

No. 348.—*Leave of Absence.*—Lieutenant-Colonel J. D. Swayne, s.c., Executive Engineer, First Grade, Midnapore Division, is allowed leave for thirty days, preparatory to proceeding on furlough to Europe.

[*Government Gazette, 7th November* 1876.]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২১ অকটোবর।—ছোট নাগপুর খণ্ডের অন্তর্গত লোহাডগা জিলার পল্লীসুদ্ধ পালকোট নগর বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২২ ধারামতে গ্রাম সমাহার করা গেল। এবং উক্ত আইনের তৃতীয় অধ্যায়ের বিধান ১৮৭৭ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি তথায় প্রবর্ত্ত হইবে, এতদ্দ্বারা ইহার সংবাদ দেওয়া গেল।

উক্ত আইনের ৩২৩ ধারামতে ইহাও প্রকাশ করা গেল যে, উক্ত গ্রাম সমাহারের এই২ সীমা হইবে।

উত্তর সীমা।—পণ্ডকাই টোঙ্গরি ও আমতলী ধন্দা ও গোবর সিল্লি টোঙ্গরী।

পূর্ব্ব সীমা।—গোবর সিল্লী পর্ব্বত, ও বসিয়া পথের ধারের টোঙ্গরী ও কলাইবেড়া পথের ধারের টোঙ্গরী।

দক্ষিণ সীমা।—চিক টোঙ্গরী ও তুলস শুক্ল পর্ব্বতহইতে নির্গত জলস্রোত।

পশ্চিম সীমা।—ঘাড়াবট্ট নামে পর্ব্বত শ্রেণী ও পাল কোট পর্ব্বত ও গোলমের গ্রাম।

আর, এল, মাজেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সালের ২৫ অকটোবর।—বসন্ত বীজে টীকাদানের প্রথা নিষেধ করণবিষয়ক ১৮৬৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৩ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি, উক্ত আইনের বিধান ফরীদপুর জিলার অন্তর্গত পাংশা ও পালঙ্গ ও দেওরা থানায় প্রচলিত করিলেন।

আর, এল, মাজেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৮ অকটোবর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব শ্রীযুত মৌলবী মবারক আলীকে ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনমতে চট্টগ্রামের অন্তর্গত কুমারিয়া সব-ডিষ্ট্রিকটের বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

আর, এল, মাজেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৭৬ সাল ৩০ অক্টোবর।

৩৪৭ নম্বর।—১৮৭৪ সালের সপ্টেম্বর মাসের ১৬ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ২৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১২২৩ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা রহিত করিয়া নিম্নলিখিত সংশোধিত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেল।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ নদীয়া জিলার অন্তর্গত বাগওয়ান পরগনার নাটুদহ গ্রামে রামনগর অবধি মাণিকনগর পর্য্যন্ত প্রধান পথের সঙ্গে উক্ত নাটুদহ গ্রাম সংযোগকারি পথ করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নাটুদহ গ্রামে ন্যূনাধিক ৪,৫০০ ফুট দীর্ঘ ও ৩০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ৯।২।। ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

সিবিশৃতাবিষয়ক।

১৮৭৬ সাল ৩১ অক্টোবর।

৩৪৮ নম্বর।—ছুটী।—মেদিনীপুর খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে, ডি স্বেন্‌ সাহেব, এস, সি, নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে ত্রিশ দিন ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ নবেম্বর।]

No. 349.—*Appointment.*—Mr. W. B. Christie, Assistant Engineer, First Grade, attached to the Third Calcutta Division, to officiate as Executive Engineer of the Midnapore Division as a temporary measure or until further orders.

The 1st November 1876.

No. 350.—*Leave of Absence.*—Baboo Lall Gopal Banerjee, Overseer, First Grade, attached to the Hazareebagh Division, is allowed privilege leave for one month, under section 12, Supplement F of the Civil Leave Code.

No. 351.—Baboo Bindoo Lall Mitter, Overseer, Second Grade, attached to the Orissa Division, for five months, under section 3 of the above rules, in addition to that already granted* to him.

* Bengal Government (Public Works Department) Notification No. 242, of the 8th July 1876.

No. 352.—*Notification* —Baboo Bistoo Churn Mookerjee, Accountant, Fourth Grade, rejoined the Gunduck Division on return from leave on medical certificate on the 30th September 1876, before noon.

No. 353.—*Erratum.*—In Notification No. 388, of the 23rd October 1876, *for* "Sunlai" *read* "Simlai."

G. A. D. ANLEY, C.E.,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

NOTIFICATION,—ESTABLISHMENT.

The 30th October 1876.

No. 351.—*Notification.*—Baboo C. H. Doorgiah Naidoo, Overseer, Third Grade, Brahminee Division, returned to duty on the forenoon of the 14th October 1876 from the privilege leave granted him in the orders marginally noted.

No. 234, dated 13th July 1876.

No. 352.—*Transfer* —Baboo Toolsee Dass Roy, Overseer, Second Grade, is transferred, in the interests of the public service, from the Dehree Workshop to the Arrah Division, which he joined on the forenoon of the 2nd October 1876.

No. 353.—*Notifications.*—Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, on special survey duty in the South-Western Circle, returned to duty on the forenoon of the 14th October 1876 from the privilege leave granted him in the orders maginally noted.

No 315, dated 19th September 1876.

No. 354.—Mr. J. P. Scotland, Assistant Engineer, Second Grade, Buxar Division, returned to duty on the forenoon of the 11th October 1876 from the privilege leave granted him in the orders marginally noted.

No. 182, dated 22nd May 1876.

G. A. SEARLE, *Col.*, S. C.,
Asst. Secy. to the Govt. of Bengal
in the P. W. Dept., Irrigation Branch.

[*Government Gazette, 7th November* 1876.]

৩৪৯ নম্বর ।—নিয়োগ ।—কলিকাতার তৃতীয় খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, ক্রিষ্টি সাহেব কিয়ৎকালের নিমিত্তে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মেদিনীপুর খণ্ডের এক্সেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবেন ।

১৮৭১ সাল ১ নবেম্বর ।

৩৫০ নম্বর ।—ছুটী ।—হাজারীবাগ খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু লালগোপাল বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন ।

৩৫১ নম্বর ।—উড়িষ্যা খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু বিন্ধ্যলাল মিত্র যে ছুটী পান* তদতিরিক্ত উপরোক্ত বিধির ৩ ধারামতে পাঁচ মাস ছুটী পাইয়াছেন ।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৬ সালের ৮ জুলাইর ২৪২ নং বিজ্ঞাপন ।

৩৫২ নম্বর ।—বিজ্ঞাপন ।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত বাবু বিষ্ণুচরণ মুখোপাধ্যায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তাহাহইতে ১৮৭৬ সালের ৩০ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্নে প্রত্যাগমন করিয়া গণ্ডকখণ্ডে পুনর্ব্বার কর্ম্ম গ্রহণ করিলেন ।

৩৫৩ নম্বর ।—অশুদ্ধশোধন ।—১৮৭৬ সালের ২৩ অক্টোবরের ৩৮৮ নং জ্ঞাপনপত্রে "সনলাই" এই কথার পরিবর্ত্তে "সিমলাই" পাঠ করিতে হইবে ।

জি, এ, ডি, আমলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী ।

জলসেচন সম্পর্কীয় ।

সিরিশ্‌তাবিষয়ক,—বিজ্ঞাপন ।

১৮৭৬ সাল ৩০ অক্টোবর ।

৩১১ নম্বর ।—বিজ্ঞাপন ।—ব্রাহ্মণী খণ্ডের তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু সি, এচ, দুর্গিয়া নৈহু পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে ১৮৭৬ সালের অকটোবর মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন ।

১৮৭৬ সালের ১২ জুলাইর ২৩৪ নং ।

৩৫২ নম্বর ।—স্থানান্তরে নিয়োগ ।—দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু তুলসীদাস রায় রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ডিহিরী কারখানা খণ্ডহইতে আরা খণ্ডে প্রেরিত হইয়া ১৮৭৬ সালের ২ অক্টটোবরের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্মগ্রহণ করিলেন ।

২৫৩ নম্বর ।—বিজ্ঞাপন ।—দক্ষিণ পশ্চিমচক্রে বিশেষ জরীপীকার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশ্‌চন্দ্র বসু পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটীপান তাহাহইতে ১৮৭১ সালের ১৪ অক্টোবরের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন ।

১৮৭৬ সালের ১৯ সেপ্টেম্বরের ৩১৫নং ।

৩৫৪ নম্বর ।—বক্সার খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, স্কটলাণ্ড সাহেব, পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহাহইতে ১৮৭৬ সালের ১১ অক্টটোবরের পূর্ব্বাহ্নে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন ।

১৮৭৬ সালের ২২ মের ১৮২নং ।

জি, এ, শরল, কর্ণেল, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 7, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ৭ নবেম্বর।

PART V.

Act of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 26th August 1876, and having been assented to by the Governor-General on the 18th September 1876, is hereby published for general information :—

ACT No. VIII OF 1876.

An Act to make better provision for the Partition of Estates.

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the partition of estates;

Preamble.

It is enacted as follows :—

PART I.

PRELIMINARY.

Short Title.

1. This Act may be called the "Estates Partition Act, 1876."

[*Government Gazette, 7th November* 1876.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের আগষ্ট মাসের ২৬ তারিখে ও শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখে উক্ত মান্যবর সাহেবের প্রণীত এই আইন অনুমোদন করিলে, তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭৬ সালের ৮ অষ্টম আইন।

মহাল বণ্টন করিবার সুবিধান করণার্থ আইন।

হেতুবাদ।

মহালের বণ্টনবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে এই২ বিধান করা যাইতেছে।

প্রথম ভাগ।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "মহালের বণ্টনবিষয়ক ১৮৭৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

It extends to the territories for the time being under the administration of the Lieutenant-Governor of Bengal;

Local extent.

যে দেশ যৎকালে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে এই আইন তৎকালে সেই দেশে প্রচলিত হইবে।

ব্যাপকতার কথা।

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General, which date is hereinafter referred to as the commencement of this Act.

Commencement.

এই আইন যে তারিখে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে। "এই আইন প্রচলিত হওনের সময়" এই আইনের অন্তর্গত এই কথায় সেই তারিখ জানিতে হইবে ইতি।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

2. On the commencement of this Act, the Regulations and Acts specified in the schedule hereto annexed, to the extent mentioned in the third column thereof, shall cease to have effect in the territories subject to the Lieutenant-Governor of Bengal, save so far as they repeal or modify any other Regulations or Acts, and save so far as regards the partition of any estate which shall be pending at the time of the said commencement.

Laws repealed.

২ ধারা। এই আইন প্রচলিত হইলেই, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে এই আইনের তফসীলের উল্লিখিত আইন ও আকট, তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইয়াছে তত দূর রহিত হইবে। কিন্তু সেই২ আইনের কি আকটের যে২ কথাক্রমে অন্য২ আইন কি আকট রহিত করা যায় সেই২ কথা প্রবল থাকিবে, এবং এই আইন প্রচলিত হওনের সময়ে কোন মহালের যে বণ্টন কার্য্য চলিতেছে তৎসম্পর্কে ঐ২ আইন প্রবল থাকিবে।

যে২ আইন রহিত হইল তাহার কথা।

The partition of any estate which shall be pending at the time of the commencement of this Act shall (except as provided in the next succeeding section) proceed and be completed in the same manner as if this Act had not been passed.

এই আইন প্রচলিত হওন সময়ে কোন মহালের বণ্টনকার্য্য উপস্থিত থাকিলে, ইহার পশ্চাৎ ধারায় লিখিত স্থলভিন্ন, সেই কার্য্য এই আইন প্রচলিত না হওয়ার ন্যায় চলিবে ও সমাপ্ত করা যাইবে ইতি।

3. The provisions of this Act, so far as they relate to the continuation of a partition from the point which it has reached, or to the staying of the partition of an estate, or to striking a partition case off the file, may be applied, at the discretion of the Collector, in all cases of partition of estates pending at the time of the commencement of this Act, provided that before applying such provisions to the continuation of a partition the Collector give due notice in each case to the parties concerned that such provisions will be applied.

Certain provisions of Act applicable to partition cases pending at the time of its commencement.

৩ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়ে মহালের বণ্টনবিষয়ক যে সকল কার্য্য উপস্থিত থাকে, ঐ বণ্টনকার্য্য যত দূর চলিয়াছে তদবধি তাহার চলন বিষয়ে কিম্বা কোন মহালের বণ্টনকার্য্য স্থগিত করণ বিষয়ে, কিম্বা বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দেওন বিষয়ে এই আইনের যে২ বিধানের যত দূর সম্পর্ক থাকে, কালেক্টর সাহেবের বিবেচনামতে ঐ২ বিধান তত দূর বর্ত্তান যাইতে পারিবে। কিন্তু উপস্থিত কোন বণ্টনের কার্য্য চলনের প্রতি ঐ২ বিধান বর্ত্তাইবার পূর্ব্বে কালেক্টর সাহেব ঐ বিষয়ের সম্পর্কযুক্ত ব্যক্তিদিগকে ঐ২ বিধান বর্ত্তিবার উপযুক্ত নোটিস দিবেন ইতি।

এই আইন প্রচলিত হওনের সময়ে যে বণ্টনের কার্য্য চলিতেছে তৎপ্রতি এই আইনের কোন২ বিধান খাটিবার কথা।

4. In this Act—unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

৪ ধারা। বিষয় বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে, এই আইনে

অর্থ করণের ধারা।

(i) "Amin" means a person who is appointed by the Collector or Deputy Collector to make any measurement, survey, or local inquiry, or to prepare the papers showing the result of any measurement, survey, or local inquiry.

"Amin."

(১) কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর মাপ কি জরীপ করিবার কিম্বা স্থান বিশেষে অনুসন্ধান লইবার জন্যে, কিম্বা মাপ কি জরীপ করণের কি স্থান বিশেষে অনুসন্ধান লওনের ফল যে কাগজে দেখা যায় এমত কাগজ প্রস্তুত করিবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন, "আমীন" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"আমীন।"

[*Government Gazette, 7th November* 1876.]

(ii) "Applicant" means any person who has applied to the Collector under the provisions of this Act, for the separation from the parent estate of lands representing his interest in such parent estate, and for the assignment to him of such lands as a separate estate liable for a demand of land revenue distinct from that for which the parent estate is liable.

"Applicant."

(২) আদিম মহালে কোন ব্যক্তির যে স্বার্থ থাকে তাঁহার সেই স্বার্থানুযায়ি ভূমি ঐ আদিম মহালহইতে পৃথক করা যায়, ও আদিম মহাল যে রাজস্বের দায়ি হয় তাহাহইতে পৃথক রাজস্বের দায়ি স্বতন্ত্র মহালস্বরূপ ঐ ভূমি তাঁহার প্রতি নিরূপণ করা যায়, কোন ব্যক্তি এই আইনের বিধানমতে কালেক্টর সাহেবের নিকট এই মর্ম্মের প্রার্থনা করিলে "প্রার্থক" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"প্রার্থক।"

(iii) "Assets of land" include the rental of the land with respect to which the expression is used, and all profits derived by the proprietors out of such land from rights of pasturage, forest-rights, fisheries, and all other legal sources.

"Assets of land."

(৩) "ভূমির উপস্বত্ব" এই শব্দ যে ভূমির সম্পর্কে প্রয়োগ হয়, সেই ভূমির খাজানা, এবং চরাণি ভূমির স্বত্ব ও বন স্বত্ব ও মৎস্য ধরিবার স্বত্ব এবং আইনমত অন্য যে উপায় দ্বারা ঐ ভূমিহইতে ভূম্যধিকারিদের যে সকল লাভ উৎপন্ন হয়, ঐ শব্দের মধ্যে সেই সকল লভ্য ধরিতে হইবে।

"ভূমির উপস্বত্ব।"

(iv) "Assets of an estate" mean the assets of all land included in an estate.

"Assets of an estate."

(৪) "মহালের উপস্বত্ব" শব্দে মহালের অন্তর্গত সকল ভূমির উপস্বত্ব জানিতে হইবে।

"মহালের উপস্বত্ব।"

(v) "Board" means the Board of Revenue for the provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal.

"Board."

(৫) যৎকালে যেং দেশ শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন থাকে "বোর্ড" শব্দে সেই দেশের রেবিনিউ বোর্ড জানিতে হইবে।

"বোর্ড।"

(vi) "Chapter" means a chapter of this Act.

"Chapter."

(৬) "অধ্যায়" শব্দে এই আইনের কোন অধ্যায় জানিতে হইবে।

"অধ্যায়।"

(vii) "Deputy Collector" includes any Assistant Collector, Deputy Collector, or Sub-Deputy Collector whom the Collector may appoint (as he is hereby empowered to do) to effect a partition and allotment of assessment under this Act, or to conduct any of the proceedings connected with such partition and allotment.

"Deputy Collector."

(৭) এই আইনমতে মহাল বন্টন করিবার ও রাজস্ব ধার্য্য করিয়া নিরূপণ করিবার জন্যে, কিম্বা ঐ বন্টন ও রাজস্ব নিরূপণসম্পর্কীয় কোন কার্য্য চালাইবার জন্যে এতৎক্রমে কালেক্টর সাহেবের প্রতি কোন আসিস্টান্ট কালেক্টর কি ডেপুটী কালেক্টর কি সব-ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করা গেল, ও তিনি উক্ত যে ব্যক্তিদিগকে নিযুক্ত করেন "ডেপুটী কালেক্টর" শব্দে তাঁহারাও গণ্য।

"ডেপুটী কালেক্টর।"

(viii) "Estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue.

"Estate."

(৮) কালেক্টর সাহেবের তৌজীতে ভূমির রাজস্বের একি ও অনন্য দাওয়ামতে দায়ি বলিয়া যেং ভূমি লেখা থাকে "মহাল" শব্দে ঐ সকল ভূমি জানিতে হইবে।

"মহাল।"

(ix) "Joint undivided estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue, and of which two or more persons are proprietors.

"Joint undivided estate."

(৯) কালেক্টর সাহেবের তৌজীতে ভূমির রাজস্বের একি ও অনন্য দাওয়ামতে দায়ি বলিয়া যেং ভূমি লেখা থাকে ও যাহার দুই কি তদধিক জন অধিকারী থাকেন, "সাধারণ অবিভক্ত মহাল" শব্দে সেইং ভূমি জানিতে হইবে।

"সাধারণ অবিভক্ত মহাল।"

(x) "Land" does not include the houses and buildings standing thereon.

"Land."

(১০) ভূমিতে যেং ঘর ও কোঠা থাকে "ভূমি" শব্দের মধ্যে তাহা গণ্য নয়।

"ভূমি।"

(xi) "Lieutenant-Governor" means the Lieutenant-Governor of Bengal for the time being or the person acting in that capacity.

"Lieutenant-Governor."

(১১) যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবরনর হন কিম্বা ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করেন "লেপ্টেনেন্ট গবরনর" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"লেপ্টেনেন্ট গবরনর।"

(xii) "Parent estate" means any estate for the partition of which proceedings may be in progress under this Act, or of which the partition may have been effected under this Act.

"Parent estate."

(১২) এই আইনমতে যে মহালের বণ্টনকার্য্য চলিতেছে কিম্বা এই আইনমতে যে মহালের বণ্টন হইতে পারে "আদিম মহাল" শব্দে সেই মহাল জানিতে হইবে।

"আদিম মহাল।"

(xiii) "Proprietor" includes every person who is in possession of any estate under partition, or of any portion of such estate, or of any interest in such estate or in any part of such estate, as owner thereof, whether such person be or be not a recorded proprietor of the estate.

"Proprietor."

(১৩) যে মহালের বণ্টন কার্য্য চলিতেছে সেই মহালের কিম্বা তাহার কোন অংশের কিম্বা সেই মহালগত কিম্বা মহালের কোন অংশগত স্বার্থের স্বামী বলিয়া যে প্রত্যেক ব্যক্তির অধিকারে ঐ মহাল কি তাহার কোন অংশ কি স্বার্থ থাকে, ঐ মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারী হউন বা নাই হউন, "ভূম্যধিকারী" শব্দে সেই ব্যক্তিকে জানিতে হইবে।

"ভূম্যধিকারী।"

(xiv) "Recorded proprietor" means a person whose name is registered on the Collector's General Register of revenue-paying lands as proprietor of an estate or of any share or interest therein.

"Recorded proprietor."

(১৪) কালেক্টর সাহেবের রাজস্বদায়ি ভূমির সাধারণ রেজিষ্টরের মধ্যে, মহালের কি তদ্গত কোন অংশের কি স্বার্থের অধিকারী বলিয়া যে প্রত্যেক ব্যক্তির নাম রেজিষ্টরী করা যায়, সেই ব্যক্তিকে "লিপিবদ্ধ ভূম্যধিকারী" বলিয়া জানিতে হইবে।

"লিপিবদ্ধ ভূম্যধিকারী।"

(xv) "Section" means a section of this Act.

"Section."

(১৫) "ধারা" শব্দে এই আইনের কোন ধারা জানিতে হইবে।

"ধারা।"

(xvi) "Separate estate" means any distinct estate which may be formed by the partition of a parent estate under this Act, or for the formation of which proceedings may be in progress under this Act.

"Separate estate."

(১৬) এই আইনমতে আদিম মহাল বণ্টন করণ দ্বারা যে পৃথক মহাল করা যায়, কিম্বা এই আইনমতে যে মহাল পৃথক করিবার কার্য্য চলিতেছে "স্বতন্ত্র মহাল" শব্দে সেই পৃথক মহাল জানিতে হইবে

"স্বতন্ত্র মহাল।"

(xvii) "The Collector" means the Collector of the district on the revenue-roll of which the estate under partition, or which it is proposed to bring under partition, is borne, and includes any officer whom the Board may generally vest (as it is hereby empowered to do) with the powers of a Collector under this Act, and to whom the Collector of the district has, with the sanction of the Commissioner, delegated (as he is hereby empowered to do) any of his duties and functions in respect of the partition of any estate; and any officer whom the Board may specially vest (as it is hereby empowered to do) with the powers of a Collector for the purposes of any partition under this Act.

"The Collector."

(১৭) যে মহাল বণ্টন করা যাইতেছে কিম্বা বণ্টন করিবার প্রস্তাব হয় তাহা যে জিলার তৌজীতে লেখা থাকে "কালেক্টর" শব্দে সেই জিলার কালেক্টর সাহেবকে জানিতে হইবে। এবং এই আইনমতে কালেক্টর সাহেবের যে২ ক্ষমতা থাকে, এতৎক্রমে বোর্ডের সাহেবদের প্রতি সাধারণমতে কোন কার্য্যকারককে সেই২ ক্ষমতা প্রদান করিবার শক্তি দেওয়া গেল ও যে কার্য্যকারকের প্রতি সেই সাধারণ ক্ষমতা প্রদান করা যায়, "কালেক্টর" শব্দের মধ্যে তিনিও গণ্য। এবং কোন মহালের বণ্টন কার্য্যসম্পর্কে জিলার কালেক্টর সাহেবের যে কর্ত্তব্য কর্ম্ম ও যে অধিকার থাকে, তাঁহার প্রতি কমিশ্যনর সাহেবের অনুমতি লইয়া এতৎক্রমে অন্য কার্য্যকারকের হস্তে সেই কর্ত্তব্য-কর্ম্ম ও অধিকার অর্পণ করিবার ক্ষমতা দেওয়া গেল, ও তিনি যে কার্য্যকারকের প্রতি ঐ কর্ম্ম ও অধিকার অর্পণ করেন "কালেক্টর" শব্দের মধ্যে তিনিও গণ্য। এবং এই আইনমতে বণ্টনের কোন কার্য্যের নিমিত্তে বোর্ডের সাহেবদের প্রতি এতৎক্রমে কোন কার্য্য-কারককে কালেক্টরের ক্ষমতা বিশেষমতে প্রদান করিবার শক্তি দেওয়া গেল, ও যে কার্য্যকারককে সেই বিশেষ ক্ষমতা দেওয়া যায় "কালেক্টর" শব্দের মধ্যে তিনিও গণ্য।

"কালেক্টর।"

(xviii) "The Commissioner" means the Commissioner of Revenue to whom the Collector engaged in making the partition is subordinate.

"The Commissioner."

(১৮) বণ্টনের কার্য্যে যে কালেক্টর সাহেব নিযুক্ত থাকেন তিনি রাজস্বসংক্রান্ত যে কমিশ্যনর সাহেবের অধীন হন "কমিশ্যনর" শব্দে সেই কমিশ্যনর সাহেবকে জানিতে হইবে ইতি।

"কমিশ্যনর।"

[*Government Gazette, 7th November* 1876.]

5. All partitions of estates which shall be ordered to be made after the commencement of this Act, shall be made under the provisions of this Act, and no such partition made otherwise than under this Act shall relieve any lands from liability to Government for the total demand of land revenue assessed upon the estate of which they form a part.

Future partitions to be made under provisions of this Act.

৫ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়ের পর মহাল বণ্টন করিবার আজ্ঞা হইলে, এই আইনের বিধানমতে বণ্টন করা যাইবে। এই আইনের বিধানমতে না হইয়া প্রকারান্তরে বণ্টন করা গেলে, ভূমি যে মহালের একাংশ হয় সেই মহালের উপর মোটে ভূমির যত রাজস্বের দাওয়া থাকে, গবর্ণমেণ্টের নিকট ঐ মহালের কোন ভূমি সেই রাজস্বের দায়হইতে মুক্ত হইবে না ইতি।

ইহার পর বণ্টনের কার্য্য হইলে এই আইনমতে করিতে হইবার কথা।

6. The amount of land revenue assessed on each separate estate shall bear the same proportion to the whole amount of land revenue for which the parent estate was liable, as the assets of such separate estate bear to the whole assets of the parent estate.

Revenue to be assessed on each separate estate.

৬ ধারা। প্রত্যেক স্বতন্ত্র মহালের উপস্বত্বের সঙ্গে আদিম মহালের উপস্বত্বের যে অনুপাত থাকে, আদিম মহাল মোটে ভূমির যত রাজস্বের দায়ী তাহার সঙ্গে সেই অনুপাতে ঐ স্বতন্ত্র২ মহালের ভূমির রাজস্ব ধার্য্য হইবে ইতি।

স্বতন্ত্র প্রত্যেক মহালের রাজস্ব ধার্য্য করিবার কথা।

7. Except as hereinafter otherwise expressly provided, the average of the amount of rent which was payable for any land by the cultivating ryots during the three years immediately preceding the year in which proceedings are taken under this Act for the partition of the estate shall, for the purposes of this Act, be deemed to be the rental of such land;

Definition of rental.

৭ ধারা। এই আইনমতে যে বৎসরে মহাল বণ্টন করিবার কার্য্যানুষ্ঠান হয়, তাহার পূর্ব্ব তিন বৎসর অবধি কোন ভূমির নিমিত্তে কৃষিকারি প্রজাদের গড়ে যত টাকা খাজানা দেয় হয় এই আইনের মধ্যে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, এই আইনের কার্য্য পক্ষে ঐ ভূমির ততই খাজানা ধরিতে হইবে।

খাজানা শব্দের অর্থ নির্ণয়।

and if any land is not let, but is held and occupied directly by the proprietors or any of them, the annual rent for which such land might reasonably be expected to let shall be deemed to be the rental of such land.

কোন ভূমি খাজানা করিয়া না দেওয়া গেলে, কিন্তু ভূম্যধিকারিরা কি তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি নিজে তাহা ভোগ ও দখল করিলে, সম্ভবমতে ঐ ভূমির বৎসর যত টাকা খাজানা পাওয়া যাইতে পারে, তত টাকা ঐ ভূমির খাজানা বলিয়া ধরা যাইবে।

Exception 1.—If the rent payable by the cultivating ryots on account of any land shall have been determined by any Court of competent jurisdiction, or shall have been altered with the consent of the said ryots at any time during the said three years, the amount so determined, or the amount to which the rent may have been so altered, may, if the Collector think proper, be deemed to be the rental of the land.

প্রথম বর্জ্জিত কথা।—কোন ভূমির নিমিত্ত কৃষিকারি প্রজাদের যত টাকা খাজানা দেয় হয় উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে ইহা নির্ণয় হইয়া থাকিলে, কিম্বা উক্ত তিন বৎসরের মধ্য কোন সময়ে উক্ত প্রজাদের সম্মতিক্রমে ঐ খাজানার পরিবর্ত্তন হইয়া থাকিলে, তদ্রূপে যত টাকা নির্ণয় হয় কিম্বা উক্ত প্রকারে পরিবর্ত্তন হইয়া যত টাকা ধার্য্য হয়, কালেক্টর সাহেব উচিত বোধ করিলে, ভূমির তত টাকা খাজানা ধরা যাইতে পারিবে।

Exception 2.—If any land is held on a permanent tenure which was created by all the proprietors of the estate, and which by any law for the time being in force is protected against the purchaser at a sale for arrears of revenue, the rent payable by the holder of such tenure shall be deemed to be the rental of such land.

দ্বিতীয় বর্জ্জিত কথা।—মহালের সকল ভূম্যধিকারী চিরকালের নিমিত্ত যে পাট্টা করিয়া দিলেন যদি এমত পাট্টাক্রমে ভূমি ভোগ হইয়া থাকে, এবং যৎকালে যে আইন প্রচলিত হয় তদনুসারে বাকী রাজস্বের নিমিত্ত নীলাম হইলেও যদি ক্রেতা তাহাতে হস্তক্ষেপ করিতে না পারেন, তবে ঐ পাট্টাদার সেই ভূমির নিমিত্ত যত খাজানা দিয়া থাকেন তাহাই সেই ভূমির খাজানা বলিয়া জ্ঞান হইবে।

Exception 3.—If any land is held on a tenure which, although not protected as aforesaid, is admitted by all the recorded proprietors of the estate to be a permanent tenure created by all the proprietors of the estate, subject only to the payment of an amount of rent fixed in perpetuity,

তৃতীয় বর্জ্জিত কথা।—ভূমি যে পাট্টাক্রমে ভোগ হইয়া থাকে, ক্রেতা তাহাতে হস্তক্ষেপ করিতে পারিলেও, যদি মহালের সকল ভূম্যধিকারী সেই পাট্টা মহালের সকল ভূম্যধিকারির করা চিরকালীন পাট্টা ও কেবল চিরকালের নিমিত্ত অবধারিত খাজানার দায়ী ও উক্ত মহালের ভূম্যধিকারিরা কিম্বা ঐ ভূম্যধিকারিদের

and of such nature that the rent thereof is not liable to be enhanced under any circumstances by the proprietors of the said estate, or any person deriving his title from such proprietors, the rent payable by the holder of such tenure (whether he be known as talukdar, patnidar, mokarraridar, or by any other designation) shall be deemed to be the rental of such land.

Exception 4.—If any land be unoccupied, such amount as the Collector may determine, with reference to all the circumstances of the case, shall be deemed to be the rental of such land.

স্থানে অন্য যে ব্যক্তি স্বত্ব প্রাপ্ত হন তিনিও কোন গতিকেই ঐ ভূমির খাজানা বৃদ্ধি করিতে না পারেন যদি ভূম্যধিকারিরা ঐ পাট্টার এমন ভাব স্বীকার করিয়া থাকেন, তবে ঐ পাট্টাদারকে তালুকদার কি পত্তনীদার কি মোকররীদার কি অন্য যে নামে বলা যাউক তাঁহার যত খাজানা দেয় হয় তাহাই ঐ ভূমির খাজানা বলিয়া ধরা যাইবে।

চতুর্থ বর্জ্জিত কথা।—কোন ভূমির প্রজা না থাকিলে, কালেক্টর সাহেব বিষয়ের নানা ভাবগতিক বিবেচনায় যে খাজানা নির্ণয় করেন তাহাই ঐ ভূমির খাজানা বলিয়া ধরা যাইবে ইতি।

PART II.

OF THE RIGHT TO CLAIM PARTITION.

দ্বিতীয় ভাগ।

বণ্টন করাইয়া লইবার অধিকারের কথা।

Who entitled to claim partition.

8. Except as hereinafter otherwise provided, every recorded proprietor of a joint undivided estate, who is in actual possession of the interest in respect of which he is so recorded, is entitled to claim a partition of the said estate, and the separation therefrom and assignment to him as a separate estate of lands representing the interest of which he is in such possession, provided that, and as far only as, such partition, separation, and assignment can be made in accordance with the provisions of this Act.

বণ্টন করাইয়া লইবার অধিকার যাঁহাদের থাকে তাঁহাদের কথা।

৮ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, সাধারণ অবিভক্ত মহালের লিপিবদ্ধ যে ভূম্যধিকারী যে স্বার্থের সম্বন্ধে তদ্রূপে লিপিবদ্ধ হন, ঐ স্বার্থ তাঁহার নিজ অধিকারে থাকিলে, ঐ মহাল বণ্টন করা যায় এবং তাঁহার অধিকারে যে স্বার্থ আছে সেই স্বার্থের অনুযায়ি ভূমি পৃথক করা গিয়া তাঁহার প্রতি স্বতন্ত্র মহালস্বরূপ নিরূপণ করা যায়, তাঁহার এমত দাওয়া করিবার স্বত্ব থাকিবে, কিন্তু এই আইনের বিধানমতে করা যাইতে পারিলেও যত দূর করা যাইতে পারে, কেবল ততদূর ঐ ভূমি বণ্টন ও পৃথক ও নিরূপণ করা যাইবে।

Any two or more such recorded proprietors may claim that lands representing the interests of all such claimants may be formed into one separate estate to be held by them as a joint undivided estate; and every provision of this Act which applies to an applicant for partition shall apply to any two or more persons making such joint claim.

তদ্রূপ লিপিবদ্ধ দুই কি তদধিক জন ভূম্যধিকারীও এই দাওয়া করিতে পারিবেন যে, যত ভূমি আমাদের সকলের স্বার্থের অনুযায়ি হয় সেই সকল ভূমি লইয়া স্বতন্ত্র একটি মহাল করা যায় ও আমরা সাধারণ অবিভক্ত মহালস্বরূপ তাহা ভোগ করি। তাহা হইলে বণ্টন করিবার প্রার্থকের প্রতি এই আইনের যে২ বিধান খাটে, ঐ সাধারণ দাওয়াদার দুই কি তদধিক ব্যক্তির প্রতিও সেই২ বিধান খাটিবে ইতি।

Partition according to interest.

9. (*a*) If the interest of any recorded proprietor who is entitled to claim partition as aforesaid is an undivided share in an estate held in common tenancy, such person shall be entitled to have assigned to him as his separate estate lands of which the assets shall bear the same proportion to the assets of the parent estate as his undivided share in the parent estate bears to the entire parent estate.

স্বার্থানুসারে বণ্টনের কথা।

৯ ধারা। (ক) পূর্ব্বোক্তমতে বণ্টন করিবার দাওয়া করিতে যে লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বত্ব আছে, তাঁহার সেই স্বার্থ সাধারণ ভোগ করা মহালের অবিভক্ত অংশ হইলে, তবে আদিম সম্পূর্ণ মহালের সহিত তাহার সেই অবিভক্ত অংশের যে অনুপাত হয়, ঐ আদিম মহালের উপস্বত্ব ধরিয়া যে২ ভূমির উপস্বত্বের সেই অনুপাত থাকে তাঁহার প্রতি আপনার স্বতন্ত্র মহাল বলিয়া সেই২ ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

(*b*) If the interest of such recorded proprietor is the proprietary right of certain specific mouzahs or lands forming part of the parent estate, and held by him in severalty, he shall be entitled to have assigned to him as his separate estate the said mouzahs or lands.

(খ) আদিম মহালের অংশগত কোন বিশেষ মৌজার কি ভূমির অধিকারিত্ব স্বত্ব লইয়া ঐ লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকিলে, ও তিনি তাহা পৃথকরূপে ভোগ করিয়া থাকিলে, তাঁহার প্রতি আপন স্বতন্ত্র মহালস্বরূপ সেই২ মৌজা কি ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

(*c*) If the interest of such recorded proprietor consists of an undivided share held in common

(গ) বিশেষ২ যে মৌজা কি ভূমিখণ্ড আদিম মহালের সম্পূর্ণ আয়তনে ব্যাপ্ত না হইয়া ঐ আদিম মহালের

tenancy in certain specific mouzahs or tracts forming part of the parent estate, but not extending over the whole area of the parent estate, he shall be entitled to have assigned to him as his separate estate lands situated within such specific mouzahs or tracts, of which the assets shall bear the same proportion to the assets of such specific mouzahs or tracts as his undivided share in such specific mouzahs or tracts bears to the entire mouzahs or tracts.

Provided that if the interest of such recorded proprietor consists of such undivided share in more than one mouzah or tract, he shall not be entitled to have lands assigned to him in every such mouzah or tract, but the Collector may assign to him as his separate estate lands situated in any one or more of the said mouzahs or tracts, provided that the assets of such lands are in proportion to the aggregate of the interests which he holds in all such mouzahs or tracts.

(*d*) If such recorded proprietor holds in the parent estate more than one of the kinds of interest specified in this section, lands shall be assigned to him as far as possible in accordance with the principles above laid down.

একাংশ হয়, সেই২ মৌজার কি ভূমিখণ্ডের সাধারণরূপে ভোগ করা অবিভক্ত অংশ লইয়া যদি সেই লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকে, তবে সেই বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডে তাঁহার যে অবিভক্ত অংশ থাকে তাহার সঙ্গে সম্পূর্ণ মৌজার কি ভূমিখণ্ডের যে অনুপাত হয় ঐ বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডের উপস্বত্ব ধরিয়া যে২ ভূমির উপস্বত্বের সেই অনুপাত থাকে তাঁহার প্রতি আপনার স্বতন্ত্র মহাল স্বরূপ ঐ বিশেষ২ মৌজার কি ভূমিখণ্ডের অন্তর্গত সেই২ ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে।

কিন্তু যদি দুই কি তদধিক মৌজার কি ভূমিখণ্ডের ঐ অবিভক্ত অংশ লইয়া ঐ লিপিবদ্ধ ভূম্যধিকারির স্বার্থ থাকে, তবে উক্ত প্রত্যেক মৌজার কি ভূমিখণ্ডে তাঁহার প্রতি ভূমি নিরূপণ হওয়ার স্বত্ব থাকিবে না, কিন্তু কালেক্টর সাহেব তাঁহার প্রতি উক্ত কোন এক কি কএক মৌজার কি ভূমিখণ্ডের অন্তর্গত ভূমি আপনার স্বতন্ত্র মহাল বলিয়া নিরূপণ করিতে পারিবেন, কেবল তিনি উক্ত সকল মৌজার কি ভূমি খণ্ডের যে স্বার্থ ভোগ করেন, ঐ ভূমির উপস্বত্ব যেন সেই স্বার্থ সমগ্রের সমান হয়।

(ঘ) এই ধারায় যে২ প্রকারের স্বার্থ নির্দ্দিষ্ট হইল আদিম মহালে লিপিবদ্ধ ভূম্যধিকারির তন্মধ্যে দুই কি তদধিক প্রকারের স্বার্থ থাকিলে, সাধ্যমতে পূর্ব্বোক্ত বিধানানুসারে তাঁহার প্রতি ভূমি নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

10. Notwithstanding anything hereinbefore contained, no person having a proprietary interest in an estate for the term of his life only shall be deemed to be a person entitled to claim partition under this Act.

Life estate.

১০ ধারা। পূর্ব্বোক্ত বিধানের ভাবান্তর থাকিলেও, কোন মহালে কোন ব্যক্তির যাবজ্জীবন মাত্র অধিকারিত্ব স্বার্থ থাকিলে তাঁহার এই আইনমতে বন্টনের দাওয়া করিবার স্বত্ব আছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

যাবজ্জীবন স্বামিত্বের কথা।

11. No application for the partition of a permanently-settled estate shall be admitted, and if the application shall have been admitted, no partition shall be carried out in accordance with such application, if the separate estate of any of the proprietors would be liable for an annual amount of land revenue not exceeding one rupee, until the proprietor of such separate estate agrees to redeem the amount of revenue for which his estate would be liable, by payment of such sum as the Lieutenant-Governor may fix with reference to the circumstances of such estate.

No partition of a permanently-settled estate allowed if separate estate liable for less than one rupee annual land revenue until proprietor agrees to redeem.

১১ ধারা। চিরকালীন বন্দোবস্তের মহাল বন্টন করিতে গেলে যদি কোন ভূম্যধিকারির স্বতন্ত্রমহালের ভূমি বৎসর ১ এক টাকার অনধিক রাজস্বের দায়ী হইয়া উঠে, তবে সেই স্বতন্ত্র মহালের উপর যে রাজস্বের দায় থাকে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ মহালের ভাবগতিক লক্ষ করিয়া যত টাকা নিরূপণ করেন, ঐ স্বতন্ত্র মহালের ভূম্যধিকারী তত টাকা দিয়া সেই রাজস্বহইতে ঐ মহাল মুক্ত করিতে সম্মত না হইলে, ঐ মহাল বন্টন করিবার প্রার্থনা গ্রাহ্য হইবে না, গ্রাহ্য হইলেও ঐ প্রার্থনানুসারে মহালের বন্টন হইবে না ইতি।

স্বতন্ত্র মহালের ভূমির বার্ষিক রাজস্ব ১ টাকার কম হইলে ভূম্যধিকারী তাহা পরিত্যক্ত করিবার নিয়ম না করিলে চিরকালীন বন্দোবস্তের মহালের বন্টন না হইবার কথা।

12. Whenever a division of the lands of any estate has been made by private arrangement of the proprietors thereof, and in accordance with such arrangement each proprietor is in possession of separate lands held in severalty as representing his interest in the

Partition of an estate in which private division has been made, not to be made except on joint petition of proprietors or on order of Civil Court.

১২ ধারা। কোন মহালের ভূম্যধিকারিরা আপোসে বন্দোবস্ত করিয়া ঐ মহালের ভূমি ভাগ করিয়া লইলে, ও সেই বন্দোবস্ত অনুসারে সেই মহালের প্রত্যেক জন ভূম্যধিকারির স্বার্থের অনুযায়ি স্বতন্ত্র ভূমি পৃথকরূপে ভোগ হইয়া তাঁহার অধি-

আপোসে কোন মহাল বিভক্ত হইলে পর ভূম্যধিকারিদের সাধারণ প্রার্থনা কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞা না হইলে ঐ মহালের বন্টন হইতে না পারিবার কথা।

estate, no such estate shall be brought under partition, and no partition of such estate shall be made under this Act otherwise than on a joint petition presented under section one hundred and one or section one hundred and five by all the proprietors thereof, unless such partition shall have been ordered to be made by a Civil Court.

কারে থাকিলে, ঐ মহালের সকল ভূম্যধিকারী মিলিয়া ১০১ কিম্বা ১০৫ ধারামতে প্রার্থনা না করিলে, এই আইনমতে ঐ মহালের বণ্টনকার্য্য হইবে না ও ঐ মহাল বণ্টন করা যাইবে না। কিন্তু দেওয়ানী আদালত আজ্ঞা করিলে বণ্টন্ হইতে পারিবে ইতি।

Under certain circumstances Collector may refuse to declare lands held in severalty to be a separate estate.

13. The Collector may refuse to admit an application for the formation of lands held in severalty into a separate estate, if in consequence of such lands being interminglied with those held by other proprietors the result of the partition would be to form out of a compact estate one or more estates consisting of scattered parcels of land, in such a way as, in the opinion of the Collector, to endanger the safety of the land revenue, and the Collector may at any time refuse to proceed with a partition which would have such a result.

১৩ ধারা। যে২ ভূমি পৃথকরূপে ভোগ হইয়া থাকে তাহা লইয়া স্বতন্ত্র মহাল করিবার প্রার্থনা হইলে, যদি ঐ ভূমি অন্য ভূম্যধিকারিদের ভোগ্য ভূমির সঙ্গে এমত মিশ্রিত থাকে যে বণ্টন করা গেলে এক অবিচ্ছিন্ন মহালহইতে স্থানে২ পৃথক২ ভূমিখণ্ডের এক কি কএক মহাল হয়, ও তৎপ্রযুক্ত কালেক্টর সাহেবের বিবেচনায় ভূমির রাজস্বের হানি হইবার সম্ভাবনা জন্মে, তাহা হইলে কালেক্টর সাহেব ঐ প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন। ও যে বণ্টনের কার্য্যের তদ্রূপ ফল হইতে পারে কালেক্টর সাহেব কোন সময়েই সেই কার্য্য চালাইতে অসম্মত হইতে পারিবেন।

ভূমি পৃথকরূপে ভোগ হইলেও কোন২ গতিকে কালেক্টর সাহেবের সেই ভূমি স্বতন্ত্র মহাল বলিয়া স্বীকার না করিবার কথা।

But a partition may be allowed in such a case if the recorded proprietors shall agree to such a distribution of land as shall make the estates formed by the partition reasonably compact.

কিন্তু বণ্টনদ্বারা যে২ মহাল করা যায়, তাহা যাহাতে সঙ্গতমতে অবিচ্ছিন্ন থাকে লিপিবদ্ধ ভূম্যধিকারিরা ভূমির এমত বিলি হওন বিষয়ে সম্মত হইলে, পূর্ব্বোক্ত স্থলে বণ্টন হইতে পারিবে।

Nothing in this section shall be understood to prohibit the partition into separate estates of a parent estate which before such partition is not compact and consists only of scattered parcels of land.

বণ্টন হইবার পূর্ব্বে আদিম মহাল অবিচ্ছিন্ন না হইয়া কেবল পৃথক২ খণ্ড২ ভূমি লইয়া হইলে তাহা বণ্টন করিয়া স্বতন্ত্র২ মহাল করিবার যে নিষেধ হইল, এই ধারার কোন কথার এমত ভাব জানিতে হইবে না ইতি।

Interest alienated with special condition as to revenue liability.

14. No proprietor who has alienated any portion of his interest in an estate or in any specific lands of an estate, by private contract, with the condition that the transferee shall be liable in respect of the interest acquired by him to pay a specified amount or a specified share of the land revenue for which the estate is liable (such amount or share being other than the proportionate amount or the proportionate share for which such transferred interest if formed into a separate estate would be liable under the provisions of section six);

১৪ ধারা। কোন মহালে কি মহালের অন্তর্গত বিশেষ২ ভূমিতে যে ভূম্যধিকারির স্বার্থ থাকে, তিনি যদি আপোসে চুক্তি করিয়া সেই স্বার্থের কোন অংশ এই নিয়মে হস্তান্তর করিয়া দেন যে, হস্তান্তরকরণক্রমে যে ব্যক্তি ঐ স্বার্থ প্রাপ্ত হন, তিনি ঐ স্বার্থের উপলক্ষে মহালের ভূমির রাজস্বের নির্দ্দিষ্ট কতক টাকা কিম্বা ঐ রাজস্বের নির্দ্দিষ্ট অংশ দিবেন, (এবং ঐ হস্তান্তরীকৃত স্বার্থ লইয়া স্বতন্ত্র মহাল করা গেলে, ৬ ধারার বিধানমতে অংশাংশ করিয়া যত টাকার কি অংশের দায়ী হইতেন, উক্ত নিয়মমতে নির্দ্ধারিত টাকা কি অংশ যদি তাহার সমান না হইয়া থাকে তবে সেই হস্তান্তরকারী,)

রাজস্বের দায়সম্পর্কে বিশেষ নিয়ম করিয়া স্বার্থ হস্তান্তর করিবার কথা।

and no proprietor who has derived his title from any proprietor who has made any alienation as aforesaid,

এবং যে ভূম্যধিকারী পূর্ব্বোক্তমতে কোন স্বার্থ হস্তান্তর করেন তাঁহাহইতে অন্য যে ভূম্যধিকারী স্বত্ব প্রাপ্ত হন তিনি,

shall be entitled to claim a separation under this Act of the interest which he continues to hold in the estate;

ঐ মহালে যে স্বার্থ ভোগ করিতে থাকেন এই আইনমতে তাঁহার সেই স্বার্থ স্বতন্ত্র করিতে দাওয়া করিবার অধিকার থাকিবে না।

and no such transferee as aforesaid, and no person deriving his title from such transferee,

ও পূর্ব্বোক্তমতে যে ব্যক্তি হস্তান্তরকরণক্রমে স্বার্থ প্রাপ্ত হন তিনি কিম্বা তাঁহাহইতে অন্য যে ব্যক্তি স্বত্ব

shall be entitled to claim a separation of the interest which has been so acquired:

প্রাপ্ত হন তিনিও তদ্রূপে যে স্বার্থ প্রাপ্ত হইলেন তাহা তাঁহার স্বতন্ত্র করিতে দাওয়া করিবার অধিকার থাকিবে না।

Provided that a separation of such interests may be made if the parties concerned agree to waive the conditions of the contract as regards the proportion of revenue for which the transferor and transferee or their representatives respectively are liable, and to hold the estates which may be allotted to them respectively by the partition, subject to the payment of such amount of land revenue as may be assessed upon them respectively by the revenue authorities under this Act.

কিন্তু হস্তান্তরকারি ব্যক্তি ও হস্তান্তরকরণক্রমে স্বার্থ প্রাপ্ত ব্যক্তি কিম্বা তাঁহাদের স্থলাভিষিক্তগণ রাজস্বের যে অংশ দেওনবিষয়ে দায়ী হন, এই বিষয়ে ঐ কার্য্যসংক্রান্ত ব্যক্তিরা ঐ চুক্তির নিয়ম ত্যাগ করিতে সম্মত হইলে, এবং বণ্টন দ্বারা তাঁহাদের প্রতি যেং মহাল নিরূপণ করা যায়, রাজস্বসংক্রান্ত কার্য্যকারকেরা এই আইন অনুসারে ঐং মহালের ভূমির যে রাজস্ব ধার্য্য করেন তাহাই দিয়া ঐং মহাল ভোগ করিতে সম্মত হইলে, ঐ স্বার্থ বণ্টন করা যাইতে পারিবে ইতি।

Arrears of revenue may be realized by sale of parent estate.

আদিম মহাল বিক্রয় করিয়া বাকী রাজস্ব আদায় করিতে পারিবার কথা।

15. Notwithstanding that a parent estate may have been declared to be under partition as provided in section thirty-one, any arrears of revenue accruing due on such estate before the date specified in the notice issued under section one hundred and twenty-three may be realized by sale of the parent estate as if such estate had not been declared to be under partition; and if such sale takes place the partition proceedings shall cease from the date thereof.

১৫ ধারা। আদিম মহালের বণ্টনকার্য্য চলিতেছে ৩১ ধারার বিধানমতে ইহা প্রকাশ করা গেলেও, ১২৩ ধারামতে যে নোটিস প্রচার করা যায় সেই নোটিসের নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে ঐ মহালের রাজস্ব বাকী পড়িলে, ঐ আদিম মহালের বণ্টনকার্য্য চলিতেছে এই কথা প্রকাশ না হওয়ার ন্যায় সেই মহাল নীলাম করিয়া ঐ বাকী আদায় হইতে পারিবে। নীলাম হইলে, সেই নীলামের তারিখ অবধি বণ্টনের কার্য্য স্থগিত থাকিবে ইতি।

Shares may be protected from liability for arrears under laws in force.

প্রচলিত আইন অনুসারে বাকীর দায়হইতে অংশ রক্ষা পাইতে পারিবার কথা।

16. Nothing contained in the last preceding section shall be deemed to affect the provisions of section 10, 11, 12, 13, or 14 of Act XI of 1859 *(an Act to improve the law relating to sales of lands for arrears of revenue)*, or any provisions of any similar law for the time being in force in respect to the opening of separate accounts for different shares in an estate, and the protection afforded to such shares thereby:

১৬ ধারা। ১৮৫৯ সালের ১১ আইনের (অর্থাৎ বাকী রাজস্বের নিমিত্ত ভূমির নীলামকরণ বিষয়ক আইন আরো উত্তম করণার্থ আইনের) ১০, ১১, ১২, ১৩ কি ১৪ ধারায়, কিম্বা যৎকালে তদনুরূপ যে কোন আইন প্রচলিত থাকে সেই আইনে কোন মহালের ভিন্নং অংশের স্বতন্ত্র হিসাব রাখিবার ও তদ্দ্বারা ঐং অংশ রক্ষা করিবার যেং বিধান আছে, ইহার পূর্ব্ব ধারার কোন কথাক্রমে তাহার ব্যতিক্রম হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

Provided that, if any share in any estate is sold for its own arrears of revenue while such estate is under partition in accordance with the provisions of this Act, such share shall be sold subject to the partition proceedings, which shall proceed as if no such sale had taken place; and the purchaser of the share sold may, from the date of such sale, exercise all the rights which the proprietor whose share he has purchased might have exercised, and shall be subject to all the liabilities to which such proprietor would have been subject, in respect of the partition proceedings.

কিন্তু এই আইনের বিধানানুসারে কোন মহালের বণ্টন হইতেছে এমত সময়ে, ঐ মহালের অন্তর্গত কোন অংশ নিজ বাকী রাজস্বের নিমিত্তে বিক্রয় করা গেলে, বণ্টনের আনুষ্ঠানিক কার্য্য প্রবল মানিয়া ঐ অংশ বিক্রয় করা যাইবে, ও নীলাম না হওয়ার ন্যায় বণ্টনকার্য্য চলিবে। নীলাম করা সেই অংশের ক্রেতা যে ভূম্যধিকারির অংশ ক্রয় করেন তিনি ঐ নীলামের তারিখঅবধি তাঁহার সকল স্বত্বানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং বণ্টনের আনুষ্ঠানিক কার্য্যসম্পর্কে ঐ ভূম্যধিকারির উপর যে সকল দায় বর্ত্তিত ঐ ক্রেতারও উপর সেই সকল দায় বর্ত্তিবে ইতি।

PART III.

OF THE APPLICATION FOR PARTITION; THE ADMISSION OF AN ESTATE TO PARTITION; AND THE DISCONTINUANCE OF THE PARTITION PROCEEDINGS AFTER SUCH ADMISSION.

Application for partition to be made to Collector of the district.

17. All applications for partition shall be made to the Collector of the district on the revenue-roll of which the estate is borne, and shall be made in person or by duly authorized agent, on paper bearing such stamp as may be required by any law for the time being in force.

Application to be signed, and certain particulars specified.

18. The application shall be signed by the applicant, and shall supply the following information in regard to the parent estate, so far as the particulars are known to the applicant or can be ascertained by him:—

(*a*) name of the estate;

(*b*) number under which the estate is borne on the revenue-roll, and the revenue demand for which it is liable;

(*c*) number under which the estate is borne on the Collector's General Register of revenue-paying lands;

(*d*) name and address of every proprietor, whether recorded or unrecorded;

(*e*) the character and extent of the interest of which each proprietor is in possession;

(*f*) a specification of any lands held by all or any of the proprietors of the parent estate in common with all or any of the proprietors of other estates, and of the rights of such proprietors respectively in such lands.

Application must be accompanied by copy of rent-roll and statement of rents.

19. Subject to the provisions of section sixty-one, every application shall, if possible, be accompanied by a copy of the rent-roll of the estate, by a statement of the rents collected from such estate on behalf of the applicant during each of the three years immediately preceding such application, and by copies of any measurement papers of the estate which the applicant may have in his possession.

The said rent-roll, statement, and measurement papers shall be attested by the patwaris of the villages, if any, and every such application, rent-roll, and statement shall be presented, subscribed, and verified as provided in section fifty-two.

তৃতীয় ভাগ।

বন্টন হইবার প্রার্থনার, ও বন্টন করিবার জন্যে মহাল গ্রাহ্য হওয়ার, ও গ্রাহ্য হওয়ার পর বন্টনের কার্য্য স্থগিত থাকার বিধি।

জিলার কালেক্টর সাহেবের নিকট বন্টন হইবার প্রার্থনা করিবার কথা।

১৭ ধারা। মহাল যে জিলার তৌজীতে লেখা থাকে, বন্টন হইবার প্রার্থনা সেই জিলার কালেকটর সাহেবের নিকট করিতে হইবে। ও যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে যে মূল্যের ইষ্টাম্প দেওয়া প্রয়োজন, ভূম্যধিকারী সেই মূল্যের ইষ্টাম্প কাগজে প্রার্থনা লিখিয়া নিজে কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা দিবেন ইতি।

প্রার্থনাপত্রে স্বাক্ষর করিতে ও বিশেষ২ বৃত্তান্ত লিখিতে হইবার কথা।

১৮ ধারা। প্রার্থক আপনি ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষর করিবেন, ও তিনি যতদূর জানেন বা জানিয়া লইতে পারেন ততদূর ঐ প্রার্থনাপত্রের মধ্যে আদিম মহালের বিষয়ে নিম্নলিখিত বৃত্তান্ত জানাইবেন।

(ক) মহালের নাম।

(খ) তৌজীতে মহালের যে নম্বর থাকে ও যত টাকা রাজস্বের দায়ী হয়।

(গ) কালেক্টর সাহেবের খেরাজী মহালের সাধারণ রেজিষ্টরে মহালের যে নম্বর আছে।

(ঘ) লিপিবদ্ধ হইলে বা না হইলেও প্রত্যেক ভূম্যধিকারির নাম ও ঠিকানা।

(ঙ) প্রত্যেক জন ভূম্যধিকারির অধিকারে যে স্বার্থ থাকে তাহার ভাব ও পরিমাণ।

(চ) আদিম মহালের সকল কি কোন২ ভূম্যধিকারিরা অন্য মহালের সকল কি কোন২ ভূম্যধিকারিদের সঙ্গে সাধারণে যে২ ভূমি ভোগ করেন তাহার ও ঐ২ ভূমিতে ঐ২ ভূম্যধিকারিদের স্বত্বের বিশেষ বর্ণনা ইতি।

প্রার্থনাপত্রের সঙ্গে মফঃসলজমার নকল ও খাজানার কর্দ্দ দিতে হইবার কথা।

১৯ ধারা। ৬১ ধারার বিধান প্রবল মানিয়া প্রত্যেক প্রার্থনাপত্রের সঙ্গে সাধ্যমতে এই২ পত্র দিতে হইবে, মহালের মফঃসল জমার কর্দ্দের নকল, এবং ঐ প্রার্থনা করিবার অব্যবহিত পূর্ব্ব তিন বৎসরে প্রার্থকের নিমিত্ত ঐ মহালহইতে বৎসর২ যত খাজানা আদায় হইল তাহার বর্ণনাপত্র, ও মহালের মাপকরণসম্পর্কীয় কোন কাগজপত্র প্রার্থকের অধিকারে থাকিলে সেই কাগজপত্রের নকল।

নানা গ্রামের পাটওয়ারী থাকিলে তাঁহারা ঐ মফঃসল জমার কর্দ্দে ও বর্ণনাপত্রে ও মাপকরণ বিষয়ক কাগজপত্রে স্বাক্ষর করিবেন, ও উক্ত প্রত্যেক প্রার্থনাপত্র ও মফঃসল জমার কর্দ্দ ও বর্ণনাপত্র ৫২ ধারার বিধানমতে উপস্থিত ও স্বাক্ষর ও সত্যীকৃত করা যাইবে।

[*Government Gazette, 7th November* 1876.]

If the applicant is unable to produce a rent-roll or statement as above required, he shall state the reason of such inability, and the name and address of the person who has in his possession the information necessary for the preparation of such rent-roll and statement, and the Collector may, if he shall think fit, require such person to produce such rent-roll and statement.

প্রার্থক পূর্ব্বোক্ত আজ্ঞামতে মফঃসল জমার কর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইতে না পারিলে, তাহা না পারিবার কারণ, ও সেই মফঃসল জমার কর্দ্দ ও বর্ণনাপত্র প্রস্তুত করিবার প্রয়োজনীয় সকল সন্ধান যে ব্যক্তির নিকট থাকে তাঁহার নাম ও ঠিকানা জানাইবেন, ও কালেকটর সাহেব উচিত বোধ করিলে সেই ব্যক্তিকে ঐ মফঃসল জমার কর্দ্দ ও বর্ণনাপত্র দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

20. If the application does not fulfil the requirements of the three last preceding sections, the Collector may reject such application or may order it to be amended.

Collector may reject application.

২০ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারায় যে২ বিষয়ের আজ্ঞা হইয়াছে, প্রার্থনা-পত্রে সেই আজ্ঞানুসারে কার্য্য না হইলে, কালেক্টর সাহেব সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে কিম্বা সংশোধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবার কথা।

21. If, in the opinion of the Collector, the application fulfils the said requirements and there appears to be no objection to making the partition, the Collector shall publish a notification of the application in the manner prescribed in section one hundred and thirty-four, and shall also cause copies thereof to be posted up at the Court of the Judge of the district, at the court of every Munsif and Sub-divisional Officer within whose jurisdiction, and at every Police Station within the jurisdiction of which any lands appertaining to the estate are known to be situated, and shall invite any person claiming any proprietary right in the estate, who may object to the partition, to state his objection either in person or by duly authorized agent, on a day to be specified in the notification, not being less than thirty or more than sixty days from the date of the publication of the notification on the estate.

Procedure of Collector on receipt of application.

২১ ধারা। প্রার্থনাপত্রে উক্ত সকল আজ্ঞানুযায়ি কর্ম্ম হইয়াছে কালেক্টর সাহেবের এমত বিবেচনা থাকিলে, ও বণ্টন হইবার কোন আপত্তি দৃষ্ট না হইলে, তিনি ১৩৪ ধারার বিধানমতে ঐ প্রার্থনাপত্রের জ্ঞাপনপত্র প্রকাশ করিবেন, এবং জিলার জজ সাহেবের আদালতে, ও সেই মহালসংক্রান্ত কোন ভূমি যে২ মুন্সেফের ও মহকুমার যে২ কার্য্যকারকের এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে তাঁহাদের কাছারী ঘরে, ও যে২ পোলীস থানার এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেই২ থানায় ঐ জ্ঞাপনপত্রের নকল লাগাইয়া দিবেন, ও সেই মহালের অধিকারিত্ব স্বত্বের কোন দাওয়াদারের আপত্তি থাকিলে, মহালে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি ত্রিশ দিনের অন্যূন ও ষাইট দিনের অনধিক যে দিন ঐ জ্ঞাপনপত্রে নির্দ্ধারিত হয়, তাঁহাকে সেই দিনে আপনি কি নিয়মমতে ক্ষমতা-প্রাপ্ত মোক্তারের দ্বারা আপনার আপত্তি জানাইতে আজ্ঞা করিবেন ইতি।

প্রার্থনাপত্র পাইলে কালেক্টর সাহেবের কার্য্যপ্রণালীর কথা।

22. Notice of the application shall also be served in the manner prescribed by section one hundred and thirty-five on such of the recorded proprietors of the estate as shall not have joined in the application, and on any other proprietor who may have been named in the application.

Notice to proprietors who have not joined therein.

২২ ধারা। মহালের লিপিবদ্ধ যে ভূম্যধিকারিরা ঐ প্রার্থনাপত্রের ভাগী নহেন ও প্রার্থনাপত্রে অন্য যে ভূম্যধিকারির নাম উল্লেখ হইয়া থাকে, তাঁহাদিগকেও ঐ প্রার্থনাপত্রের নোটিস ১৩৫ ধারার বিধানমতে দেওয়া যাইবে ইতি।

যে ভূম্যধিকারিরা প্রার্থনাপত্রের ভাগী নহেন তাঁহাদিগকে নোটিস দিবার কথা।

23. If any objection be made to the partition by any person claiming a proprietary right as aforesaid on or before the day specified in the notification published under section twenty-one, or at any subsequent time if it shall seem fit to the Collector to admit such objection, and the Collector, on consideration of such objection, shall be of opinion that there is good and sufficient reason for rejecting the application, he may reject the same, and in that case shall record the grounds of such rejection.

In case of valid objection being made within time allowed, application may be refused.

২৩ ধারা। ২১ ধারামতে যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায়, তাহার নির্দ্দিষ্ট দিনে কি তৎপূর্ব্বে পূর্ব্বোক্ত-মতে অধিকারিত্ব স্বত্বের কোন দাওয়াদার বণ্টন হইবার আপত্তি করিলে, কিম্বা তৎপশ্চাৎ কোন সময়েও করিলে ও কালেক্টর সাহেব সেই আপত্তি গ্রাহ্য করা উচিত বোধ করিলে, তিনি সেই আপত্তি বিবেচনায় ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার উত্তম ও বিশিষ্ট কারণ আছে জ্ঞান করিলে, তিনি ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবেন। সেই স্থলে ঐ অগ্রাহ্য করার কারণ লিপিবদ্ধ করিবেন ইতি।

নিরূপিত সময়ের মধ্যে প্রামাণিক আপত্তি করা গেলে প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ নবেম্বর।]

24. If the objection raises any question of the extent of interest, or of right or title as between any applicant and any other person claiming to be a proprietor of the parent estate, and if it shall appear to the Collector that such question has not been already determined by a Court of competent jurisdiction, the Collector may hold such inquiry as he may deem necessary into the objection, and, if he be satisfied that the applicant is in possession of the extent of the interest for the separation of which he has applied, may, instead of rejecting the application as provided in the last preceding section,

Procedure when objection raises any question of title or right.

(*a*) direct that the partition proceedings shall proceed for the purpose of forming and assigning to the applicant a separate estate in accordance with the extent of interest claimed by him in the parent estate; or

(*b*) direct that such proceedings be postponed for four months.

25. At the expiration of the said four months, the Collector shall resume the proceedings, unless the person who has made the objection, or some other person, shall have obtained an order from a Civil Court directing that such proceedings be stayed, or shall be able to show that a suit has been instituted before such Court to try some question, of such nature that the Collector shall think fit to stay the proceedings until the question shall have been finally decided, or until the proceedings in such Court in respect thereof shall have terminated.

When Collector to resume proceedings.

26. No suit instituted in a Civil Court by any person claiming any right or title in the parent estate, after the lapse of four months from the issue of an order of the Collector under clauses (*a*) and (*b*) of section twenty-four, or after the lapse of four months from the issue of an order of the Collector under section thirty-one declaring the estate to be under partition, shall avail to stay or affect the progress of any proceedings which shall have been taken under this Act for the partition of an estate; and all rights which may be conferred on any person by the final decree in such suit shall be subject to such proceedings in the manner hereinafter provided.

Suit in Civil Court when not to affect proceedings taken under this Act.

27. Every decree passed in such suit after the parent estate shall have been declared to be under partition as provided in section thirty-one, but before

Decree made while partition proceedings are in progress.

২৪ ধারা। সেই আপত্তি যদি প্রার্থকের এবং আদিম মহালের ভূম্যধিকারী বলিয়া অন্য দাওয়াদারের মধ্যে স্বার্থের পরিমাণ কি স্বত্ব কি অধিকার বিষয়ে কোন বিবাদ উত্থিত হইলে ও তৎপূর্ব্বে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে ঐ বিবাদ নির্ণয় করা যায় নাই কালেক্টর সাহেব ইহা দেখিতে পাইলে, ঐ আপত্তি বিষয়ে যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন, লইতে পারিবেন। তাহাতে প্রার্থক স্বার্থের যে পরিমাণ স্বতন্ত্র হইবার প্রার্থনা করেন সেই পরিমাণের স্বার্থ তাঁহারা অধিকারেই আছে কালেক্টর সাহেব ইহা সদ্বোধমতে জানিতে পাইলে, ইহার পূর্ব্ব ধারার বিধানমতে প্রার্থনাপত্র অগ্রাহ্য না করিয়া,

ঐ আপত্তি দ্বারা অধিকার কি স্বত্ব বিষয়ক বিবাদ উত্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

(ক) প্রার্থক আদিম মহালে যে পরিমাণের স্বার্থের দাওয়া করেন তদনুযায়ি এক স্বতন্ত্র মহাল করা যাইবার ও তাঁহার প্রতি নিরূপণ করিবার জন্যে বন্টনের কার্য্য চলনের, কিম্বা

(খ) চারি মাস পর্য্যন্ত ঐ কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

২৫ ধারা। যে ব্যক্তি আপত্তি করিলেন তিনি কিম্বা অন্য ব্যক্তি ইতিমধ্যে সেই বন্টনের কার্য্য স্থগিত করণার্থে দেওয়ানী আদালতের আজ্ঞা না পাইয়া থাকিলে, কিম্বা উক্ত আদালতের বিচারার্থে এমন ভাবের একটি মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে যে তাহার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত কিম্বা আদালতের তৎসম্পর্কীয় কার্য্যানুষ্ঠানের শেষ না হওয়াপর্য্যন্ত কালেক্টর সাহেবের সেই বন্টনের কার্য্য স্থগিত রাখা উচিত ইহা দেখাইতে না পারিলে, কালেক্টর সাহেব উক্ত চারি মাস গত হইলে পর, ঐ কার্য্য পুনরায় প্রচলন করিবেন ইতি।

কালেক্টর সাহেব যে সময়ে ঐ কার্য্য পুনঃপ্রচলিত করিতে পারিবেন তাহার কথা।

২৬ ধারা। ২৪ ধারার (ক) ও (খ) প্রকরণমতে কালেক্টর সাহেবের আজ্ঞা প্রচার হইলে পর চারি মাস, কিম্বা মহালের বন্টন হইতেছে বলিয়া ৩১ ধারামতে তাঁহার আজ্ঞা প্রচার হইলে পর চারি মাস গত হইলে, আদিম মহালে কোন স্বত্বের কি অধিকারের কোন দাওয়াদার দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত করিলেও, তাহা এই আইনমতে মহালের বন্টনসম্পর্কীয় আনুষ্ঠানিক কোন কার্য্য স্থগিত বা ব্যাঘাত করণার্থে ফলজনক হইবে না। এবং ঐ মোকদ্দমার শেষ ডিক্রীতেও কোন ব্যক্তির প্রতি যে সকল স্বত্ব প্রদান করা যায় তাহার উপর নিম্নলিখিত বিধানমতে ঐ আনুষ্ঠানিক কার্য্য প্রবল থাকিবে ইতি।

দেওয়ানী আদালতে মোকদ্দমা হইলেও যে স্থলে এই আইনমত কার্য্যের ব্যাঘাত না হইবে তাহার কথা।

২৭ ধারা। আদিম মহাল বন্টন হইতেছে ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করা গেলে পর, কিন্তু ১২৩ ধারামত নোটিসে যে তারিখ নির্দ্দিষ্ট হইল তৎপূর্ব্বে,

বন্টনের কার্য্য চলনসময়ে যে ডিক্রী করা যায় তাহার কথা।

[*Government Gazette, 7th November* 1876.]

the date specified in the notice under section one hundred and twenty-three, shall be made in recognition of the proceedings then in progress under this Act for the partition of such parent estate, and shall be framed in such manner that the provisions of such decree may be applied to, and may be carried out in reference to, the separate estates which the Collector in his proceeding under section thirty-one shall have ordered to be formed out of the parent estate;

and if the effect of any such decree be to declare any person or body of persons entitled to any extent of interest in such parent estate in excess of the extent of interest which the Collector in the said proceeding has declared to be held by such person or body of persons, such decree shall specify, separately in respect of every proprietor or body of proprietors of whose interests the Collector has separately specified the extent in the said proceeding, the proportion of such excess which such person or body of persons is entitled to recover from every such proprietor or body of proprietors;

and every person or body of persons so declared entitled to recover any extent of interest from any such proprietor or body of proprietors shall, for the purposes of the partition proceedings, be deemed to have the same rights, and to be subject to the same liabilities, as a person who has acquired such extent of interest from such proprietor or body of proprietors by private purchase after the estate was brought under partition under section thirty-one, and on the date on which the decree was passed;

and such person or body of persons may apply, as in this Act provided, for the separation and assignment to him, or them, of the lands representing the extent of interest so acquired;

and such application shall be dealt with as provided in section thirty-two.

উক্ত প্রকারের মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, এই আইনমতে ঐ আদিম মহালের প্রচলিত বণ্টনকার্য্য প্রবল মানিয়া ঐ ডিক্রী করা যাইবে। এবং কালেক্টর সাহেব ৩১ ধারামতে রুবকারী করিয়া আদিম মহালহইতে স্বতন্ত্র যে২ মহাল করিবার আজ্ঞা করিয়া থাকেন তাহার প্রতি ঐ ডিক্রীর বিধান যাহাতে বর্ত্তিতে পারে ও ঐ সকল স্বতন্ত্র মহাল লক্ষ করিয়া যাহাতে সফল হইতে পারে ঐ ডিক্রী এমতে লেখা যাইবে।

এবং কালেক্টর সাহেব ঐ রুবকারীতে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে স্বার্থের যে২ পরিমাণের ভোগী বলিয়া প্রকাশ করিয়াছেন, উক্ত কোন ডিক্রীর ফলে ঐ ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে আদিম মহালে তদধিক পরিমাণের স্বার্থের স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেলে, উক্ত রুবকারীতে কালেক্টর সাহেব যে ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিগণের স্বতন্ত্র স্বার্থের পরিমাণ বিশেষ করিয়া নির্দ্দিষ্ট করিলেন ঐ ডিক্রীতেও উক্ত প্রত্যেক ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিদিগের যে অংশানুসারে ঐ অধিক স্বার্থ পাইবার অধিকার থাকে তাহাও বিশেষ করিয়া লেখা যাইবে।

এবং ৩১ ধারামতে মহালের বণ্টনকার্য্য আরম্ভ হইবার পরে ও ডিক্রী যে তারিখে করা গেল সেই তারিখে কোন ব্যক্তি ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে আপোসে কোন পরিমাণের স্বার্থ ক্রয় করিলে, তাঁহার যে২ স্বত্ব থাকিত ও তাঁহার প্রতি যে২ দায় বর্ত্তিত, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে যে ব্যক্তি কি ব্যক্তিগণ সেই পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ হন, তিনি কি তাঁহারা বণ্টনের কার্য্যপক্ষে সেই স্বত্ব প্রাপ্ত হইবেন ও তাঁহার কি তাঁহাদের প্রতি সেই দায় বর্ত্তিবে এমত জ্ঞান হইবে।

ও ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তদ্রূপে যে পরিমাণের স্বার্থ প্রাপ্ত হইলেন, এই আইনের বিধানমতে সেই স্বার্থানুযায়ি ভূমি তাঁহার কি তাঁহাদের পক্ষে স্বতন্ত্র করিয়া নিরূপণ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

ও সেই প্রার্থনাপত্র লইয়া ৩২ ধারার বিধানমতে কার্য্য করা যাইবে ইতি।

28. Every decree passed after the date specified in the notice under section one hundred and twenty-three, in a suit which was instituted as mentioned in section twenty-six, shall be made in recognition of the partition proceedings, and shall be framed in such manner as to give effect to such division of the parent estate into separate estates as shall have been made by the Collector, and not to disturb such division; and if the effect of any such decree shall be to declare any person or body of persons to have been entitled to any extent of interest in the parent estate in

Decree made after partition proceedings completed.

২৮ ধারা। ১২৩ ধারামত নোটিসে যে তারিখ নির্দ্দিষ্ট হইল, সেই তারিখের পরে ২৬ ধারার উল্লিখিতমতে মোকদ্দমা উপস্থিত হইয়া যে ডিক্রী করা যায় তাহা ঐ বণ্টনের কার্য্য প্রবল মানিয়া করা যাইবে, এবং কালেক্টর সাহেব আদিম মহাল ভাগ করিয়া যে২ স্বতন্ত্র মহাল করিয়াছেন তাহা যাহাতে প্রবল থাকে ও সেই বিভাগের ব্যতিক্রম না হয় ঐ ডিক্রী এমতে লেখা যাইবে, ও কালেক্টর সাহেব বণ্টনের কার্য্য করণে কোন ব্যক্তির কি ব্যক্তিগণের প্রতি যে পরিমাণের স্বার্থানুযায়ি স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, আদিম মহালে তাঁহার কি তাঁহাদের তদধিক পরিমাণের স্বার্থের অধিকার আছে ডিক্রীর ফলে যদি

বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পর যে ডিক্রী করা যায় তাহার কথা।

excess of the extent of interest which is represented by the separate estate assigned to such person or body of persons by the Collector in the partition proceedings, such decree shall specify, separately in respect of the proprietor or joint proprietors of every separate estate formed by the partition, the proportion of such excess of interest which such person or body of persons is entitled to recover from such proprietor or joint proprietors; and every person or body of persons so declared entitled to recover any extent of interest from the proprietor or joint proprietors of a separate estate shall be entitled to recover such extent of interest out of the separate estate which has been assigned to such proprietor or joint proprietors, and out of such separate estate only;

ইহা প্রকাশ হইয়া থাকে, তবে ঐ বণ্টনদ্বারা যে২ স্বতন্ত্র মহাল করা গেল তাহার যে২ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারদের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিগণের যে অংশানুসারে অধিক পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ব থাকে, ঐ ডিক্রীতে ঐ প্রত্যেক ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের উপলক্ষে এই কথা বিশেষ করিয়া লেখা যাইবে, ও স্বতন্ত্র মহালের ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের স্থানে যে ব্যক্তিকে কি ব্যক্তিগণকে তদ্রূপ স্বার্থের কোন পরিমাণ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল, ঐ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ হইল ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ কেবল সেই স্বতন্ত্র মহাল-হইতে সেই পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ববান হইবেন।

and every such decree as aforesaid shall be executed by placing the person or persons so declared entitled to recover, in the position of a recorded joint proprietor or recorded joint proprietors of such separate estate, holding the same as a joint undivided estate in common tenancy with the proprietor or joint proprietors to whom such separate estate was assigned by the Collector in the partition proceedings, the extent of the interest of the joint proprietors respectively in such estate being such as is declared in the aforesaid decree.

ও যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ স্বার্থ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল, তাঁহাকে কি তাঁহাদিগকে ঐ স্বতন্ত্র মহালের লিপিবদ্ধ সাধারণ ভূম্যধিকারির কি লিপিবদ্ধ সাধারণ ভূম্যধিকারিদের অবস্থাপন্ন করিয়া ঐ ডিক্রী জারী করা যাইবে। তাহাতে কালেক্টর সাহেব বণ্টনের কার্য্য করণে যে ভূম্যধিকারিদের কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি ঐ স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তাঁহাদের সঙ্গেং সাধারণ অবিভক্ত মহাল-স্বরূপ ঐ মহাল ভোগ করিবেন, এবং পূর্ব্বোক্ত ডিক্রীতে ঐ মহালে ঐ সাধারণ ভূম্যধিকারিদের যে২ পরিমাণের স্বার্থ প্রকাশ করা গেল, তাঁহাদের সেই২ পরিমাণের স্বার্থ থাকিবে ইতি।

29. Subject to the provisions of section eleven, a Civil Court may at any time direct the Collector to assign to any person lands representing a specified interest in any estate or in any specified village or tract of land in an estate, to be held by such person as a separate estate, or to divide off from any estate any specified villages or lands, and to assign them to any person to be held as a separate estate, provided that an application for such partition and separation shall be presented by such person, as required by sections seventeen, eighteen, and nineteen; but no Civil Court shall in any case specify the amount of revenue for which any separate estate which it may direct to be formed under the provisions of this section shall be liable.

Civil Court may order partition.

২৯ ধারা। দেওয়ানী আদালত ১১ ধারার বিধান প্রবল মানিয়া কোন সময়েই কালেক্টর সাহেবের প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, কোন ব্যক্তির স্বতন্ত্র মহালস্বরূপ ভোগ করিবার জন্যে কোন মহালের কিম্বা মহালগত কোন নির্দ্দিষ্ট গ্রামের কি ভূমিখণ্ডের নির্দ্দিষ্ট স্বার্থানুযায়ি ভূমি নিরূপণ করেন, অথবা কোন মহালহইতে নির্দ্দিষ্ট কোন২ গ্রাম কি ভূমি পৃথক করিয়া কোন ব্যক্তির প্রতি স্বতন্ত্র মহালস্বরূপ ভোগ করিবার নিমিত্ত নিরূপণ করেন। পরন্তু এমত স্থলে প্রয়োজন যে, ঐ ব্যক্তি ১৭ ও ১৮ ও ১৯ ধারার বিধানমতে ঐ বণ্টন ও পৃথক করণার্থ প্রার্থনাপত্র উপস্থিত করেন। কিন্তু এই ধারার বিধানমতে দেওয়ানী আদালত যে স্বতন্ত্র মহাল করিবার আজ্ঞা করেন, সেই মহাল যত টাকা রাজস্বের দায়ী হইবে তাহা কোন স্থলেই নির্দ্দেশ করিবেন না ইতি।

বণ্টন করিবার আজ্ঞা করিতে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

30. The Collector shall assess the land revenue on every such separate estate in accordance with the provisions of this Act, and no Civil Court shall direct the Collector to carry out at partition otherwise than in accordance with the provisions of this Act.

Collector to assess land revenue in accordance with this Act.

৩০ ধারা। কালেক্টর সাহেব এই আইনের বিধানানুসারে উক্ত প্রত্যেক স্বতন্ত্র মহালের ভূমির রাজস্ব ধার্য্য করিবেন, এবং দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের প্রতি এই আইনের বিধানভিন্ন অন্য কোন প্রকারে বণ্টন কার্য্য নির্ব্বাহ করিতে আদেশ করিবেন না ইতি।

এই আইন অনুসারে কালেক্টর সাহেবের রাজস্ব ধার্য্য করিবার কথা।

[*Government Gazette, 7th November* 1876.]

31. If no objection be made within the time allowed under section twenty-one to an application for partition, or when all objections have been disposed of, and if the Collector has no reason to believe that any obstacle exists to his making the partition as applied for, he shall direct that the application be admitted, and record a proceeding declaring the estate to be under partition, for the purpose of forming and assigning to the applicant a separate estate.

Collector may declare the estate to be under partition.

In such proceeding the Collector shall declare the extent of interest in the parent estate which he finds to be held by the applicant, or joint applicants;

and, if more than one separate application for separation shall have been made and admitted, the extent of interest which he finds to be held by every separate applicant, or body of joint applicants, respectively;

and also the extent of interest which remains to any recorded proprietor, or to any number of recorded proprietors who are not applicants;

and shall order that lands proportionate to the interest so declared to be held by each applicant, or body of joint applicants, respectively, shall be formed into a separate estate, to be assigned to such applicant, or body of joint applicants;

and that lands proportionate to the interest so declared to remain to the recorded proprietor, or the number of recorded proprietors who are not applicants, shall be left forming a separate estate.

৩১ ধারা। ২১ ধারামতে যে সময়ের অনুমতি হইল, সেই সময়ের মধ্যে বন্টন হইবার প্রার্থনার আপত্তি না হইলে, কিম্বা হইলেও সকলই নিষ্পত্তি করা গেলে, এবং প্রার্থনামতে বন্টন করিবার কোন বাধা নাই কালেক্টর সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি সেই প্রার্থনা গ্রাহ্য হইবার আজ্ঞা করিয়া, স্বতন্ত্র মহাল করিয়া প্রার্থকের প্রতি নিরূপণ করিবার জন্যে মহালের বন্টন হইতেছে, এই মর্ম্মের কবকারী লিপিবদ্ধ করিবেন।

মহালের বন্টনকার্য্য চলিতেছে এই কথা কালেক্টর সাহেবের প্রকাশ করিবার কথা।

আদিম মহালে প্রার্থকের কি সাধারণ প্রার্থকদের যে পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

ও স্বতন্ত্র করিবার জন্যে দুই কি তদধিক স্বতন্ত্র প্রার্থনা করা গেলে ও গ্রাহ্য হইলে, স্বতন্ত্র প্রত্যেক প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যে২ পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন তাঁহার কি তাঁহাদের যে পরিমাণের স্বার্থ থাকিবে এই কথা কালেক্টর সাহেব ঐ কবকারীতে প্রকাশ করিবেন,

এবং প্রত্যেক জন প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যে২ স্বার্থ তদ্রূপে প্রকাশ করা গেল, তাঁহার কি তাঁহাদের সেই২ স্বার্থানুযায়ি ভূমি স্বতন্ত্র২ মহাল করা যাইবার, ও সেই প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের প্রতি নিরূপণ হইবার,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন, তাঁহার কি তাঁহাদের পক্ষে থাকিল বলিয়া যে স্বার্থ পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হয় সেই স্বার্থানুযায়ি ভূমি স্বতন্ত্র মহালস্বরূপ থাকিবার আজ্ঞা করিবেন ইতি।

32. If at any time after the Collector has made an order for partition under the last preceding section, any recorded proprietor in the estate, other than the original applicant, shall apply for the separation of his share, the Collector may either order that the proceedings for effecting such separation shall be carried on simultaneously with those for separating the share of the original applicant, or if he consider that such a course would entail delay in the completion of the original proceedings, he may order that no action shall be taken on such subsequent application until after the proceedings for the separation of the original applicant's share shall have been completed.

Subsequent application for separation of another share.

In the latter case all or any of the rent-rolls, measurements, and other papers which were used in the separation of the original applicant's share,

৩২ ধারা। কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে বন্টন হইবার আজ্ঞা করিলে পর কোন সময়ে, যদি প্রথম প্রার্থকভিন্ন ঐ মহালের লিপিবদ্ধ কোন ভূম্যধিকারী আপন অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা করিয়া থাকেন, তবে প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য যে সময়ে চলিতেছে কালেক্টর সাহেব সেই সময়েই উক্ত অংশও স্বতন্ত্র করিবার কার্য্য চলনের আজ্ঞা করিতে পারিবেন, অথবা তদ্রূপে কার্য্য করিলে প্রথম কার্য্য সমাপ্ত হইবার বিলম্ব হইতে পারিবে এমত বিবেচনা করিলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য সমাপ্ত না হওনপর্য্যন্ত পশ্চাৎ সেই প্রার্থনার উপলক্ষে কোন কার্য্য না হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অন্য অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা পশ্চাৎ করা গেলে তদ্বিষয়ের কথা।

শেষোক্ত স্থলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করণে মফঃসল জমার যে ফর্দ্দ ও চিঠা ও অন্য যে সকল কাগজপত্রের ব্যবহার হইয়াছিল তাহে কিম্বা তদ্ব্যতীত

may be used, as far as they are applicable, in the partition for which subsequent application has been made.

কোন২ কাগজপত্র যত দূর খাটিতে পারে, পশ্চাৎ প্রার্থনামতে ঐ বণ্টন কার্য্যে তত দূর ব্যবহার হইতে পারিবে ইতি।

Collector may refer application for partition to any Deputy Collector.

33. The Collector may refer any application for partition to a Deputy Collector for the purpose of making any enquiries and doing anything required by this Part; provided that every order—

৩৩ ধারা। এই ভাগানুসারে যে২ অনুসন্ধান লওয়া ও অন্য যে২ কার্য্য করা প্রয়োজন, তাহা করিবার জন্যে কালেক্টর সাহেব বণ্টন করিবার কোন প্রার্থনাপত্র ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন,—পরন্তু এই২ আজ্ঞা, অর্থাৎ—

বণ্টন হইবার প্রার্থনাপত্র ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

(*a*) rejecting an application under section twenty-three;

(ক) ২৩ ধারামতে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা,

(*b*) directing, under section twenty-four, that the partition shall proceed, or shall be postponed;

(খ) ২৪ ধারামতে বণ্টনের কার্য্য চলিবার কি জন্য দিন পর্য্যন্ত স্থগিত থাকিবার আজ্ঞা,

(*c*) directing, under section thirty-one, that an application for partition be admitted, and declaring an estate to be under partition;

(গ) ৩১ ধারামতে বণ্টন করিবার প্রার্থনা গ্রাহ্য হইবার, ও মহালের বণ্টন হইতেছে ইহা প্রকাশ করিবার আজ্ঞা,

(*d*) made under the first clause of the last preceding section;

(ঘ) ইহার পূর্ব্ব ধারার প্রথম প্রকরণমত আজ্ঞা,

(*e*) appointing a Deputy Collector under the next succeeding section to carry out the partition;

(ঙ) ইহার পশ্চাৎ ধারামতে বণ্টনের কার্য্য চালাইবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিবার আজ্ঞা,

shall be passed by the Collector and not by any Deputy Collector.

কালেক্টর সাহেবের করিতে হইবে, ডেপুটী কালেক্টরের নয় ইতি।

As soon as estate declared to be under partition, Collector may appoint Deputy Collector.

34. As soon as the Collector has declared an estate to be under partition as provided in section thirty-one, he may appoint a Deputy Collector to carry out the partition and all or any of the proceedings necessary thereto

৩৪ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে কালেক্টর সাহেব ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করিলেই, তিনি সেই বণ্টনকার্য্য ও তজ্জন্যে প্রয়োজনীয় সকল কি কোন কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

মহালের বণ্টনকার্য্য চলিতেছে এই কথা প্রকাশ হইলেই ডেপুটী কালেক্টরকে কালেক্টর সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।

Partition may be stayed if parties so desire. Recovery of costs.

35. If at any time after an order shall have been passed for making a partition all the recorded proprietors of the estate shall present a petition to the effect that they do not wish the partition to proceed, the Collector may, on the report of the Deputy Collector or otherwise, strike the partition case off the file, on payment by the proprietors of all costs and expenses incurred in and about such partition; and any such costs and expenses which shall not already have been levied as provided in section thirty-nine or section forty, shall be levied in proportion to the shares of the respective proprietors.

৩৫ ধারা। বণ্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে, সেই বণ্টনের কার্য্য যে চলে আমাদের এমত ইচ্ছা নাই বলিয়া মহালের লিপিবদ্ধ সকল ভূম্যধিকারী দস্তখাত উপস্থিত করিলে, ও সেই বণ্টনের কার্য্যে ও তৎসম্পর্কে যত খরচখরচা হইয়া থাকে, ভূম্যধিকারিরা তাহা দিলে, কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরের রিপোর্টমতে কিম্বা প্রকারান্তরে, ঐ বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দিতে পারিবেন। ও ৩৯ কি ৪০ ধারার বিধানমতে উক্ত যে খরচখরচা পূর্ব্বে আদায় না হইয়া থাকে তাহা একং জন ভূম্যধিকারির অংশানুসারে আদায় করা যাইবে ইতি।

বণ্টনসংক্রান্ত ব্যক্তিদের ইচ্ছা হইলে ঐ কার্য্য স্থগিত হইবার ও খরচ আদায় করিবার কথা।

Partition may be stayed and proceedings quashed by Commissioner.

36. If at any time after an order shall have been passed for making a partition, it shall appear from information which was not before the Collector at the time the partition was ordered, or otherwise,

৩৬ ধারা। কালেক্টর সাহেব যৎকালে বণ্টন করিবার আজ্ঞা করিলেন তৎকালে তাঁহার নিকট যে সন্ধান জানা ছিল না এমত কোন সন্ধান হেতুক কিম্বা অন্য কারণে সেই বণ্টনের

বণ্টন স্থগিত করিতে ও তৎসংক্রান্ত কার্য্য ব্যর্থ করিতে কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

that any sufficient reason exists, why the partition should not be proceeded with, the Commissioner may, on the report of the Collector or otherwise, after issuing a notice calling on the persons interested to show cause why the partition should not be struck off the file, and after considering any objections which may be made, order the partition case to be struck off the file; and in such case any costs and expenses of the partition which shall not already have been levied as provided in section thirty-nine or section forty shall be levied in proportion to the shares of the respective proprietors.

কার্য্য না চলিবার বিশিষ্ট কারণ আছে, বণ্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে ইহা দৃষ্ট হইলে, কমিশ্যনর সাহেব কালেক্টর সাহেবের রিপোর্টমতে কিম্বা অন্য কারণে ঐ বিষয় সংক্রান্ত সকল ব্যক্তির নামে নোটিস দিয়া সেই বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া না দিবার কারণ দেখাইতে আজ্ঞা করিলে, ও যেং আপত্তি করা যায় তাহা বিবেচনা করিলে পর, তিনি নথী হইতে ঐ বণ্টনের মোকদ্দমা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ স্থলে বণ্টন কার্য্যের যত খরচ খরচা ৩৯ বা ৪০ ধারার বিধানমতে পূর্ব্বে আদায় না হইয়া থাকে পৃথক২ ভূম্যধিকারিদের অংশানুসারে তাহা আদায় করা যাইবে ইতি।

PART IV.

Of establishments for effecting partitions and of the cost thereof.

চতুর্থ ভাগ।

বণ্টনের কার্য্য নির্ব্বাহ করিবার আমলাগণের ও তাঁহাদের খরচ বিষয়ক বিধি।

37. For the purposes of this Act, the Deputy Collector may, with the approval of the Collector, and subject to any rules made in that behalf by the Board, appoint such establishments as may be required for making the measurement and survey of lands, for ascertaining the rates of rent, for making any other local enquiries, for the preparation of the papers and for other matters in each case; and the Collector may appoint such peshkars or other superior officers as may be required to test the work of the amins, and for the performance of similar duties, provided that the scale of remuneration of such officers, and the time for which they shall be employed, shall be sanctioned by the Commissioner.

Deputy Collector may appoint officers for making measurement of lands, &c.

৩৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে প্রত্যেক স্থলে ভূমি মাপ ও জরীপ করিবার ও খাজানার হার নিশ্চয়মতে আনিয়া লিপিবদ্ধ করিবার ও স্থানীয় অন্য অনুসন্ধান লওয়ার ও কাগজপত্র প্রস্তুত করিবার ও অন্যং কার্য্যের জন্যে যত জন আমলা প্রভৃতির প্রয়োজন থাকে, ডেপুটী কালেক্টর, কালেক্টর সাহেবের অনুমোদনক্রমে ও বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে কোন বিধি করেন তাহা মানিয়া, তত জনকে নিযুক্ত করিতে পারিবেন। এবং আমীনদের কর্ম্ম পরীক্ষা করিবার, ও সেই প্রকারের অন্য কার্য্য করিবার জন্যে যত জন পেশকার কি উচ্চ শ্রেণীর অন্য কার্য্যকারকের প্রয়োজন থাকে, কালেক্টর সাহেব তাঁহাদিগকেও নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু ঐ কার্য্যকারকেরা যে হারে পারিশ্রমিক পাইবেন ও যত দিন নিযুক্ত থাকিবেন, কমিশ্যনর সাহেব তাহার অনুমোদন করিবেন ইতি।

ভূমি মাপকরণ প্রভৃতি কার্য্যের নিমিত্ত আমলাগণকে ডেপুটী কালেক্টরের নিযুক্ত করিবার কথা।

38. In any district or division in which partitions may be so numerous or so extensive as to render necessary the appointment of special establishments in the office of the Collector or of the Commissioner, the Collector and the Commissioner may, with the sanction of the Board, appoint such establishments.

Special establishments may be appointed.

৩৮ ধারা। কোন জিলার কি দেশের কোন খণ্ডের মধ্যে বণ্টনের কার্য্য অতি অধিক কি অতি বিস্তারিত হওয়াপ্রযুক্ত কালেক্টর সাহেবের কি কমিশ্যনর সাহেবের কাছারীতে বিশেষ আমলাগণের সিরিশতা নিযুক্ত কর আবশ্যক হইলে, কালেক্টর সাহেব এবং কমিশ্যনর সাহেব বোর্ডের সাহেবদের অনুমোদনক্রমে সেই আমলাগণকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

বিশেষ আমলাগণ নিযুক্ত হইতে পারিবার কথা।

39. As soon as possible after an estate has been declared to be under partition as provided in section thirty-one, the cost of making the partition shall be estimated, and the amount shall be levied from the proprietors in such instalments and at such times during the progress of the partition as may be fixed in accordance with any rules which the Board may make in that behalf.

Cost of partition to be levied from proprietors in accordance with rules laid down by the Board.

৩৯ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করা গেলে পর, ঐ বণ্টন করিবার খরচের অনুমানপত্র সাধ্যমতে ত্বরায় প্রস্তুত করা যাইবে। এবং বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে বিধি করেন, তদনুসারে বণ্টনের কার্য্য চলনসময়ে যে২ কিস্তি করিয়া ও যে২ সময়ে ঐ খরচ আদায় করিতে স্থির করা যায়, সেই২ কিস্তিমতে সেই২ সময়ে ভূম্যধিকারিদের স্থানে ঐ খরচ আদায় করা যাইবে।

বোর্ডের সাহেবেরা যে বিধি করেন তদনুসারে বণ্টন করিবার খরচ ভূম্যধিকারিদের স্থানে লইবার কথা।

If the amount first estimated is found insufficient, supplementary estimates may be made from time to time, and the required amount may be levied as above provided.

প্রথমে যে খরচের অনুমান করা যায়, তাহাতে অকুলান হইল জানা গেলে, সময়ে২ পরিশিষ্ট অনুমানপত্র করা যাইতে পারিবে, ও প্রয়োজনীয় টাকা পূর্ব্বোক্ত বিধানমতে আদায় করা যাইতে পারিবে ইতি।

40. The cost shall be apportioned on the proprietors of each share in proportion to their shares; but whenever it shall appear to the Commissioner that the partition proceedings have been unnecessarily delayed, and the cost of the partition enhanced by obstacles vexatiously put in the way of their completion by one or more of the proprietors, or by want of due diligence on the part of one or more of the proprietors in carrying out any requisitions made upon him or them, the Commissioner may direct that such portion of the cost as he may think proper in excess of the amount proportionate to his or their share shall be levied from such proprietor or proprietors.

Apportionment of costs.

৪০ ধারা। যে ভূম্যধিকারিদের যে২ অংশ থাকে সেই২ অংশানুসারে ঐ খরচ ভাগ করিয়া তাঁহাদের স্থানে লওয়া যাইবে। কিন্তু এক কি কএক জন ভূম্যধিকারির ঐ কার্য্য সম্পাদন হওয়ার ক্লেশজনক বাধা দেওয়াতে, কিম্বা এক কি কএক জন ভূম্যধিকারির প্রতি যে কর্ম্ম করিবার আদেশ হইল উপযুক্ত যত্নপূর্ব্বক সেই আদেশানুসারে কর্ম্ম না করাতে বণ্টনের কার্য্যের অনাবশ্যক বিলম্ব হইয়াছে ও বণ্টন করিবার খরচ বৃদ্ধি হইয়াছে কমিশ্যনর সাহেব ইহা দেখিতে পাইলে, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের অংশানুসারে তাঁহার কি তাঁহাদের যত খরচ দিতে হইত, তিনি তাঁহার কি তাঁহাদের স্থানে তদধিক যত খরচ লওয়া উচিত বোধ করেন তাহা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অংশাংশমতে খরচ লইবার কথা।

41. Whenever any local enquiry may be held by the Deputy Collector or any other officer, in consequence of an objection raised by any person to any record of measurements, rent-rolls, or other information which has been laid before the Deputy Collector, the Deputy Collector may declare the cost which has been incurred by such enquiry, and may direct that the entire cost so declared shall be paid by the person making the objection or by any one of the proprietors, or that such cost shall be paid in such proportions as he shall think fit, by the said person and the proprietors or any of them, or that such cost be deemed a part of the general cost of making a partition as prescribed in section thirty-nine.

Deputy Collector may declare cost of local enquiry.

৪১ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে মাপের যে কাগজপত্র কি মফঃসল জমা কি অন্য সন্ধান অর্পণ করা যায় তদ্বিষয়ে কোন ব্যক্তির আপত্তি তোলন প্রযুক্ত ডেপুটী কালেক্টরের কি অন্য কার্য্যকারকের দ্বারা কোন স্থানীয় অনুসন্ধান লওয়া গেলে, সেই অনুসন্ধান লওনের কার্য্যে যত খরচ লাগিয়াছে ডেপুটী কালেক্টর তাহা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন, ও যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার কিম্বা ভূম্যধিকারিদের কোন এক জনের উক্ত নির্দ্দিষ্ট সমুদয় খরচ দিতে হইবে, অথবা ডেপুটী কালেক্টর যে২ অংশ উচিত বোধ করেন ঐ ব্যক্তির ও ভূম্যধিকারিদের কিম্বা তাঁহাদের কোন জনের সেই অংশানুসারে খরচ দিতে হইবে, কিম্বা ঐ খরচ ৩৯ ধারার নির্দ্দিষ্টমতে বণ্টনকার্য্যের সাধারণ খরচের একাংশ বলিয়া জ্ঞান হইবে, ডেপুটী কালেক্টর এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

স্থানবিশেষে অনুসন্ধান লওয়ার খরচ ডেপুটী কালেক্টরের নির্দ্দেশ করিতে পারিবার কথা।

42. Upon the completion of the partition, the Collector shall make an order declaring the total cost thereof. The account shall then be adjusted, either by returning to the proprietors any sums which they may have paid in excess of the total cost, or by levying from them in the manner provided in section one hundred and thirty-eight, if necessary, any sums remaining due.

After completion of partition Collector shall declare total cost thereof.

৪২ ধারা। বণ্টন সমাপ্ত হইলে পর তাহাতে সর্ব্বসুদ্ধ যত খরচ হইয়াছে কালেক্টর সাহেব ইহা নির্দ্দেশ করণসূচক আজ্ঞা করিবেন। পরে ভূম্যধিকারিরা সেই সমুদয় খরচের অতিরিক্ত দিয়া থাকিলে সেই অধিকাংশ ফিরিয়া দিয়া, কিম্বা তাঁহাদের যে টাকা দিতে বাকী থাকে আবশ্যক হইলে ১৩৮ ধারার বিধানানুসারে তাহা আদায় করিয়া, ঐ হিসাব নিষ্পত্তি করিয়া দিবেন ইতি।

বণ্টন করা সমাপ্ত হইলে পর কালেক্টর সাহেবের মোট খরচ প্রকাশ করিবার কথা।

43. Whenever it shall appear to the Lieutenant-Governor that in any district the work required to be done by Deputy Collectors in connection with partitions under this Act is so great that such

Salary of Deputy Collectors when to be deemed part of cost of partition

৪৩ ধারা। কোন জিলার মধ্যে এই আইনমত বণ্টনকার্য্য সম্পর্কে ডেপুটী কালেক্টরদের দ্বারা যে কর্ম্ম করা প্রয়োজন এক কি কএক জন ডেপুটী কালেক্টরের হস্তে অর্পণ করা গেলে

ডেপুটী কালেক্টরদের বেতন যে স্থলে বণ্টনকার্য্যের একাংশ বলিয়া জ্ঞান হইবে তাহার কথা।

work would, if concentrated in the hands of one or more Deputy Collectors, fully occupy the time of such one or more Deputy Collectors, the Lieutenant-Governor may make an order directing that the salary of such one or more Deputy Collectors, as the case may be, shall be recovered from the proprietors of estates under partition in such district as part of the cost of such partitions, and thereupon such charge as the Collector may think fit to make in respect of such salary shall, in addition to the items mentioned in the last preceding section, be deemed to be a portion of the costs of every partition.

For the purposes of this section the salary of every Deputy Collector shall be deemed to be the amount of salary which is drawn by a Deputy Collector of the lowest grade.

সেই কার্য্যের বাহুল্যপ্রযুক্ত ঐ এক কি কএক জন ডেপুটী কালেক্টরের সম্পূর্ণ সময় হরণ হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত বোধ করিলে, ঐ জিলার অন্তর্গত বন্টনীয় মহালের ভূম্যধিকারিদের স্থানে ঐ এক কিম্বা বিষয়বিশেষে কএক জন ডেপুটী কালেক্টরের বেতন ঐ বন্টনকার্য্যের একাংশ বলিয়া লওয়া যায় এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব ঐ বেতনের উপলক্ষে যত টাকা খরচ ধরা উচিত বোধ করেন, ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত নানা দফার অতিরিক্ত তাহাও প্রত্যেক বন্টনকার্য্যের খরচের একাংশ বলিয়া জ্ঞান হইবে।

নিম্নতর শ্রেণীর ডেপুটী কালেক্টর যত টাকা বেতন পাইয়া থাকেন তাহাই এই ধারার কার্য্যপক্ষে প্রত্যেক জন ডেপুটী কালেক্টরের বেতন বলিয়া জ্ঞান হইবে ইতি।

44. For the purposes of sections thirty-nine, forty, and forty-two, the costs of any partition shall be deemed to be

What are costs leviable from proprietors.

ভূম্যধিকারিদের স্থানে খরচ বলিয়া যাহা আদায় হইতে পারে তাহার কথা।

৪৪ ধারা। ৩৯ ও ৪০ ও ৪২ ধারার কার্য্যপক্ষে বন্টনের খরচের মধ্যে এই২ খরচ ধরিতে হইবে।

(*a*) the cost of any establishments entertained for the partition under section thirty-seven, or such amount as the Collector may think proper in respect of the services of any such establishments which are entertained for the purposes of making partitions in the district;

(ক) বন্টন করিবার জন্যে ৩৭ ধারামতে যে আমলাগণ রাখা যায় তাঁহাদের খরচ, কিম্বা জিলার মধ্যে বন্টন করিবার জন্যে যে২ আমলাগণকে রাখা যায় তাঁহাদের কর্ম্মোপলক্ষে কালেক্টর সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকা।

(*b*) all contingent expenses incurred in and about the partition; and

(খ) বন্টন করণে ও তৎসম্পর্কে নৈমিত্তিক যে সকল খরচ হয় তাহা।

(*c*) such portion of the cost of any establishment entertained under section thirty-eight as the Collector may order.

(গ) ৩৮ ধারামতে যে আমলাগণকে রাখা যায় কালেকটর সাহেব তাঁহাদের খরচের যে অংশের আজ্ঞা করেন সেই অংশ ইতি।

45. Notwithstanding anything contained in the eight last preceding sections, the Lieutenant-Governor may direct that in any district a fund to be called the "Estates' Partition Fund" shall be formed, into which all sums levied from the proprietors of estates in respect of partitions of their estates shall be paid.

Lieutenant-Governor may direct "Estates' Partition Fund" to be formed.

মহালের বন্টন সম্পর্কীয় তহবীল করিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা করিবার কথা।

৪৫ ধারা। ইহার পূর্ব্ব আটটি ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বন্টনসম্পর্কীয় তহবীল" বলিয়া একটি তহবীল করিবার আদেশ দিতে পারিবেন। নানা মহালের বন্টনকার্য্যের উপলক্ষে ঐ২ মহালের ভূম্যধিকারিদের স্থানে যত টাকা আদায় হয় তৎসমুদয় ঐ তহবীলে দেওয়া যাইবে।

কোন জিলার মধ্যে সেই প্রকারের তহবীল করা গেলে, ইহার নিম্নভাগে ভাবান্তরের বিধান না থাকিলে সেই জিলার অন্তর্গত মহালের বন্টন কার্য্যের সমুদয় খরচ ঐ তহবীলহইতে দেওয়া যাইবে ইতি।

Whenever such a fund shall have been established in any district, all expenses of making partitions of estates in such district shall, except as hereinafter otherwise provided, be defrayed from such fund.

46. Whenever the Lieutenant-Governor shall have ordered an "Estates' Partition Fund" to be formed in any district, the charges leviable from the proprietors of any estate under partition may be estimated and levied according to the estimate in each case

Procedure when Estates' Partition Fund formed in any district.

কোন জিলার মহালের বন্টনসম্পর্কীয় তহবীল করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৪৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বন্টনসম্পর্কীয় তহবীল" করিবার আজ্ঞা করিলে পর, যে মহালের বন্টনকার্য্য চলিতেছে তাহার ভূম্যধিকারিদের স্থানে যত খরচ আদায় হইতে পারে, প্রত্যেক স্থলে ৩৯ ও ৪০

as provided in sections thirty-nine and forty, subject to final adjustment, as provided in section forty-two; or they may be levied according to a general scale of fees to be fixed by the Board.

ধারার বিধানমতে যে অনুমানপত্র করা যায় তদনুসারে ঐ খরচের অনুমান করা যাইতে ও তাহা আদায় হইতে পারিবে, ও ৪২ ধারার বিধানমতে তাহা চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে, অথবা বোর্ডের সাহেবেরা ফীর সাধারণ যে ফর্দ্দ করেন তদনুসারে খরচ আদায় হইবে ইতি।

47. Such scale of fees shall be fixed as nearly as may be, so that the receipts and expenditure of the said fund shall balance one another, and shall be revised from time to time by the Board for that purpose.

Scale of fees.

৪৭ ধারা। ঐ ফী লইবার নিয়ম সাধ্যমতে এমন স্থির করা যাইবে যেন ঐ তহবীলের আয় ও ব্যয় পরস্পর সমান থাকে, তদর্থে বোর্ডের সাহেবেরা সময়েং ঐ ফর্দ্দ পুনরালোচনা করিবেন।

ফীর ফর্দ্দের কথা।

Such fees shall be levied from the proprietors in such instalments and at such times during the progress of the partition as may be fixed in accordance with any rules which the Board may make in that behalf, and the provisions of section forty shall be applicable to such fees.

ঐ ফী আদায়ের বিষয়ে বোর্ডের সাহেবেরা যেং বিধি প্রণয়ন করেন, তদনুসারে যেং কিস্তি ও বণ্টনের কার্য্য চলিতেং যেং সময় নির্দ্ধারিত হয় সেইং কিস্তিমতে ও সেইং সময়ে ভূম্যধিকারিদের স্থানে ঐ ফী আদায় হইবে, ও তৎপ্রতি ৪০ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

48. An abstract of the Estates' Partition Fund of each district made up to the end of each year shall be published in the *Calcutta Gazette*, and by being posted up at the office of the Collector of the district.

Abstract of Estates' Partition Fund to be published.

৪৮ ধারা। প্রত্যেক জিলার মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাবের চুম্বক প্রতিবৎসরের অবসান পর্য্যন্ত প্রস্তুত করিয়া, কলিকাতা গেজেটে, এবং জিলার কালেক্টরী কাছারীতে লাগাইয়া প্রকাশ করা যাইবে ইতি।

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাবের চুম্বক প্রকাশ করিবার কথা।

49. For the purposes of sections forty-five, forty-six, and forty-seven, the expenses of making partitions in any district shall be deemed to be

What costs of partition chargeable to Estates' Partition Fund.

৪৯ ধারা। ৪৫ ও ৪৬ ও ৪৭ ধারার কার্য্যপক্ষে কোন জিলায় বণ্টন করিবার খরচের মধ্যে এইং খরচ ধরিতে হইবে।

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলহইতে বণ্টনের যেং খরচ লওয়া যাইবে তাহার কথা।

(*a*) the cost of all establishments entertained in the district under section thirty-seven;

(ক) ৩৭ ধারামতে জিলায় আমলাগণের যেং সিরিশ্‌তা রাখা যায় তাহার খরচ।

(*b*) all contingent expenses incurred in all partitions in the district;

(খ) জিলার মধ্যে বণ্টনের সকল কার্য্যে যে নৈমিত্তিক খরচ হয় তাহা।

(*c*) the cost of any special establishment appointed in the office of the Collector under section thirty-eight;

(গ) ৩৮ ধারামতে কালেক্টর সাহেবের আফিসে যে বিশেষ সিরিশ্‌তা নিযুক্ত করা যায় তাহার খরচ।

(*d*) such portion as the Commissioner may direct of the cost of any special establishment appointed in his office under section thirty-eight;

(ঘ) ৩৮ ধারামতে কমিশানর সাহেবের আফিসে যে বিশেষ সিরিশ্‌তা নিযুক্ত করা যায়, তিনি তাহার খরচের যে অংশের আজ্ঞা করেন সেই অংশ।

(*e*) the salary of any one or more Deputy Collectors which the Lieutenant-Governor may have ordered under section forty-three to be recovered from the proprietors of estates under partition.

(ঙ) ৪৩ ধারামতে যেং মহালের বণ্টন হইতেছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহার ভূম্যধিকারিদের স্থানে এক কি কএক জন ডেপুটী কালেক্টরের যে বেতন আদায় করিবার আজ্ঞা করেন সেই বেতন ইতি।

50. Whenever any Civil Court shall make a decree awarding or declaring any proprietary right in an estate, and shall require the Collector to make a partition of the estate, such Court may at the same time direct,

Civil Court may in certain cases order parties to pay expenses incurred in dividing an estate.

৫০ ধারা। কোন দেওয়ানী আদালত মহালে কোন অধিকারিত্ব স্বত্ব দেওয়ার কি নির্দ্দেশ করণের ডিক্রী করিয়া কালেক্টর সাহেবের প্রতি ঐ মহাল বণ্টন করিবার আজ্ঞা করিলে, ঐ আদালত সেই সময়ে এইং আজ্ঞাও করিতে পারিবেন,—

মহাল বিভাগ করণার্থে যে খরচ হয় স্থলবিশেষে উভয় পক্ষের সেই খরচ দিতে দেওয়ানী আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

that the party or parties who may have withheld the right so decreed shall defray the whole of the

যে স্বত্বের ডিক্রী হইল, যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা অবরোধ করিলেন, ঐ বণ্টনকার্য্যে ও তৎসম্পর্কে যত

expense which may be incurred in and about the partition, or the whole of the fees payable in respect of the partition under section forty-six,

or that the said expenses or fees shall be defrayed by all or any of the parties to the suit in which the decree was made in such proportions as the Court may, from a consideration of the particular circumstances of the case, deem equitable.

Copies of all orders which the Court may pass under this section shall be transmitted to the Collector for his guidance, together with the precept which the Court may issue to him, requiring him to divide the estate; and the Collector shall levy the said expenses and fees from the parties in the proportion ordered by such Court in the same manner and by the same means as if the levy of such expenses and fees had been ordered by the Collector.

টাকা খরচ হয় তিনি কি তাঁহারাই সেই সমুদয় খরচ, কিম্বা ৪৬ ধারামতে ঐ বণ্টনের উপলক্ষে যত ফী দিতে হয় সেই সমুদয় ফী দেন।

অথবা যে মোকদ্দমায় ডিক্রী করা গেল, আদালত সেই মোকদ্দমার বিশেষ ভাবগতিক বিবেচনায় উভয় পক্ষের অন্তর্গত সকল কি কোন২ ব্যক্তির ঐ খরচের কি ফীর যে২ অংশ দেওয়া ন্যায্য জ্ঞান করেন তাঁহারা সেই২ অংশ দেন।

আদালত কালেক্টর সাহেবের নামে মহাল বিভাগ করিবার আজ্ঞাসূচক যে পরওয়ানা দেন তাহার সঙ্গে এই ধারামতে যে সকল আজ্ঞা করেন তাহারও সকল কালেক্টর সাহেবের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে তাঁহার নিকট পাঠান যাইবে, এবং কালেক্টর সাহেব ঐ২ খরচের ও ফীর আজ্ঞা করিলে যে প্রকারে ও যে২ উপায় দ্বারা তাহা আদায় করিতেন, আদালত যে২ অংশানুসারে তাহা আদায় করিতে আজ্ঞা করেন কালেক্টর সাহেব সেই প্রকারে ও সেই২ উপায় দ্বারা ঐ২ ব্যক্তিদের স্থানে সেই অংশানুসারে ঐ২ খরচ ও ফী আদায় করিবেন ইতি।

PART V.

Of the Partition Proceedings up to the adoption of a Rent-roll and Measurement Papers.

As soon as estate declared to be under partition, Deputy Collector shall cause notification to be published.

51. As soon as the Collector shall have made an order under section thirty-one declaring an estate to be under partition, the Deputy Collector shall cause a notification to be published in the manner prescribed by section one hundred and thirty-four, and shall also cause copies thereof to be posted up at the Court of the Judge of the district in which any lands appertaining to the parent estate are known to be situated, and at the Court of every Munsif and of every Sub-divisional Officer within the jurisdiction of whom, and at every Police Station within the jurisdiction of which, any such lands are known to be situated, intimating his intention to proceed with the partition, and requiring all the proprietors of the estate to produce before a certain date, being not less than forty days from the date of such notification, either jointly or separately, copies of their rent-rolls and statements of the rents collected during each of the three years next preceding, and also copies of any measurement papers of the estate which may be in their possession.

A notice to the same effect shall also be served as provided in section one hundred and thirty-five on each proprietor of the parent estate.

পঞ্চম ভাগ।

